Free @ www.e-ilm.weebly.com

আবূ মুহাম্মদ আল কাসিম ইবনে আলী আল হারীরী আল বসরী

৮০৪

المقامات الحريرية

মাকামাতে হারীরী

অনুবাদ ও বিশ্লেষণ

মাওলানা আহমদ মায়মূন

সিনিয়র মুহাদ্দিস, জামিয়া শারইয়্যাহ মালিবাগ, ঢাকা ১২১৭

ইসলামিয়া সম্পাদনা পর্ষদ কর্তৃক সম্পাদিত

প্রকাশনায়

ইসলামিয়া কুতুবখানা

৩০/৩২ নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা ১১০০

Free @ www.ilmweebly.com

বাংলা মাকামাতে হারীরী

অনুবাদ ও বিশ্লেষণ ❖ মাওলানা আহমদ মায়মূন

সম্পাদনায় ❖ ইসলামিয়া সম্পাদনা পর্ষদ

প্রকাশক ❖ মাওলানা মুহাম্মদ মুস্তফা

সৌন্দর্য বর্ধনে ❖ মাহমূদ হাসান কাসেমী

শব্দবিন্যাস ❖ আল মাহমূদ কম্পিউটার হোম, ৩০/৩২ বাংলাবাজার, ঢাকা ১১০০

মুদ্রণে ❖ ইসলামিয়া অফসেট প্রেস, প্যারীদাস রোড, ঢাকা ১১০০

হাদিয়া ❖ ৩০০.০০ [তিনশত টাকা মাত্র]

দ্বিতীয় সংস্করণ সম্পর্কে অনুবাদক ও বিশ্লেষকের কথা

Free @ www.e-ilm.weebly.com

আল্লাহ তা'আলার অপরিসীম অনুগ্রহ যে, তিনি আমার অনুবাদ ও বিশ্লেষণকৃত মাকামাতে হারীরীকে বাংলাদেশের কওমী মাদরাসার ছাত্র শিক্ষকদের মহলে বিপুল সমাদৃতি দান করেছেন। এর শুকরিয়া আদায় করার ভাষা বা ক্ষমতা আমার নেই। আমার অনুবাদ ও বিশ্লেষণটির সমাদৃতি দেখে কেউ কেউ আমার হুবহু অনুবাদটিকে এদিক-সেদিক করে এবং সামান্য কিছু সংযোজন-বিয়োজন করে প্রকাশ করেছেন, কিন্তু তারা উদ্ধৃতি দেওয়া বা ঋণ স্বীকারের সৌজন্যবোধটুকু প্রকাশের প্রয়োজনীয়তাবোধ করেননি। সাথে সাথে এমন কিছু ভুল ব্যাখ্যা-বিশ্লেষণ করেছেন, যা সংশ্লিষ্ট ব্যক্তিটির জ্ঞানের পরিধির পরিচয় বহন করার পাশাপাশি গ্রন্থটির মানও ক্ষুণ্ন করেছে। ফলে আমি আমার পূর্বের কাজটিতে বেশ কিছু তথ্য ও ব্যাখ্যা-বিশ্লেষণ সংযোজন করে অধিকতর বিশুদ্ধ ও সমৃদ্ধ আকারে নতুন সংস্করণ প্রস্তুত করতে প্রয়াসী হয়েছি। এতে পূর্ণ দশটি মাকামারই শাব্দিক অনুবাদ সংযোজন করা হয়েছে এবং প্রথম পাঁচ মাকামায় শব্দবিশ্লেষণ আগের চেয়ে দ্বিগুণ হয়েছে। প্রত্যেক মাকামার শুরুতে তার সারসংক্ষেপ সংযোজন করা হয়েছে। বেফাকুল মাদারিসের প্রশ্নাবলির আলোকে শব্দবিশ্লেষণে মাওয়াদ বা উৎস সংযুক্ত করা হয়েছে। প্রথম পাঁচটি মাকামার প্রত্যেকটির শেষে প্রশ্নাকারে অনুশীলনী যোগ করা হয়েছে। মোটকথা, এ নতুন সংস্করণটি আগের তুলনায় অনেক বেশি সমৃদ্ধ, পরিমার্জিত ও সুন্দর করার চেষ্টা করা হয়েছে। আল্লাহ তা'আলার কাছে আশা করি, এ সংস্করণটিও পূর্বের ন্যায় সমাদৃত হবে। আমীন!

আরজ গুজার

০১. ১০. ২০০৯ ইং

আহমদ মায়মূন
জামিয়া শারইয়্যাহ মালিবাগ, ঢাকা ১২১৭

সলাম

প্রথম সংস্করণ সম্পর্কে অনুবাদক ও বিশ্লেষকের কথা

Free @ www.e-ilm.weebly.com

الحمد لله رب العالمين، والصلاة والسلام على سيد المرسلين، وعلى آله وأصحابه أجمعين، أمّا بعد :

প্রাচীন আরবি গদ্য সাহিত্যের স্বীকৃত সাহিত্যমানসম্পন্ন একটি অনবদ্য গ্রন্থ মাকামাতে হারীরী। আধুনিক আরবি সাহিত্যের অনুপ্রাসহীন স্বচ্ছন্দ গতির রীতি-ধারা প্রবর্তিত হওয়ার পূর্ব পর্যন্ত হারীরী আরবি সাহিত্যের লেখক ও পাঠক সমাজকে শুধু প্রভাবান্বিতই করেননি; বরং এক রকম মন্ত্রমুগ্ধ ও মোহাবিষ্ট করে রেখেছিলেন বহু শতাব্দীকাল যাবৎ। এ সময় তাঁর অনুকরণবিহীন সাহিত্যের পক্ষে স্বীকৃতির সনদ পাওয়া ছিল খুবই কঠিন। হারীরী আরবি সাহিত্যের এ অনুপ্রাসময় রীতির প্রবর্তক বা পথিকৃত না হলেও তিনি যে অগ্রণী অনুসৃত এতে কোনো সন্দেহ নেই। তাঁর মাকামাতের অনুকরণে বহু মাকামাত রচিত হয়েছে, কিন্তু কোনোটিই হারীরীর মাকামাতের মানে উত্তীর্ণ ও স্বীকৃত হয়নি।

হারীরীর মাকামাত গ্রন্থখানি রচিত হওয়ার পর থেকে নয়শ' বছরের অধিককাল যাবৎ এটি পাঠ্যসূচির অন্তর্ভুক্ত হয়ে আছে। এ দীর্ঘ সময়ে লাখো আরবি শিক্ষার্থীর সাহিত্য-প্রতিভা বিনির্মাণে এ গ্রন্থখানি বলিষ্ঠ ভূমিকা রেখেছে এবং অজস্র মনীষার জন্ম দিয়েছে, যারা পরবর্তীতে আরবি রচনা ও সাহিত্যের ক্ষেত্রে কালজয়ী অবদান রেখেছেন। এ কারণে গুরুত্বের সাথে গ্রন্থখানির পাঠদান ও পাঠগ্রহণ করা হয়ে থাকে।

মাকামাতের গদ্যরীতি ও রচনাশৈলী বর্তমান আরবি সাহিত্যে অনেকটা অপ্রচলিত হলেও তার শব্দমালা তো আর অপ্রচলিত হয়ে যায়নি। কাজেই গ্রন্থখানির আবেদন এবং অবদান-ক্ষমতাও ফুরিয়ে যায়নি। আর কোনো কালে এর আবেদন একেবারে নিঃশেষিত হয়ে যাবে বলেও মনে হয় না। কারণ মাকামাতে হারীরীতে আনুমানিক ৯০% এরূপ শব্দ ব্যবহৃত হয়েছে, যেগুলো অবিকলভাবে অথবা তার শব্দমূল পবিত্র কুরআন ও হাদীসে ব্যবহৃত হয়েছে। সুতরাং কুরআন ও হাদীসের অর্থ ভাষাগতভাবে যথাযথ অনুধাবন করার জন্যও গ্রন্থখানির গুরুত্ব অপরিসীম। অধিকন্তু গ্রন্থখানি আরবি ভাষার অসংখ্য কঠিন শব্দ আয়ত্ত করা ছাড়াও ইলমুন নাহব ও ইলমুল বালাগাতের অগণিত নিয়মাবলি চর্চার একটি সমন্বিত সহজ অবলম্বন।

মাকামাত গ্রন্থখানি পড়ানোর সুযোগ হয়েছে কয়েক বছর ধরে। শব্দে শব্দে অনুবাদ ধরিয়ে দেওয়ার প্রয়োজনে ক্লাসে যে আক্ষরিক ও শব্দানুগ তরজমা করতাম, ছাত্ররা ক্লাসে বসেই স্বেচ্ছায় তা লিখে ফেলত এবং সংরক্ষণ করত। পরে অনেকের কাছে আমার সেই ভাঙ্গাচুরা তরজমাটি সমাদৃত হয়েছে। এজন্য আমি আল্লাহ তা'আলার কাছে কৃতজ্ঞ। উল্লেখ্য যে, আমার এ তরজমা যারা প্রথম লিপিবদ্ধ করেছেন তাদের অন্যতম আমার মাকামাতের দরসের প্রথম বর্ষের ছাত্র অছিউর রহমান। তার খাতা থেকে আমাকে অনুলিপি তৈরি করে দিয়েছেন পরবর্তী বছরের দরসে মাকামাতের ছাত্র মাহবুবুর রহমান ও রেজাউল করিম। তারা এখন অনেক বড় বড় আলেম ও মুহাদ্দিস এবং আপন আপন ক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত। আমি তাদের কাছে কৃতজ্ঞ। আল্লাহ তা'আলা তাদের উত্তম জাযা দান করুন। তারা লিপিবদ্ধ করে না রাখলে আমাকে হয়তো তরজমাটি নতুন করে লিখতে হতো। তরজমাটি মাতৃভাষায় আরবি সাহিত্যচর্চায় অনুরাগী মাকামাত-পাঠক ছাত্রদের কিছুটা কাজে আসতে পারে, এ আশায় অনেকে তরজমাটি মুদ্রিত আকারে দেখতে চেয়েছেন। এটি মূলত সেই তরজমারই উন্মুক্ত অবয়ব।

অনেকে অনুরোধ করেছেন, ক্লাসে যে আঙ্গিকে পড়াতাম, শব্দবিশ্লেষণ করতাম, সেভাবে উপস্থাপন করতে। তাঁদের অনুরোধে আমারও আগ্রহ জাগ্রত হয়। ফলে আমি নাতিদীর্ঘ শব্দবিশ্লেষণ সহকারে কাজটিতে হাত দেই। এতে যথেষ্ট কালক্ষেপণ হচ্ছে দেখে কেউ কেউ আবার যত তাড়াতাড়ি সম্ভব তরজমাটি ছাপিয়ে দেওয়ার আবদার করেন। তাই কিছু দূর অগ্রসর হওয়ার পর পুনরায় শব্দবিশ্লেষণের পরিসর সংকুচিত করে কাজ শুরু করি এবং এভাবেই আল্লাহ তা'আলার মেহেরবানিতে কাজটি সমাপ্ত হয়।

এভাবে কাজটি কম্পোজের জন্য পাঠাবার পর আবার অনেকে পরামর্শ দেন, প্রথমে বিস্তারিত আকারে কিতাবের যে অংশের শব্দবিশ্লেষণ তৈরি করা হয়েছে তা থেকে মূল কিতাবের ভূমিকা অংশটুকু এর সাথে যোগ করে দিতে। এসব অনুরোধ ও পরামর্শ রক্ষা করতে গিয়ে আমার রচনার মুখশ্রী দুধরনের হয়ে গেছে। এরূপ করার জন্য আমি কিছুটা বাধ্য হয়েছি।

কিতাবের ভূমিকায় শব্দবিশ্লেষণ যেহেতু কিছুটা বিস্তারিত আকারে করা হয়েছে তাই যে সকল শব্দ একাধিকবার ব্যবহৃত হয়েছে সেগুলোর বিশ্লেষণ প্রথম ব্যবহারস্থলে একবার দেওয়া হয়েছে এবং পরবর্তী জায়গাগুলোতে পূর্ববর্তী স্থানের বরাত দেওয়া হয়েছে। কিন্তু মাকামা অংশে শব্দবিশ্লেষণ সংক্ষিপ্ত আকারে উপস্থাপিত করার কারণে যেখানে কোনো শব্দের পুনর্ব্যবহার হয়েছে সেখানে বিশ্লেষণও পুনরায় দেওয়া হয়েছে। কেবল কোনো শব্দ কাছাকাছি জায়গায় একাধিকবার ব্যবহৃত হয়ে থাকলে সে ক্ষেত্রে শব্দবিশ্লেষণ শুধু প্রথমটার দেওয়া হয়েছে।

পূর্বেই বলা হয়েছে যে, এ তরজমাটি যেহেতু ছাত্রদেরকে ক্লাসে শব্দে শব্দে তরজমা ধরিয়ে দেওয়ার জন্য শব্দানুগ ও আক্ষরিকভাবে করা হয়েছে, তাই এতে বাংলা ভাষার সাবলীলতা ও স্বাচ্ছন্দ্যভাব অনেক ক্ষেত্রে ব্যাহত হয়েছে। তরজমা ছাত্রদের কাছে শব্দে শব্দে বোধগম্য করে তোলার জন্য আমি এরূপ তরজমা করার পক্ষপাতী। কারণ ভাবানুবাদ ও সাবলীল তরজমা হৃদয়গ্রাহী ও সুখপাঠ্য হয় বটে, তবে এতে শব্দের প্রকৃত অর্থ অনুধাবনে ছাত্রদের অসুবিধা হয়। তাই তাদের সুবিধার্থে আমার এরূপ তরজমা করা। তবু যেখানে তরজমা একেবারে বিরস মনে হয়েছে সেখানে বন্ধনীর মধ্যে সোজা-সাবলীল ভাবার্থটাও দিয়ে দিয়েছি।

শব্দবিশ্লেষণের ক্ষেত্রে আমি প্রধানত আরবি থেকে আরবি অভিধানসমূহের উপর চূড়ান্ত নির্ভর করেছি। প্রয়োজনে আরবি-উর্দু অভিধানসমূহেরও সাহায্য নিয়েছি। আমি শব্দ বিশ্লেষণ কমবেশি যাই করেছি, অভিধানসমূহ ঘেঁটে পূর্ণ নিশ্চিত হয়ে লেখার চেষ্টা করেছি। তবু নিজের অযোগ্যতা ও অসতর্কতা হেতু এতে অবশ্যই ভুল-ত্রুটি থাকতে পারে এটা আমি অকপটে স্বীকার করছি। এ ধরনের কোনো ভুল-ত্রুটি সম্পর্কে কোনো সুহৃদ বন্ধু আমাকে অবহিত করলে অথবা কোনোভাবে আমার দৃষ্টিগোচরে আসলে তা সংশোধন করে দেওয়ার ব্যাপারে আমি আন্তরিক রয়েছি। অভিধানের বর্ণনার বিভিন্নতার ক্ষেত্রে লিসানুল আরব ও আল মু'জামুল ওয়াসীতসহ আরবি ভাষার অন্যান্য মৌলিক প্রামাণ্য অভিধানসমূহ ছিল আমার শেষ অবলম্বন।

অনুবাদের ভাষা ছাত্রদের কারো কারো কাছে হয়তো কিছুটা কঠিন মনে হতে পারে, তবে মূল গ্রন্থের শব্দের ওজস্বিতার প্রতি লক্ষ্য করে এবং মূল গ্রন্থের অনুরূপ আরবি শব্দ সঞ্চয়ের পাশাপাশি ছাত্রদের মাতৃভাষারও কিছুটা শব্দ সঞ্চয়ের সহযোগিতা হবে, এ বিবেচনা করে একেবারে আটপৌরে শব্দ ব্যবহার করতে যাইনি। তবু যথাসাধ্য মাকামাত গ্রন্থখানির কাঠিন্য দূরীভূত করে সহজবোধ্য করে তোলার চেষ্টা করেছি, যাতে তারা মাকামাত পাঠের মাধ্যমে আরবির অসংখ্য কঠিন শব্দ সঞ্চয়ের প্রতি ব্রতী হয়।

Free @ www.e-ilm.weebly.com

আরবি সাহিত্যের প্রারম্ভিক বিষয়াদি, মাকামা সাহিত্য, মাকামাত ও হারীরী সম্পর্কে বাংলা ভাষায় একটি নাতিদীর্ঘ ভূমিকা জুড়ে দিয়েছি। হয়তো উৎসাহী পাঠকের তাতে কিছুটা প্রাপ্তি থাকতে পারে।

বালাগাত আলোচনা মাকামাত পাঠদানের একটি অবিচ্ছেদ্য প্রসঙ্গ। অনেক বিজ্ঞ শিক্ষক অন্তত শিক্ষাবর্ষের শুরুতে হলেও এ সম্পর্কে কিছুটা আলোকপাত করে থাকেন। আমার ইচ্ছা ছিল, পুরো দশ মাকামায় [যা আমাদের অধিকাংশ কওমী মাদরাসার নিসাব] বালাগাতের আলোচনা করব। কিন্তু কাজটি ছিল সময় সাপেক্ষ। তাই সময় স্বল্পতার কারণে পাঁচ মাকামায় বালাগাত সম্পর্কে যৎকিঞ্চিৎ আলোচনা করা হয়েছে।

এমনিভাবে কুরআন, হাদীস, জাহিলি যুগের কবি ও আরবি সাহিত্যের স্বীকৃত ভাষাবিদ পণ্ডিতদের উক্তি থেকে মাকামাতের প্রতিটি শব্দের যথার্থ ব্যবহার ও প্রয়োগস্থল (استشهاد) উপস্থাপন করাও মাকামাত পাঠদানের ক্ষেত্রে একটি জরুরি বিষয়। এ কাজটিও প্রথম পাঁচ মাকামায় কিছুটা করতে প্রয়াস পেয়েছি।

মূলগ্রন্থের ভূমিকার পর মাকামা অংশে বাহ্যত শব্দবিশ্লেষণ কম দেখালেও কমপক্ষে ইসমের ক্ষেত্রে প্রতিটি শব্দের একবচন-বহুবচন এবং ফে'লের ক্ষেত্রে বাব, মাসদার, মাদ্দাহ, মুরাদিফ ও বিপরীত শব্দ ইত্যাদি বিষয় ছাড়াও আরো অন্যান্য জরুরি কিছু তথ্য সংকেতের মাধ্যমে পেশ করা হয়েছে। তাতে কলেবর সংক্ষিপ্ত হলেও আশা করি প্রয়োজনীয় বিশ্লেষণ একেবারে কম হবে না।

যারা আমার এ কাজটুকু সর্বাঙ্গীন সুন্দর করার জন্য আন্তরিক পরামর্শ দিয়েছেন, যারা আমাকে ভালোবাসেন বলে কাজের বিভিন্ন পর্যায়ে অনুরোধ-উপরোধের ডালি নিয়ে হাজির হয়েছেন, কাজে বিলম্ব হচ্ছে দেখে ভালোবাসাপূর্ণ তিরস্কারের কষাঘাতে আমার কাজে গতি সঞ্চারের চেষ্টা করেছেন সেসব বন্ধুদের নাম উচ্চারণ করে চিহ্নিত না করলেও আজ তাদেরকে বিনীতভাবে স্মরণ করছি। তাদের আন্তরিক পরামর্শ ও ভালোবাসার জন্য সকলকে আমার অকুণ্ঠ ধন্যবাদ। ভূমিকাটি লেখার পর মালিবাগ জামিয়ার অন্যতম মুহাদ্দিস, গবেষক ও লেখক বন্ধুবর মাওলানা আ. ব. ম. সাইফুল ইসলাম সাহেব তাঁর মূল্যবান সময় ব্যয় করে তা দেখে দিয়েছেন এবং জরুরি কিছু পরামর্শ দিয়েছেন, এজন্য তাঁকে জানাই আন্তরিক শুকরিয়া। অশেষ মুবারকবাদ জানাই ইসলামিয়া কুতুবখানার স্বত্বাধিকারী আলহাজ মাওলানা মোস্তফা সাহেবকে, আমার রচনা কাজে বিলম্ব হওয়া সত্ত্বেও তিনি ধৈর্য ও আন্তরিকতা সহকারে গ্রন্থখানি ছাপানোর জন্য এগিয়ে এসেছেন। আল্লাহ তা'আলা তাঁর আন্তরিকতা ও ইখলাসটুকু কবুল করুন। পরিশেষে কায়মনোবাক্যে দোয়া করি, হে আল্লাহ! আপনি নিজ অনুগ্রহে এ বান্দার শ্রমটুকু কবুল করুন! তার ভুল-ত্রুটি ক্ষমা করে দিন এবং এ কাজটুকু দ্বারা ছাত্রদের যথাযথ উপকৃত করুন! হে আল্লাহ! আপনি যদি এই মিনতি কবুল করেন, সেটাই হবে আমার বড় সফলতা।

আরজ গুজার

১২. ০১. ২০০০ ইং

আহমদ মায়মূন

জামিয়া শারইয়্যাহ মালিবাগ, ঢাকা ১২১৭

Free @ www.eilm.weebly.com

বিষয়-সূচি

Free @ www.e-ilm.weebly.com

বিষয়	পৃষ্ঠা
ভূমিকা	
أدب -এর আভিধানিক অর্থ	১১
علوم الأدب -এর প্রকারভেদ	১১
علم الأدب -এর পারিভাষিক সংজ্ঞা [প্রাচীন ভাষাবিদদের দৃষ্টিতে]	১২
أدب -এর পারিভাষিক সংজ্ঞা	১২
শিষ্টাচার অর্থে أدب -এর পারিভাষিক অর্থ	১৩
أدب -এর নামকরণ	১৩
علم الأدب -এর আলোচ্য বিষয়	১৩
علم الأدب -এর লক্ষ্য ও উদ্দেশ্য	১৪
সর্বপ্রথম ভাষা	১৫
আরবি ভাষার মর্যাদা	১৬
أدب -এর মর্যাদা	১৭
أدب শব্দটি ব্যবহারের ঐতিহাসিক সমীক্ষা	১৮
আরবি সাহিত্যের ইতিহাস	
জাহিলী যুগ ও জাহিলী যুগের গদ্য সাহিত্য	২০
জাহিলী যুগের কবিতা	২০
ইসলামের বিস্তার যুগ ও বনূ উমায়্যার শাসনামলে গদ্য সাহিত্য	২১
ইসলামের বিস্তার যুগে কবিতা	২১
সাহাবায়ে কেরামের মধ্যে যারা কাব্য চর্চা করেছেন	২২
কাফিরদের মধ্যে কাব্য চর্চাকারী	২২
বনূ উমায়্যার শাসনামলে কবিতা	২২
বনূ আব্বাসিয়ার যুগ	২২
বনূ আব্বাসিয়ার যুগে গদ্য লেখকগণের স্তরভেদ	২২
প্রথম স্তর	২২
দ্বিতীয় স্তর	২২

বিষয়	পৃষ্ঠা

তৃতীয় স্তর ২২
চতুর্থ স্তর ২২
আব্বাসী যুগে কবিতা ২২
আব্বাসী যুগে যারা শামে কাব্যচর্চা করেছেন ২৩
আব্বাসী যুগে যারা আন্দালুসে কাব্যচর্চা করেছেন ২৩
ফাতেমী শাসনামলে মিসরে কাব্যচর্চা ২৩
তুর্কী যুগ ২৩
তুর্কী যুগে যারা কাব্যচর্চা করেছেন ২৩
আধুনিক যুগ ২৩
আধুনিক যুগে গদ্য সাহিত্য ২৩
আধুনিক যুগে কাব্য ২৩
আরবি সাহিত্যের রুকন চতুষ্টয় ২৪
কবিদের স্তরভেদ ২৪
কবিদের স্তরভেদ বর্ণনায় আহমদ হাসান যায়্যাতের অভিমত ২৪
লেখক পরিচিতি ২৫
বদীউয যামান হামাদানীর পরিচিতি ২৯

মাকামা সাহিত্য ও মাকামাতে হারীরী

মাকামা'র সংজ্ঞা ৩৩
মাকামা রচনার ইতিহাস ৩৩
মাকামাতে হারীরীর রচনাকাল ৩৬
মাকামা রচনার ধরন ৩৬
মাকামাতে হারীরীতে ধাঁধা সাহিত্য ৩৮
মাকামাতে হারীরী রচনার প্রেক্ষাপট ৩৮
আল্লামা ইবনুল জাওযীর বর্ণনা ৩৮
ঐতিহাসিক ইবনে খাল্লিকানের অভিমত ৩৮
হারীরীর মাকামাত রচনা সম্পর্কে ভিন্ন রকম বর্ণনা ৩৮

Free @ www.e-ilm.weebly.com

বিষয়	পৃষ্ঠা
পর্যালোচনা	৩৯
অপবাদ	৪০
মাকামাতে হারীরীর রেওয়ায়েত	৪০
আবূ যায়েদ সারূজীর পরিচয়	৪১
সাহিত্যিকদের দৃষ্টিতে মাকামাতে হারীরী	৪৪
মাকামাতে হারীরীর সাহিত্য সমালোচনা	৪৫
মাকামাতে হারীরীর দরস	৪৬
মাকামাতে হারীরী : যত্ন ও কর্ম	৪৭
মূল গ্রন্থ	
গ্রন্থকারের ভূমিকা	৫৯
প্রথম মাকামা : সান'আর গল্প	১৬৯
দ্বিতীয় মাকামা : হুলওয়ানের গল্প	২১৫
তৃতীয় মাকামা : স্বর্ণমুদ্রার গল্প	২৬৭
চতুর্থ মাকামা : দিময়াতের গল্প	৩০৫
পঞ্চম মাকামা : কূফার গল্প	৩৫৫
ষষ্ঠ মাকামা : মারাগার গল্প	৪০৫
সপ্তম মাকামা : বারকা'ঈদের গল্প	৪৫৫
অষ্টম মাকামা : মা'আররার গল্প	৪৮৭
নবম মাকামা : ইসকান্দারিয়ার গল্প	৫১৭
দশম মাকামা : রাহবার গল্প	৫৫৩

Free @ www.e-ilmweebly.com

Free@ www.e-ilm.weebly.com

যে সকল অভিধান ও গ্রন্থের সাহায্য নেওয়া হয়েছে

১. লিসানুল আরব – ইবনে মানজূর
২. আল মু'জামুল ওয়াসীত – লাজনাতুম মিনাল লুগাবিয়্যীন
৩. আল মুফরাদাত ফী গারীবিল কুরআন – ইমাম রাগিব আল আসফাহানী
৪. আকরাবুল মাওয়ারিদ – সাঈদ শারতূনী ইয়াসূয়ী
৫. আন নিহায়া ফী গারীবিল হাদীস – ইবনুল আছীর
৬. আল মুনজিদ [আরবি-আরবি] – লুওয়াইস মা'লূফ ইয়াসূয়ী
৭. আর রায়েদ – জুবরান মাসউদ
৮. আল মু'জামূল ওয়াজীয – লাজনাতুম মিনাল লুগাবিয়্যীন
৯. মু'জামী আল হাই – সুহাইল হাসীব সামাহা
১০. লুগাতুল কুরআন – মাওলানা মুহাম্মদ আব্দুর রশীদ নু'মানী
১১. আল মুনজিদ [আরবি-উর্দূ] – উলামা কমিটি
১২. মিসবাহুল লুগাত – মাওলানা আব্দুল হাফীজ বলিয়াবী
১৩. শারহুল মাকামাত – আহমদ ইবনে আব্দুল মু'মিন শারীশী
১৪. আত তা'লীকাতুল আরাবিয়্যাহ – মাওলানা মুহাম্মদ ইদরীস কান্ধলবী
১৫. আল মু'জামুল মুফাহরাস [কুরআন মাজীদ] – মুহাম্মদ ফুওয়াদ আব্দুল বাকী
১৬. আল মু'জামুল মুফাহরাস [হাদীস শরীফ] – এ. জে. উইনসিংক সম্পাদিত

এ ছাড়াও মাকামাতের অন্যান্য উর্দূ শরাহসমূহ

শব্দবিশ্লেষণে ব্যবহৃত সংকেতাবলি

(و) واحد
(تث) تثنية
(ج) جمع
(جج) جمع الجمع
(مص) مصدر
(فا) اسم فاعل
(مف) اسم مفعول
(صف) اسم صفت
(مب) اسم مبالغة
(مج) مجهول
(مذ) مذكر
(مؤ) مؤنث

(ن) نصر ينصر
(ض) ضرب يضرب
(س) سمع يسمع
(ف) فتح يفتح
(ك) كرم يكرم
(ح) حسب يحسب
জ. জমা
জ. জ. জমউল জমা
ও. ওয়াহেদ

Free @ www.e-ilm.weebly.com

ভূমিকা

أَدَبٌ -এর আভিধানিক অর্থ :

أَدَبَ (ض) أَدْبًا : দাওয়াতের খাবারের আয়োজন করা। أَدَبَ الْقَوْمَ : খাওয়ার জন্য দাওয়াত দেওয়া। أَدَبَ الْقَوْمَ عَلَى الْأَمْرِ : কোন বিষয়ে আহবান করা। أَدَبَ فُلَانًا : উৎকৃষ্ট নৈতিকতা ও আচার-আচরণের প্রশিক্ষণ দেওয়া, সদ্গুণের প্রতি উদ্বুদ্ধ করা।

مَأْدَبَةٌ ، مَأْدُبَةٌ : দাওয়াতের জন্য প্রস্তুতকৃত খাবার। জ. مَآدِبُ হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা.) বর্ণিত এক হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন–

إِنَّ هٰذَا الْقُرْآنَ مَأْدُبَةُ اللّٰهِ تَعَالٰى فِي الْأَرْضِ فَتَعَلَّمُوْا مِنْ مَأْدُبَتِهٖ

"নিশ্চয় এ কুরআনপাক পৃথিবীর বুকে আল্লাহ তা'আলা কর্তৃক পরিবেশিত জ্ঞানের খোরাক। সুতরাং তোমরা তাঁর পরিবেশিত জ্ঞানের খোরাক থেকে জ্ঞান আহরণ কর।"

أَدُبَ (ك) أَدَبًا : সদগুণে গুণান্বিত হওয়া, সাহিত্যিক হওয়া। أَدِيْبٌ : সাহিত্যিক। آدَبَ (إِفْعَال) إِيْدَابًا : দাওয়াতের খাবারের আয়োজন করা। آدَبَ الْقَوْمَ : খাওয়ার জন্য দাওয়াত দেওয়া।

أَدَّبَ (تَفْعِيْل) تَأْدِيْبًا : উত্তম নৈতিকতা শিক্ষা দেওয়া। সাহিত্যের জ্ঞান দেওয়া। মন্দ কর্মের শাস্তি দেওয়া। أَدَّبَ الدَّابَّةَ -বাহনজন্তুকে প্রশিক্ষণ দেওয়া ও বশীভূত করা।

أَدَّبَهُ : জ্ঞান শিক্ষা দেওয়া। যেমন আরবি ভাষাবিদ যাজ্জাজ বলেন–

هٰذَا مَا أَدَّبَ اللّٰهُ بِهٖ نَبِيَّهٗ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيْ عَلَّمَهٗ بِهٖ

অর্থাৎ আল্লাহ তা'আলা তাঁর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ জ্ঞান শিক্ষা দিয়েছেন।

تَأَدَّبَ (تَفَعُّل) تَأَدُّبًا এবং اِسْتَأْدَبَ (اِسْتِفْعَال) اِسْتِئْدَابًا ভদ্র ও শিষ্ট হওয়া। সাহিত্যের জ্ঞান হাসিল করা। تَأَدَّبَ عَنْ فُلَانٍ : কারও সদ্গুণের অনুকরণ করা। تَأَدَّبَ بِهٖ : অনুসরণ করা। الْآدِبُ : দাওয়াতের খাবারের আয়োজক ও আহবায়ক।

যেমন– কবি তারাফা বলেন, نَحْنُ فِي الْمَشْتَاةِ نَدْعُو الْجَفَلٰى ✽ لَا تَرَى الْآدِبَ فِيْنَا يَنْتَقِرُ

আমরা শীতকালে শ্রেণি নির্বিশেষে সর্বস্তরের মানুষকে খাবারের দাওয়াত দেই। তুমি আমাদের মধ্যে খাবারের আমন্ত্রণকারীকে দেখবে না যে, সে কাউকে বাদ দিয়ে কাউকে দাওয়াত করছে। –[লিসানুল আরব, ১ খণ্ড, পৃ. ৯৩]

الْأَدَبُ : ১. শিক্ষা দীক্ষা মুতাবিক যথাযথভাবে আত্মার পরিশীলন, শিষ্টাচার।

২. নীতিমালা, যা কোনো শিল্পী বা পেশাজীবী তার শিল্প ও পেশার ক্ষেত্রে অনুসরণ করে চলে।

যেমন : أَدَبُ الْقَاضِيْ : বিচারকের নীতিমালা, أَدَبُ الْكَاتِبِ : লেখকের নীতিমালা।

৩. সাহিত্য, উৎকৃষ্ট গদ্য ও পদ্য।

عُلُوْمُ الْأَدَبِ -এর প্রকারভেদ :

عُلُوْمُ الْأَدَبِ প্রধানত দুই শ্রেণিতে বিভক্ত : ১. أُصُوْلُ عِلْمِ الْأَدَبِ ২. فُرُوْعُ عِلْمِ الْأَدَبِ

أُصُوْلُ عِلْمِ الْأَدَبِ আট প্রকার : ১. اَللُّغَةُ [শব্দমালা], ২. اَلصَّرْفُ [শব্দ প্রকরণ], ৩. اَلْاِشْتِقَاقُ [নিষ্পন্ন শাস্ত্র], ৪. اَلنَّحْوُ [ব্যাকরণ], اَلْمَعَانِيْ [শব্দতত্ত্ব], ৬. اَلْبَيَانُ [বাক্য প্রয়োগ-জ্ঞান], ৭. اَلْعَرُوْضُ [ছন্দ শাস্ত্র], ৮. اَلْقَافِيَةُ [পদ্যের অন্তমিল-জ্ঞান]।

Free @ www.e-ilm.weebly.com

فُرُوْعُ عِلْمِ الْأَدَبِ **চার প্রকার :** ১. رَسْمُ الْخَطِّ [লিপি-জ্ঞান], ২. قَرْضُ الشِّعْرِ [কাব্য রচনা], ৩. إِنْشَاءُ النَّثْرِ [গদ্য রচনা], ৪. اَلْمُحَاضَرَاتُ [ভাষণ বক্তৃতা উপস্থাপনা]।

প্রাচীন ভাষাবিদদের দৃষ্টিতে–

عِلْمُ الْأَدَبِ **-এর পারিভাষিক সংজ্ঞা :** (اَلتَّعْرِيْفُ الْاِصْطِلَاحِيْ)

১. হাজী খলীফা লিখেন : عِلْمُ الْأَدَبِ : هُوَ عِلْمٌ يُحْتَرَزُ بِهِ عَنِ الْخَطَأِ فِيْ كَلَامِ الْعَرَبِ لَفْظًا وَخَطًّا .

"ইলমে আদব এরূপ জ্ঞানকে বলা হয়, যার সাহায্যে আরবি ভাষার ভাষাগত ও লিপিগত ভুল-ভ্রান্তি থেকে রক্ষা পাওয়া যায়।" –[কাশফু'জ-জুনূন, ১খ, ক : ৪৪]

২. শরীফ জুরজানী লিখেন– عِلْمُ الْأَدَبِ : عِبَارَةٌ عَنْ مَعْرِفَةِ مَا يُحْتَرَزُ بِهِ عَنْ جَمِيْعِ أَنْوَاعِ الْخَطَأِ

"যে জ্ঞানের সাহায্যে [ভাষা সংক্রান্ত] সর্বপ্রকার ভুল-ভ্রান্তি থেকে রক্ষা পাওয়া যায় তাকে 'আদব' বলা হয়।

–[আত তারীফাত, পৃ. ১১]

৩. কোনো কোনো ভাষাবিদ এরূপ সংজ্ঞা দিয়েছেন–

عِلْمُ الْأَدَبِ : هُوَ عِلْمٌ يَصُوْنُ الْمُشْتَغِلُ بِهِ مِنَ الْخَطَأِ اللَّفْظِيِّ وَالْمَعْنَوِيِّ وَالْخَطِّيِّ فِيْ كَلَامِ الْعَرَبِ .

"'আদব' এরূপ জ্ঞানকে বলা হয়, যা সেই জ্ঞানচর্চাকারীকে আরবি ভাষাগত, অর্থগত ও লিপিগত ভুল-ভ্রান্তি থেকে রক্ষা করে।"

৪. আল মুনজিদ প্রণেতা বলেন– عِلْمُ الْأَدَبِ : هُوَ عِلْمٌ يُحْتَرَزُ بِهِ عَنِ الْخَلَلِ فِيْ كَلَامِ الْعَرَبِ لَفْظًا وَكِتَابَةً

"ইলমে আদব এমন ইলমকে বলা হয়, যার দ্বারা আরবি ভাষা বলা ও লেখার ভুল-ভ্রান্তি থেকে বাঁচা যায়। [আল মুনজিদ, পৃ. ৫]

স্মর্তব্য : বলা বাহুল্য যে, উপরিউক্ত চারটি সংজ্ঞা عِلْمُ الْأَدَبِ বা عُلُوْمُ الْأَدَبِ সম্পর্কিত। নিম্নে اَلْأَدَبُ-এর কতিপয় সংজ্ঞা পেশ করা হচ্ছে :

أَدَبٌ -এর পারিভাষিক সংজ্ঞা :

১. প্রখ্যাত আরবি ভাষাবিদ আহমদ হাসান যায়্যাত লিখেন,

أَدَبُ اللُّغَةِ : مَا أُثِرَ عَنْ شُعَرَائِهَا وَكُتَّابِهَا مِنْ بَدَائِعِ الْقَوْلِ الْمُشْتَمِلِ عَلٰى تَصَوُّرِ الْأَخْيِلَةِ الدَّقِيْقَةِ ، وَتَصْوِيْرِ الْمَعَانِي الرَّقِيْقَةِ ، مِمَّا يُهَذِّبُ النَّفْسَ وَيُرَقِّقُ الْحِسَّ وَيُثَقِّفُ اللِّسَانَ .

"কোনো ভাষার সাহিত্য মানে, সেই ভাষার কবি ও লেখকদের থেকে বর্ণিত অনুপম বক্তব্য, যাতে রয়েছে সূক্ষ্ম ভাব-কল্পনা ও সাবলীল বিষয়ের চিত্রায়ন, যা আত্মাকে মার্জিত করে, অনুভূতিকে শাণিত করে এবং ভাষাকে সমৃদ্ধ করে।"

–[তারীখুল আদাবিল আরাবী, পৃ. ৭]

২. তিনি আরও লিখেন–

وَقَدْ يُطْلَقُ الْأَدَبُ عَلٰى جَمِيْعِ مَا صُنِّفَ فِيْ كُلِّ لُغَةٍ مِنَ الْبُحُوْثِ الْعِلْمِيَّةِ وَالْفُنُوْنِ الْأَدَبِيَّةِ فَيَشْمِلُ كُلَّ مَا أَنْتَجَتْهُ خَوَاطِرُ الْعُلَمَاءِ وَقَرَائِحُ الْكُتَّابِ وَالشُّعَرَاءِ .

"কখনো সাহিত্য বলতে, প্রত্যেক ভাষায় রচিত যাবতীয় জ্ঞানগর্ভ গবেষণা ও সাহিত্যের বিভিন্ন শাখাকে বুঝানো হয়। সুতরাং এতে পণ্ডিত, লেখক ও কবিদের মনন ও প্রতিভা-প্রসূত সব কিছুই শামিল রয়েছে।" –[প্রাগুক্ত]

৩. আল্লামা ইবনে খালদূন (র.) বলেন– اَلْأَدَبُ : هُوَ حِفْظُ أَشْعَارِ الْعَرَبِ وَأَخْبَارِهَا وَالْأَخْذُ مِنْ كُلِّ عِلْمٍ بِطَرَفٍ

"আরবি ভাষার কাব্য ও ইতিহাসকে মুখস্থ করা এবং অন্যান্য জ্ঞানের প্রয়োজনীয় অংশ আহরণ করাকে 'আদব' বলা হয়।"

–[মুকাদ্দিমা তারীখে ইবনে খালদূন, পৃ. ৫৫৩]

৪. اَلْمُعْجَمُ الْوَسِيْطُ-এ বলা হয়েছে– اَلْأَدَبُ : كُلُّ مَا أَنْتَجَهُ الْعَقْلُ الْإِنْسَانِيُّ مِنْ ضُرُوْبِ الْمَعْرِفَةِ

"মানুষের মেধাপ্রসূত নানারকম জ্ঞানকে সাহিত্য বলা হয়।"

Free @ www.e-ilm.weebly.com

৫. উক্ত গ্রন্থে আরও বলা হয়েছে – اَلْأَدَبُ : اَلْجَمِيلُ مِنَ النَّظْمِ وَالنَّثْرِ "উৎকৃষ্ট গদ্য ও পদ্যকে সাহিত্য বলা হয়।"

৬. উক্ত গ্রন্থে আরও বলা হয়েছে –

تَطْلُقُ الْآدَابُ حَدِيثًا عَلَى الْأَدَبِ بِالْمَعْنَى الْخَاصِّ ، وَالتَّارِيخِ وَالْجُغْرَافِيَّةِ وَعُلُومِ اللِّسَانِ وَالْفَلْسَفَةِ .

"আধুনিক কালে সাহিত্য বলতে নির্দিষ্ট অর্থে সাহিত্যশাস্ত্রকে যেমন বুঝানো হয়, তেমনি ইতিহাস, ভূগোল, ভাষা সংক্রান্ত নানাবিধ শাস্ত্র এবং দর্শনকেও সাহিত্যের অন্তর্ভুক্ত হিসাবে গণ্য করা হয়।" –[দ্র. أَدَبٌ শব্দমূল]

শিষ্টাচার অর্থে أَدَبٌ -এর পারিভাষিক অর্থ :

১. اَلْأَدَبُ : اِسْتِعْمَالُ مَا يُحْمَدُ قَوْلاً وَفِعْلاً . "প্রশংসনীয় কথা ও কাজের ব্যবহারকে 'আদব' বলা হয়।"

২. قِيلَ : اَلْأَدَبُ : اَلْأَخْذُ بِمَكَارِمِ الْأَخْلَاقِ . কারও মতে, "উৎকৃষ্ট নৈতিকতা অবলম্বন করাকে 'আদব' বলা হয়।"

৩. قِيلَ : اَلْأَدَبُ : اَلْوُقُوفُ مَعَ الْحَسَنَاتِ وَالْإِعْرَاضُ عَنِ السَّيِّئَاتِ .

কারও মতে, "'আদব' মানে সদগুণ অবলম্বন করা ও মন্দ কাজ থেকে বিরত থাকা।"

৪. قِيلَ : اَلْأَدَبُ : اَلتَّعْظِيمُ لِمَنْ فَوْقَكَ وَالرِّفْقُ بِمَنْ دُونَكَ .

কারও মতে, "'আদব' মানে বড়কে সম্মান করা ও ছোটকে স্নেহ করা।"

৫. قِيلَ : اَلْأَدَبُ : رِيَاضَةُ النَّفْسِ بِالتَّعْلِيمِ وَالتَّهْذِيبِ عَلَى مَا يَنْبَغِي .

"কারও মতে, "শিক্ষা-দীক্ষা মুতাবিক যথাযথভাবে আত্মার পরিশীলন করাকে 'আদব' বলা হয়।"

৬. قَالَ الْمُطَرِّزِيُّ : اَلْأَدَبُ : اِسْمٌ لِكُلِّ رِيَاضَةٍ مَحْمُودَةٍ يَتَخَرَّجُ بِهَا الرَّجُلُ فِي فَضِيلَةٍ مِنَ الْفَضَائِلِ .

"মুতাররিযী বলেন, আদব মানে এরূপ যে কোনো প্রশংসনীয় অনুশীলন, যার দ্বারা অনুশীলনকারী ব্যক্তি বিবিধ গুণ-গরিমার মধ্য থেকে কোনো গুণে গুণান্বিত হয়।"

উল্লেখ্য যে, عُلُومُ الْأَدَبِ ও اَلْأَدَبُ দু'টি পৃথক বিষয়। اَلْأَدَبُ শব্দটি عِلْمُ الْأَدَبِ অপেক্ষা ব্যাপকার্থে ব্যবহৃত হয়। اَلْأَدَبُ এমন এক সুকুমারবৃত্তির নাম, যার সৌন্দর্য যদি মানুষের আচার-ব্যবহার ও চাল-চলনে প্রকাশ পায় তবে তাকে শিষ্টাচার বলা হয়। আর যদি তা মানুষের মুখের ভাষায় প্রকাশ পায় তবে তাকে যাদুময়ী বক্তৃতা বলা হয়। আর তা স্বভাবগতসম্পন্ন লেখ্য ভাষায় রূপ নিলে তাকে গদ্য সাহিত্য বলা হয় এবং ভাব ও ছন্দের মাত্রায় স্থান পেলে তাকে কাব্য সাহিত্য বলা হয়। আর তা সুরের মূর্ছনায় বিকশিত হলে তাঁকে সঙ্গীত বলা হয়।

عِبَارَاتُنَا شَتَّى وَحُسْنُكَ وَاحِدٌ * وَكُلٌّ إِلَى ذَاكَ الْجَمَالِ يُشِيرُ

এজন্য اَلْأَدَبُ -কে দু'টি ভাগে বিভক্ত করা হয় : أَدَبُ النَّفْسِ ও أَدَبُ الدَّرْسِ

أَدَبٌ -এর নামকরণ : (سَبَبُ التَّسْمِيَةِ)

ইবনে মানজূর বলেন : سُمِّيَ – أَيِ الْأَدَبُ – أَدَبًا لِأَنَّهُ يَأْدِبُ النَّاسَ إِلَى الْمَحَامِدِ وَيَنْهَاهُمْ عَنِ الْمَقَابِحِ .

"সাহিত্য বা শিষ্টাচারকে এ কারণে 'আদব' রূপে নামকরণ করা হয়েছে যে, সাহিত্য বা শিষ্টাচার মানুষকে সদগুণের প্রতি আহবান করে এবং মন্দ কাজ থেকে বারণ করে। [কেননা, 'আদব'-এর আভিধানিক একটি অর্থ, আহবান করা। দ্র. লিসানুল আরব, أَدَبٌ শব্দমূল]

عِلْمُ الْأَدَبِ -এর আলোচ্য বিষয় : (اَلْمَوْضُوعُ)

১. আল্লামা ইবনে খালদূন প্রমুখ পণ্ডিত বলেন : هٰذَا الْعِلْمُ لَا مَوْضُوعَ لَهُ يَنْظُرُ فِي إِثْبَاتِ عَوَارِضِهِ أَوْ نَفْيِهَا .

"এই ইলম [অর্থাৎ, ইলমে আদব তথা সাহিত্য শাস্ত্র]-এর এমন নির্দিষ্ট কোনো আলোচ্য বিষয় নেই, যার প্রাসঙ্গিক বিষয়াদির ইতিবাচক বা নেতিবাচক দিক নিয়ে সাহিত্যে আলোচনা করা হয়।" –[তারীখে ইবনে খালদূন, মুকাদ্দিমা, পৃ. ৫৫৩]

Free @ www.e-ilm.weebly.com

২. কেউ কেউ এমনও বলেছেন যে, مَوْضُوْعُهُ : أَنْ لاَ مَوْضُوْعَ لَهُ

"ইলমে আদব তথা সাহিত্যের কোনো আলোচ্য বিষয় না থাকাই হলো সাহিত্যের আলোচ্য বিষয়।"

৩. কেউ কেউ বলেছেন– إِنَّ مَوْضُوْعَهُ : اَلْأَلْفَاظُ وَالْعِبَارَاتُ وَالْأَشْعَارُ وَالْأَخْبَارُ .

"ইলমে আদব অর্থাৎ, সাহিত্যের আলোচ্য বিষয় হচ্ছে, ভাষার শব্দ, বাক্য, কবিতা ও ইতিহাস।"

৪. কেউ কেউ বলেছেন– مَوْضُوْعُهُ النَّظْمُ وَالنَّثْرُ "সাহিত্যের আলোচ্য বিষয় গদ্য ও পদ্য।"

৫. কারও মতে,

مَوْضُوْعُهُ : اَلطَّبْعُ وَالْفِطْرَةُ ، لِأَنَّ الْإِنْسَانَ تَخْطُرُ فِيْ قَلْبِهِ أَنْوَاعٌ مِنَ الْأَخْيِلَةِ الذِّهْنِيَّةِ كَمَا تُؤَثِّرُ فِيْهِ الْحَقَائِقُ الْخَارِجِيَّةُ الَّتِيْ يَتَصَادَفُهَا الْإِنْسَانُ فِيْ صَبَاحِ الْأَيَّامِ وَمَسَائِهَا ، فَالطَّبْعُ الْإِنْسَانِيُّ يَبْحَثُ عَنْهَا وَيَنْتَقِدُهَا ، وَهٰذَا الْبَحْثُ وَالنَّقْدُ يُسَمّٰى طَبْعًا وَفِطْرَةً لِلْإِنْسَانِ وَهُوَ مَوْضُوْعُ عِلْمِ الْأَدَبِ .

"ইলমে আদব-এর আলোচ্য বিষয় হচ্ছে মানুষের স্বভাব ও প্রকৃতি। কেননা মানুষের মানসপটে যেমন নানা রকম ভাবের উদয় হয়, তেমনি বিশ্বচরাচরের এমন বহুবিধ বাস্তবতাও তার মনে রেখাপাত করে, যেগুলোর সে প্রতিনিয়ত মুখোমুখি হয়ে থাকে। মানুষের স্বভাব ও প্রকৃতি এসব নিয়ে গবেষণা ও পর্যালোচনা করে। এরূপ গবেষণা ও পর্যালোচনাকে মানুষের স্বভাব ও প্রকৃতি বলা হয়। তাই এ স্বভাব ও প্রকৃতিকে 'আদব' -এর আলোচ্য বিষয় সাব্যস্ত করা হয়েছে।"

যেহেতু عِلْمُ أَدَبٍ ১২টি ইলমের সমন্বয়ে গঠিত এবং প্রত্যেক ইলমের ভিন্ন ভিন্ন আলোচ্য বিষয় রয়েছে, তাই সকল ইলমের আলোচ্য বিষয়কে একটি আলোচ্য বিষয়ে সমন্বিত করা সম্ভব নয়। এ জন্যেই বিশেষজ্ঞদের অভিমত এই যে, তার নির্দিষ্ট কোনো আলোচ্য বিষয় নেই।

عِلْمُ الْأَدَبِ -এর লক্ষ্য ও উদ্দেশ্য : (اَلْغَرَضُ وَالْغَايَةُ)

১. আল্লামা ইবনে খালদূন বলেন–

إِنَّمَا الْمَقْصُوْدُ مِنْهُ عِنْدَ أَهْلِ اللِّسَانِ ثَمْرَتُهُ ، وَهِيَ الْإِجَادَةُ فِيْ فَنَّيِ الْمَنْظُوْمِ وَالْمَنْثُوْرِ عَلٰى أَسَالِيْبِ الْعَرَبِ وَمَنَاحِيْهِمْ ...... (ثُمَّ قَالَ :) وَالْمَقْصُوْدُ بِذٰلِكَ كُلِّهِ أَنْ لاَّ يَخْفٰى عَلَى النَّاظِرِ فِيْهِ شَيْءٌ مِنْ كَلَامِ الْعَرَبِ وَأَسَالِيْبِهِمْ وَمَنَاحِيْ بَلَاغَتِهِمْ إِذَا تَصَفَّحَهُ .

"ভাষাবিদগণ সাহিত্যের উদ্দেশ্য দ্বারা তার ফলাফলকে বুঝিয়ে থাকেন। আর তা হলো, আরবদের ভাষার ধরন ও পদ্ধতি অনুযায়ী আরবি ভাষার গদ্য ও পদ্য উভয় শাখায় উৎকর্ষ লাভ করা। .... [তিনি আরও বলেন :] এসব কিছুর উদ্দেশ্য এই যে, আরবি সাহিত্যের গবেষক যখন আরবি ভাষা নিয়ে গবেষণা করবেন তখন যাতে আরবদের ভাষা, ভাষার ধরন ও তাদের সাহিত্যালঙ্কারের নানা রকম ব্যবহার পদ্ধতি কোনো কিছুই তার নিকট অস্পষ্ট না থাকে।"

–[তারীখে ইবনে খালদূন, মুকাদ্দিমা, পৃ. ৫৫৩]

২. কারও মতে,

وَالْغَرَضُ مِنْهُ : مَعْرِفَةُ عُلُوْمِ الْقُرْاٰنِ وَالْحَدِيْثِ مِنَ الْبَلَاغَةِ وَالْفَصَاحَةِ وَالْإِعْجَازِ اللَّفْظِيِّ وَالْمَعْنَوِيِّ .

"কুরআন ও হাদীসের ভাষাগত জ্ঞান তথা বালাগাত, ফাসাহাত ও এতদুভয়ের ভাষাগত ও অর্থগত অনুপমতার জ্ঞান লাভ করা।"

৩. কারও মতে, بَيَانُ مَا يَخْطُرُ فِي الْقَلْبِ عَلٰى أُسْلُوْبٍ رَائِقٍ وَطَرِيْقٍ يُعْجِبُ كُلَّ مَنْ نَظَرَ فِيْهِ أَوْ سَمِعَهُ

"মনের ভাবকে এরূপ আকর্ষণীয় পদ্ধতি ও পন্থায় উপস্থাপন করা, যা পাঠক, পর্যালোচক ও শ্রোতাকে বিমুগ্ধ করে।"

সর্বপ্রথম ভাষা

এটা অনস্বীকার্য যে, সর্বপ্রাচীন ও সর্বপ্রথম ভাষা হলো আরবি। হযরত আদম (আ.)-কে জান্নাতে পরীক্ষার জন্য সর্বপ্রথম যে শব্দ-জ্ঞান ও ভাষা শেখানো হয়েছিল তা যে আরবি ছিল, এ ব্যাপারে কোনো দ্বিমত নেই। সমস্ত রেওয়ায়াতের ভাষ্য এক ও অভিন্ন। তবে তার সাথে অন্যান্য ভাষাও শিক্ষা দেওয়া হয়েছিল কি না, তা নিয়ে মতভেদ রয়েছে।

হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) থেকে একটি রেওয়ায়াত আছে যে, জান্নাতে হযরত আদম (আ.)-এর ভাষা আরবিই ছিল। কিন্তু ভুলবশত নিষিদ্ধ বৃক্ষের ফল খাওয়ার পর তাঁর থেকে আরবি ভাষা তুলে নেওয়া হয়। পরে তিনি সুরয়ানী ভাষা বলতে শুরু করেন। তারপর যখন তাঁর তওবা কবুল হয় তখন পুনরায় তাঁকে আরবি ভাষার জ্ঞান ফিরিয়ে দেওয়া হয় এবং তিনি পরবর্তীতে দুনিয়ায় আরবি ভাষায়ই কথা বলতেন।

জালালুদ্দীন সয়ূতী [মৃত্যু : ৯১১ হি.] তাঁর আল-ইতকান গ্রন্থে একটি রেওয়ায়াত উল্লেখ করেছেন, যার সারকথা হলো এই যে, সকল আসমানি গ্রন্থ ও সহীফা আরবি ভাষায়ই অবতীর্ণ হয়েছে, কিন্তু নবীগণ তাঁদের নিজ নিজ সম্প্রদায়ের ভাষায় তার তরজমা করে তাদেরকে সেই গ্রন্থের বাণী ও শিক্ষা পৌঁছান। আসমানি কিতাবসমূহের মধ্যে কেবল পবিত্র কুরআনই তার মূল ভাষা আরবিতে বহাল রয়েছে।

ইমাম আবূ মনসূর মুহাম্মদ ইবনে আহমদ আল-আযহারী [মৃত্যু : ৩৭০ হি.] বলেন, মানুষের দুনিয়াতে আগমনের পূর্বেই আল্লাহ তা'আলা হযরত আদম (আ.)-কে আরবি ভাষা শিক্ষাদানের মাধ্যমে এ ভাষার সূচনা করেন। আর আরবি ছাড়া অন্যান্য ভাষা হযরত নূহ (আ.)-এর যুগে সংঘটিত সয়লাবের পর হযরত নূহ (আ.)-এর সন্তানেরা পৃথিবীর বিভিন্ন অঞ্চলে আবাস গড়ে তোলার পর থেকে সৃষ্টি হয়। আরবি ভাষা যে সবচেয়ে প্রাচীন ভাষা তার বড় প্রমাণ হল, কুরআনের ভাষা আরবি। কুরআন যেহেতু অনাদি গ্রন্থ তাই তার ভাষাও অনাদি।

এখানে উল্লেখ্য যে, হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) থেকে একটি রেওয়ায়াত আছে যে, সর্বপ্রথম হযরত ইসমাঈল (আ.) থেকে আরবি ভাষার সূচনা হয়েছিল। ইতিহাস ও অন্যন্য রেওয়ায়াতের আলোকে উক্ত রেওয়ায়াতের মানে এই যে, কুরায়শ গোত্রের ভাষা, যে ভাষায় কুরআন অবতীর্ণ হয়েছে তার চর্চা ও প্রচার-প্রসার হযরত ইসমাঈল (আ.)-এর মাধ্যমে হয়েছে। নচেৎ মূল আরবি ভাষা তাঁর পূর্বেই হযরত আদম (আ.)-কে শিক্ষা দেওয়া হয়েছিল, যা নিয়ে তিনি দুনিয়ায় আগমন করেন এবং পরবর্তীতে তাঁর সন্তানদের মধ্যেও তার প্রচলন থাকে।

নওয়াব সিদ্দীক হাসান খান [মৃত্যু : ১৩০৭ হি.] তাঁর "আল-বুলগা ফী উসূলিল লুগাহ" নামক গ্রন্থে আব্দুল মালিক ইবনে হাবীব [মৃত্যু : ২২৮ হি.]-এর বরাতে উল্লেখ করেছেন যে, সর্বপ্রথম হযরত আদম (আ.) যে ভাষা নিয়ে পৃথিবীতে আগমন করেন সেটি ছিল আরবি। দীর্ঘ কালাবর্তনের পর তা পরিবর্তিত হয়ে সুরয়ানী ভাষার সৃষ্টি হয়। এ কারণে সুরয়ানী ভাষা আরবি ভাষার অনেকটা কাছাকাছি। সয়লাবের সময় হযরত নূহ (আ.)-এর সাথে যে সকল মানুষ নৌযানে আরোহণ করেছিল তাদের মধ্যে জুরহুম নামক এক ব্যক্তি ব্যতীত অন্য সকলের ভাষা ছিল সুরয়ানী। কেবল সেই জুরহুমের ভাষা ছিল খাঁটি আরবি। হযরত নূহ (আ.)-এর নৌযান থেকে অবতরণের পর হযরত নূহ (আ.)-এর পৌত্র ইরাম জুরহুমের কন্যাকে বিবাহ করেন। সেই কন্যার ভাষা ছিল খাঁটি আরবি। সেই সূত্রে তাঁর বংশধরদের মধ্যে পুনরায় আরবি ভাষার প্রচলন হয়।

আধুনিক কালের আরবি ভাষাবিদগণ যেমন আহমদ হাসান যায়্যাত প্রমুখ বলেন যে, আরবি ভাষা সামীয় ভাষা [হযরত নূহ (আ)-এর পুত্র সাম-এর বংশধরদের মধ্যে প্রচলিত ভাষা] থেকে সৃষ্টি হয়েছে। এ অভিমতের সরল অর্থ এই দাঁড়ায় যে, আরবি ভাষা সর্বপ্রথম ও সর্বপ্রাচীন ভাষা নয়। তাঁরা তাঁদের অভিমতের সপক্ষে বিভিন্ন রকমের ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক প্রমাণাদি উপস্থাপন করেন। তাঁদের অভিমত ও প্রমাণাদি আপাতত দৃষ্টিতে মেনে নিলেও আরবি ভাষা যে সর্বপ্রথম ও সর্বপ্রাচীন ভাষা নয়, তা প্রমাণিত হয় না। কেননা প্রাগৈতিহাসিক ও প্রাক প্রত্নতাত্ত্বিক যুগে পৃথিবীর প্রথম মানুষ হযরত আদম (আ.)-এর ভাষা যে আরবি ছিল না এবং তার কোনো না কোনো সন্তানের বংশধরদের মধ্যে যে আরবি ভাষার প্রচলন লাভ করে নি তা কি করে প্রমাণিত হবে? আর এটাও জানা কথা যে, প্রত্নতত্ত্ব ভিত্তিক তথ্যসমূহ অনুমান নির্ভর। এ কারণে একই বিষয়ের গবেষণায় প্রত্নতাত্ত্বিকদের নানা রকম মতভেদ দেখা যায়। অতএব ঐতিহাসিক সত্য প্রমাণ করার জন্য অনুমান ভিত্তিক তথ্য যথেষ্ট নয়।

Free @ www.e-ilm.weebly.com

ক্ষেত্র বিশেষে তা কেবল সমর্থনের কাজ দেয় মাত্র। আর সে অনুমান ভিত্তিক তথ্যাবলি যদি কোনো সহীহ রেওয়ায়াতের মোকাবিলায় আসে তবে সে সকল তথ্য অবশ্যই অগ্রহণযোগ্য হওয়ার কিংবা বিশ্লেষণের অবকাশ রাখে। তা ছাড়া আল্লাহ তা'আলার পবিত্র কালাম কুরআন মজীদ আরবি ভাষায় হওয়াই সবচেয়ে বড় দলিল যে, আরবি ভাষাই সর্বপ্রথম ও সর্বপ্রাচীন ভাষা।

অতএব আধুনিক কালের ভাষাবিদ ও প্রত্নতাত্ত্বিক গবেষকদের গবেষণার এ ব্যাখ্যা দেওয়া যেতে পারে যে, আরবি ভাষা প্রথমে হযরত আদম (আ.) ও তাঁর কোনো কোনো সন্তানদের মাধ্যমে প্রচলন লাভ করার পর দীর্ঘ কালাবর্তনের ফলে ক্রমশ বিকৃত হয়ে এক পর্যায়ে বিলুপ্ত হয়ে যায়। পরবর্তীতে তা আবার সেমেটিক ভাষা অর্থাৎ সামীয়দের ভাষা থেকে পুনর্জন্ম লাভ করে। তাছাড়া এও বলা যেতে পারে যে, নতুন আরবি লিপি ও ভাষার জন্ম হয়ত সেমেটিক ভাষা থেকে হয়েছে, কিন্তু প্রাগৈতিহাসিক যুগে সম্ভবত আরবী লিপি ভিন্ন রকম ছিল, যা ইতিহাসে রক্ষিত হয়নি এবং সে লিপি ভিন্ন রকম হওয়ার কারণে প্রত্নতাত্ত্বিক গবেষণায়ও তা উদ্ধার করা সম্ভব হয় নি।

সুতরাং কুরআন-হাদীসের বর্ণনার প্রেক্ষিতে এ অভিমত অকাট্যই থেকে যায় যে, আরবি ভাষাই হলো সর্বপ্রথম ও সর্বপ্রাচীন ভাষা। এখানে উল্লেখ্য যে, এ উপমহাদেশীয় কোনো কোনো ভাষাবিদ গবেষক বলে থাকেন যে, সংস্কৃত হলো সকল ভাষার মূল ও আদিভাষা। তাঁদের এ উক্তটি এ ব্যাখ্যা সহকারে মেনে নেওয়া যেতে পারে যে, সংস্কৃত পাক-ভারত উপমহাদেশের আঞ্চলিক অনেকগুলো ভাষার জননী, এটা হয়তো ঠিক। তবে সংস্কৃতিকে পৃথিবীর সকল ভাষার জননী আখ্যাত করা সম্পূর্ণ ভুল এবং ঐতিহাসিক প্রমাণাদির পরিপন্থি। এমনকি একালের অনেক বিজ্ঞ ভাষাবিদ, পণ্ডিত ও গবেষকের মতে, বাংলা ভাষাটিও সংস্কৃত উদ্ভূত নয়; বরং এটি প্রাচীন আর্য ভাষা থেকে প্রাকৃত হয়ে আধুনিক বাংলায় রূপ লাভ করেছে।

আরবি ভাষার মর্যাদা

আরবি ভাষার শ্রেষ্ঠত্ব ও মর্যাদার সবচেয়ে বড় প্রমাণ হল, আল্লাহ তা'আলা তাঁর সর্বশ্রেষ্ঠ আসমানি কিতাব পবিত্র কুরআন নাজিল করার জন্য ভাষা হিসাবে আরবি ভাষাকে নির্বাচন করেছেন। আল্লাহ তা'আলা বলেন–

إِنَّآ أَنْزَلْنَاهُ قُرْاٰنًا عَرَبِيًّا لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ـ (يوسف : ٢)

"আমি এ গ্রন্থকে আরবি কুরআনরূপে অবতীর্ণ করেছি, যাতে তোমরা বুঝতে পার।" –[সূরা ইউসুফ : ২]

ইবনুল আসীর লিখেন–

أُنْزِلَ أَشْرَفُ الْكِتَابِ بِأَشْرَفِ اللُّغَاتِ عَلٰى أَشْرَفِ الرُّسُلِ بِسِفَارَةِ أَشْرَفِ الْمَلَائِكَةِ وَكَانَ ذٰلِكَ فِىْ أَشْرَفِ بِقَاعِ الْأَرْضِ ، وَابْتِدَاءُ نُزُوْلِهٖ فِىْ أَشْرَفِ شُهُوْرِ السَّنَةِ وَهُوَ رَمَضَانُ ، فَكَمُلَ مِنْ كُلِّ الْوُجُوْهِ ـ

"সর্বাপেক্ষা সম্মানিত গ্রন্থ সর্বাধিক মর্যাদাপূর্ণ ভাষায়, সর্বশ্রেষ্ঠ রাসূলের নিকট সর্বাধিক মর্যাদাবান ফেরেশতার দূতালির মাধ্যমে নাজিল করা হয়েছে। তাও আবার হয়েছে ভূপৃষ্ঠের সর্বাধিক মর্যাদাপূর্ণ ভূখণ্ডে। আর সেই গ্রন্থের অবতরণের সূচনা হয়েছে বছরের সর্বাধিক মর্যাদাপূর্ণ মাস তথা রমজান মাসে। সুতরাং সর্বদিক থেকে পূর্ণতা হাসিল হয়েছে।"

হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, রাসূলুল্লাহ ﷺ বলেছেন–

أَحِبُّوا الْعَرَبَ لِثَلَاثٍ لِأَنِّىْ عَرَبِيٌّ وَالْقُرْاٰنُ عَرَبِيٌّ ، وَكَلَامُ أَهْلِ الْجَنَّةِ عَرَبِيٌّ ـ

তোমরা তিনটি কারণে আরবদের ভালবাস। কেননা আমি আরবি ভাষাভাষী, কুরআন আরবি ভাষায় অবতীর্ণ হয়েছে এবং জান্নাতীদের ভাষা হবে আরবি। –[বায়হাকী, শু'আবুল ঈমান]

হযরত ইবনে ওমর (রা.) বলেন, রাসূলুল্লাহ ﷺ বলেছেন–

مَنْ يُحْسِنُ أَنْ يَتَكَلَّمَ بِالْعَرَبِيَّةِ فَلَا يَتَكَلَّمْ بِالْعَجَمِيَّةِ فَإِنَّهُ يُوْرِثُ النِّفَاقَ ـ

"যে ব্যক্তি সুন্দরভাবে আরবি ভাষায় কথা বলতে পারে সে যেন অনারবি ভাষায় কথা না বলে। কেননা তা নিফাক সৃষ্টি করে।" –[সিলাফী]

হযরত ওমর (রা.) বলেন– تَفَقَّهُوْا فِى السُّنَّةِ ، وَتَفَقَّهُوْا فِى الْعَرَبِيَّةِ

"তোমরা হাদীসের জ্ঞান হাসিল কর ও আরবি ভাষার জ্ঞান হাসিল কর।" –[ইবনে আবী শায়বা]

Free @ www.e-ilmweebly.com

অপর এক রেওয়ায়াতে তিনি বলেন– تَعَلَّمُوا الْعَرَبِيَّةَ فَإِنَّهَا مِنْ دِيْنِكُمْ

"তোমরা আরবি ভাষা শেখ। কেননা এটা তোমাদের দীনের অংশ।" [ইবনে আবী শায়বা]

হযরত সাদ ইবনে আবী ওয়াক্কাস (রা.) এক সম্প্রদায়কে ফারসি ভাষায় কথা বলতে শুনে বললেন–

مَا بَالُ الْمَجُوْسِيَّةِ بَعْدَ الْحَنِيْفِيَّةِ ـ

"দীনে হানীফ অর্থাৎ, ইসলামের আবির্ভাবের পর আবার অগ্নিপূজকদের ভাবধারা, এর ব্যাপার কি? [ইবনে আবী শায়বা]

উপরে উল্লিখিত হাদীস ও সাহাবায়ে কেরামের বাণীসমূহ থেকে আরবি ভাষার শ্রেষ্ঠত্ব ও মর্যাদা সুস্পষ্টভাবে প্রমাণিত হয়। তাছাড়া এও লক্ষ্যণীয় যে, কুরআন, হাদীস ও ফিকহ শাস্ত্রের সমস্ত মৌলিক জ্ঞান রয়েছে আরবি ভাষায়। সুতরাং এ সকল ক্ষেত্রে সঠিকভাবে ব্যুৎপত্তি অর্জন করতে হলেও আরবি ভাষা শেখার বিকল্প নেই। এ একটি বিষয়ও আরবি ভাষার শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য যথেষ্ট।

أَدَبٌ -এর মর্যাদা

আকসাম ইবনে সাইফী বলেন– اَلرَّجُلُ بِلَا أَدَبٍ شَخْصٌ بِغَيْرِ أٰلَةٍ وَجَسَدٌ بِلَا رُوْحٍ

"সাহিত্য শক্তিহীন মানুষ বা শিষ্টাচার বিহীন মানুষ অস্ত্রহীন ব্যক্তির মতো এবং প্রাণহীন দেহ স্বরূপ।"

আদব সম্পর্কে এক অবিস্মরণীয় বাণী–

اَلْأَدَبُ أَكْرَمُ الْجَوَاهِرِ طَبِيْعَةً، وَأَنْفَسُهَا قِيْمَةً، فَاطْلُبُوْهُ فَإِنَّهُ زِيَادَةٌ فِي الْفَضْلِ وَالنَّبَاهَةِ، وَمَادَّةٌ لِلْعَقْلِ، وَدَلِيْلٌ عَلَى الْمُرُوْءَةِ ، وَمَنْبَهَةٌ لِلرَّأْيِ وَلِلصَّوَابِ، وَصَاحِبٌ فِي الْغُرْبَةِ، وَأَنِيْسٌ فِي الْوَحْدَةِ، وَجَمَالٌ فِي الْمَحَافِلِ، وَإِذَا أَكْرَمَكَ النَّاسُ لِمَالٍ أَوْ سُلْطَانٍ فَلَا يُعْجِبْكَ ذٰلِكَ، فَإِنَّ الْكَرَامَةَ تَزُوْلُ بِزَوَالِهِمَا، وَلْيُعْجِبْكَ إِذَا أَكْرَمُوْكَ لِدِيْنٍ أَوْ أَدَبٍ ـ

"আদব স্বভাবত এক মহা সম্মানিত রত্ন, মূল্যমানের দিক থেকে উৎকৃষ্ট। সুতরাং তোমরা তা আহরণ কর। কেননা তা গুণ-গরিমার ক্ষেত্রে এক বিশেষ সংযোজন, বুদ্ধিমত্তার ভিত্তি, শিষ্টাচারের প্রমাণ, মতের স্বাতন্ত্র্য ও সঠিকতা বজায় রাখার এক চালিকা শক্তি। সাহিত্য প্রবাসের বন্ধু, নির্জনের সাথী ও মজলিসের সৌন্দর্য। মানুষ যদি তোমাকে তোমার সম্পদ ও ক্ষমতার কারণে সম্মান করে তবে তুমি তাতে যেন বিমুগ্ধ না হও। কেননা তোমার সম্পদ ও ক্ষমতার অবর্তমানে তোমার প্রতি সম্মানবোধও তিরোহিত হয়ে যাবে। পক্ষান্তরে মানুষ যদি তোমাকে তোমার দীন ও জ্ঞান-গরিমার জন্য সম্মান করে তবে তাতে যেন তুমি আনন্দিত হও।"

আব্দুল মালিক তার সন্তানদের বলেছিলেন,

تَأَدَّبُوْا فَإِنْ كُنْتُمْ مُلُوْكًا بَرَزْتُمْ ، وَإِنْ كُنْتُمْ أَوْسَاطًا فُقْتُمْ ، وَإِنْ أَعْوَزَكُمُ الْمَعَاشُ عِشْتُمْ ـ

"তোমরা সাহিত্য তথা জ্ঞান-গরিমা শেখ। কেননা তোমরা যদি রাজা-বাদশাহ হও তবে তোমরা [অন্যদের তুলনায়] আরও অগ্রসর হবে, আর যদি মধ্যবিত্ত হও তবে সমাজে শ্রেষ্ঠত্ব লাভ করবে এবং যদি জীবিকার সংকটে পতিত হও তবে তোমাদের জীবিকার ব্যবস্থা হবে।"

বুযুর্গমেহের বলেন,

مَنْ كَثُرَ أَدَبُهُ كَثُرَ شَرَفُهُ وَإِنْ كَانَ وَضِيْعًا ، وَبَعُدَ صِيْتُهُ وَإِنْ كَانَ خَامِلًا ، وَسَادَ وَإِنْ كَانَ غَرِيْبًا ، وَكَثُرَتْ حَوَائِجُ النَّاسِ إِلَيْهِ وَإِنْ كَانَ فَقِيْرًا ـ

"যার সাহিত্য-শক্তি তথা জ্ঞান-গরিমা বেশি সে বেশি সম্মানপ্রাপ্ত হয়, যদিও সে নীচ হয়। তার সুনাম-সুখ্যাতি ছড়িয়ে পড়ে, যদিও সে অখ্যাত হয়। সে নেতৃত্ব লাভ করে, যদিও সে ভিনদেশী হয়। মানুষ তার প্রতি অধিক হারে মুখাপেক্ষী হয়, যদিও সে দরিদ্র হয়।"

কবি বলেন– لَيْسَ الْجَمَالُ بِأَثْوَابٍ تُزَيِّنُنَا * أَنَّ الْجَمَالَ جَمَالُ الْعِلْمِ وَالْأَدَبِ

"কাপড়ের শোভায় সৌন্দর্য হওয়া সুন্দর নয়। ইলম ও আদবের সৌন্দর্যই একমাত্র সুন্দর।

Free @ www.e-ilm.weebly.com

أَدَبٌ শব্দটি ব্যবহারের ঐতিহাসিক সমীক্ষা

আরবি ভাষায় أَدَبٌ শব্দটির ব্যবহার কখন থেকে শুরু হয়েছে সে সম্পর্কে কোনো সুস্পষ্ট বর্ণনা বা অকাট্য কোনো দলিল-প্রমাণ পাওয়া যায় না। তবে জাহেলী যুগের ইতিহাসে এ সম্পর্কে সাহায্য নেওয়ার মতো কিছু উক্তি পাওয়া যায়। যেমন : হীরা'র রাজা নু'মান ইবনে মুনযির খুসরু [কিসরা] সম্রাটের নামে লিখিত একটি পত্রে লিখেন :

وَقَدْ أَوْفَدْتُ إِلَيْكَ أَيُّهَا الْمَلِكُ رَهْطًا مِنَ الْعَرَبِ، لَهُمْ فَضْلٌ فِيْ أَحْسَابِهِمْ وَأَنْسَابِهِمْ وَعُقُوْلِهِمْ وَآدَابِهِمْ ـ

"হে সম্রাট, আমি আপনার নিকট একটি আরব প্রতিনিধি দল পাঠালাম, তারা জাত, বংশ বুদ্ধি ও শিষ্টাচারের ক্ষেত্রে মর্যাদা সম্পন্ন।"

এমনিভাবে আলকামা ইবনে 'উলাসা (রা.) রোমক সম্রাট কায়সার-এর সামনে বলেছিলেন :

فَلَيْسَ مَنْ حَضَرَكَ مِنَّا بِأَفْضَلَ مِمَّنْ غَرَبَ عَنْكَ، بَلْ لَوْ قَسَّمْتَ كُلَّ رَجُلٍ مِنْهُمْ وَعَلِمْتَ مِنْهُمْ مَا عَلِمْنَا، لَوَجَدْتَ لَهُ فِيْ آبَائِهِ أَنْدَادًا وَأَكْفَاءً، كُلُّهُمْ إِلَى الْفَضْلِ مَنْسُوْبٌ، وَبِالشَّرَفِ وَالسُّؤْدَدِ مَوْصُوْفٌ، وَبِالرَّأْيِ الْفَاضِلِ وَالْأَدَبِ مَعْرُوْفٌ ـ

"আমাদের মধ্যে যারা আপনার সামনে উপস্থিত হয়েছে তারা তাদের অপেক্ষা অধিক মর্যাদাশীল নয়, যারা আপনার দরবারে অনুপস্থিত রয়েছে। আপনি যদি তাদের পারস্পরিক তুলনা করেন এবং আমরা তাদের সম্পর্কে যতটুকু জানি ততটুকু আপনিও অবগত হন, তবে আপনি তাদের প্রত্যেককে পূর্ববর্তী বংশ পরিক্রমায় সমকক্ষ ও সমান মর্যাদার অধিকারী দেখতে পাবেন। তারা সবাই গুণ-গরিমার অধিকারী। তারা আভিজাত্য ও নেতৃত্বের গুণে গুণান্বিত এবং উন্নত অভিরুচি ও শিষ্টাচারের ক্ষেত্রে খ্যাত।"

উল্লিখিত উক্তিসমূহ থেকে বুঝা যায় যে, 'আদব' শব্দটি জাহিলী যুগ থেকে আরবি ভাষায় ব্যবহৃত হয়ে আসছে। তবে কোনো কোনো গবেষকের মতে, এ শব্দটি দক্ষিণ ইরাকের অধিবাসীদের প্রাচীন ভাষা থেকে আরবি ও অনান্য সামীয় ভাষাসমূহে প্রবেশ করেছে। তাদের ভাষায় এর অর্থ ছিল মানুষ। সেই সূত্রে সামীয়দের ভাষায় 'আদব' শব্দ থেকে 'উদ্‌ম' এবং 'উদম' থেকে আদম শব্দ গঠিত হয়। কিন্তু আরবি ভাষায় শব্দটি অবিকল থেকে যায় এবং শিষ্টাচার অর্থে ব্যবহৃত হয়।

রাসূলুল্লাহ ﷺ -এর বহু হাদীসেও 'আদব' শব্দটির ব্যবহার পাওয়া যায়। এক হাদীসে আছে,

مَنْ عَالَ ثَلَاثَ بَنَاتٍ فَأَدَّبَهُنَّ وَزَوَّجَهُنَّ وَرَحِمَهُنَّ وَأَحْسَنَ إِلَيْهِنَّ فَلَهُ الْجَنَّةُ ـ

"যে ব্যক্তি তিনটি কন্যাকে লালন-পালন করে, তাদের আদব-তরবিয়ত শিক্ষা দেয়, তাদেরকে বিবাহ দেয়, তাদের প্রতি দয়া ও অনুগ্রহ করে তার জন্য জান্নাত অবধারিত রয়েছে। -[মুসনাদে আহমদ, ৩খ., পৃ. ৯৭]

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা.)-এর সূত্রে বর্ণিত এক রেওয়ায়াতে রাসূলুল্লাহ ﷺ বলেন :

إِنَّ هٰذَا الْقُرْآنَ مَأْدُبَةُ اللّٰهِ فِي الْأَرْضِ فَتَعَلَّمُوْا مِنْ مَأْدُبَتِهِ ـ

"নিশ্চয়ই এ কুরআন পৃথিবীতে আল্লাহ তা'আলা কর্তৃক পরিবেশিত একটি খাঞ্চা। সুতরাং তোমরা তার খাঞ্চা থেকে জ্ঞান আহরণ কর।" -[সুনানে দারেমী, ২খ., পৃ. ৪৩১]

এসব হাদীস থেকে বুঝা যায় যে, এ শব্দটি রাসূলুল্লাহ ﷺ ও সাহাবায়ে কেরামের যুগে, এমন কি জাহেলী যুগেও বহুল প্রচলিত ছিল।

প্রথম শতাব্দী : বনূ উমাইয়্যার শাসনামল থেকে 'আদব' শব্দটি অধিক প্রচলন লাভ করে। এ শব্দটি প্রথমে শিক্ষা-দীক্ষা অর্থে ব্যবহৃত হয়। যারা বনূ উমাইয়্যার শাসনামলে রাজা-বাদশাহ ও আমীর অমাত্যদের সন্তানদেরকে শিক্ষা-দীক্ষা দিতেন, কবিতা আবৃত্তি করতেন এবং ঐতিহাসিক ঘটনাবলি বর্ণনা করতেন তাঁদেরকে 'মুআদ্দিব' বলা হতো। তখনকার আমলে যারা মুআদ্দিব ছিলেন তাঁদের কয়েকজনের নাম এখানে প্রদত্ত হলো :

১. মা'বাদ ইবনে আব্দুল্লাহ আল-জুহানী [মৃত্যু : ৮০ হি.]

২. আমির ইবনে শারাহীল আশ-শাবী [মৃত্যু : ১০৩ হি.]

এ দু'জন আব্দুল মালিক ইবনে মারওয়ানের সন্তানদের শিক্ষক ছিলেন।

৩. সালিহ ইবনে কায়সান [মৃত্যু : ১৪০ হি.]

ওমর ইবনে আব্দুল আযীযের সন্তানদের শিক্ষক ছিলেন।

Free @ www.e-ilmweebly.com

Free @ www.eilm.weebly.com

৪. জা'দ ইবনে দিরহাম [মৃত্যু : ১১৮ হি.]
মারওয়ান ইবনে মুহাম্মদের মুআদ্দিব ছিলেন।

তখনকার আমলের বিভিন্ন লেখা ও রচনায় 'আদব' শব্দটির ব্যবহার পাওয়া যায়। যিয়াদ ইবনে আবীহ [মৃত্যু : ৫৩ হি.] তার "আল-বাত্‌রা" নামক বক্তৃতায় বলেন :

فَادْعُو اللّٰهَ بِالصَّلَاحِ لِأَئِمَّتِكُمْ، فَإِنَّهُمْ سَاسَتُكُمُ الْمُؤَدِّبُوْنَ . أَمَا وَاللّٰهِ لَأُؤَدِّبَنَّكُمْ غَيْرَ هٰذَا الْأَدَبِ أَوْ لَتَسْتَقِيْمُنَّ .

"তোমরা আল্লাহর কাছে তোমাদের নেতৃবৃন্দের কল্যাণের জন্য দোয়া কর। কারণ তারা তোমাদের শাসক ও তোমাদের শিষ্টাচার শিক্ষাদাতা। আল্লাহর কসম! হয় তোমরা সঠিক পথে চলবে নতুবা আমি তোমাদেরকে বর্তমান আচরণের ব্যতিক্রমধর্মী সদাচার শিক্ষা দেব।"

একজন বনূ ফাযার গোত্রীয় কবি 'আদব' শব্দটি তার কবিতায় ব্যবহার করেছেন,

كَذٰلِكَ أُدِّبْتُ حَتّٰى صَارَ مِنْ خُلُقِيْ   إِنِّيْ وَجَدْتُ مِلَاكَ الشِّيْمَةِ الْأَدَبَا .

"আমাকে এভাবে আদব শিক্ষা দেওয়া হয়েছে যে, আদব আমার স্বভাবে পরিণত হয়েছে। আমি আদবকে আমার স্বভাবের ভিত্তিরূপে পেয়েছি। [হামাসা : বাবুল আদব]

বনূ উমায়্যার শাসনামলেই আদব শব্দটি এমন সব জ্ঞানের জন্য ব্যবহৃত হতে থাকে, যেগুলো ধর্ম ও ধর্মীয় বিষয়ের সাথে সম্পর্কহীন। যেমন : কাব্য চর্চা, গল্প, জীবন চরিত, আরবের যুদ্ধ-বিগ্রহের ইতিহাস, তদানীন্তন ঘটনাবলি ও অবস্থা ইত্যাদি। তাছাড়া তখন শিষ্টতা ও সদাচারকেও 'আদব' বলা হতো।

লিসানুল আরব -এর লেখক 'আদব' শব্দের আলোচনা প্রসঙ্গে বলেন, আদব দু'ভাগে বিভক্ত : ১. আত্মার পরিশীলন। ২. গদ্য ও পদ্যের শিক্ষা। প্রথম শতাব্দী থেকে এ পর্যন্ত 'আদব' শব্দটি এ দু'অর্থেই ব্যবহৃত হয়ে আসছে।

দ্বিতীয় শতাব্দী : দ্বিতীয় শতাব্দীর প্রথমার্ধে আরবি ভাষা সংক্রান্ত শাস্ত্রসমূহ যথা লুগাত, নাহব, সরফ ইত্যাদির উন্নতি সাধিত হলে এগুলো পারিভাষিক রূপ গ্রহণ করে এবং এসব শাস্ত্র 'পাঠ্য আদব' -এর অন্তর্ভুক্ত হয়ে যায়। ফলে 'পাঠ্য আদব' -এর পরিসীমা বৃদ্ধি লাভ করে। তখন থেকে গদ্য-পদ্য, জীবন চরিত, ইতিহাস, লুগাত, নাহ্‌ব, সরফ, ও সমালোচনাশাস্ত্রের জন্য 'আদব' শব্দের ব্যবহার হতে থাকে। কিন্তু এ ধারণা দীর্ঘদিন থাকে নি।

তৃতীয় শতাব্দী : হিজরি তৃতীয় শতাব্দীতে 'আদব' শব্দটি পুনরায় 'শাস্ত্রীয় আদব' ও 'চরিত্র গঠন' এ উভয় অর্থে ব্যবহৃত হতে থাকে। তবে গদ্য-পদ্য ও তৎসংশ্লিষ্ট শাস্ত্রসমূহ এবং ইতিহাস, জীবন চরিত, আরবের যুদ্ধ-বিগ্রহের ঘটনাবলি এবং সমালোচনাশাস্ত্রও এতে শামিল থাকে। এ শতাব্দীতে উন্নত মানের সাহিত্য গ্রন্থাবলি রচিত হয়। যেমন : ১. জাহিয [মৃত্যু : ২৫৫ হি.] কৃত اَلْبَيَانُ وَالتَّبْيِيْنُ ২. ইবনে কুতায়বা [মৃত্যু : ২৭৬ হি.] কৃত, اَلشِّعْرُ وَالشُّعَرَاءُ ৩. আল মুবাররিদ [মৃত্যু : ২৮৫ হি.] কৃত, اَلْكَامِلُ

এ গ্রন্থগুলো আরবি সাহিত্যের প্রাচীন গ্রন্থরূপে পরিগণিত হয়। এ শতাব্দীতে 'আদব' শব্দটি চরিত্র গঠন অর্থে অধিক প্রচলন লাভ করে এবং এ শিরোনামে কতিপয় গ্রন্থ ও অধ্যায় রচিত হয়। যেমন : ১. আবুল আব্বাস সারাখসী [মৃত্যু : ২৮৬ হি.] কৃত, أَدَبُ النَّفْسِ ২. কবি কুশাজিম [মৃত্যু : ৩৬০ হি.] কৃত, أَدَابُ النَّدِيْمِ ৩. ইমাম বুখারী [মৃত্যু : ২৫৬ হি.] কৃত, বুখারী শরীফের অধ্যায় بَابُ الْأَدَبِ ৪. আবূ তাম্মাম [মৃত্যু : ২৩১ হি.] কৃত, দীওয়ানুল হামাসার একটি অধ্যায় بَابُ الْأَدَبِ উল্লেখযোগ্য।

চতুর্থ শতাব্দী : চতুর্থ শতাব্দীতে লুগাত, নাহব ও সরফ আদব থেকে পৃথক হয়ে যায়। সমালোচনা শাস্ত্র ও অলংকার শাস্ত্র আদবের অন্তর্ভুক্ত থাকে। এ সময় সমালোচনা শাস্ত্রের বিশেষ উন্নতি সাধিত হয়। বুহতুরী ও আবূ তাম্মামের কাব্যের তুলনীয় বিচার-বিশ্লেষণ এবং পরবর্তীতে মুতানাব্বীর ভক্ত ও বিরোধীদের আলোচনা-গবেষণায় সমালোচনা সাহিত্য বেশ উৎকর্ষ লাভ করে। এ সময় আমেদী [মৃত্যু : ৩৭১ হি. মতান্তরে ৩৭০ হি.] তার اَلْمُوَازَنَةُ بَيْنَ الطَّائِيَيْنِ ও আবুল হাসান জুরজানী [মৃত্যু : ৩৯২ হি.] তাঁর اَلْوَسَاطَةُ بَيْنَ الْمُتَنَبِّيْ وَخُصُوْمِهِ রচনা করেন। তখন থেকে সমালোচনাশাস্ত্র এক স্বতন্ত্র শাস্ত্রের রূপ লাভ করে। এ শাস্ত্রে প্রাচীনতম নির্ভরযোগ্য গ্রন্থাবলি এই : কুদামা ইবনে জা'ফর [মৃত্যু : ৩৩৭ হি.] কৃত, نَقْدُ الشِّعْرِ ও نَقْدُ النَّثْرِ। আবূ হিলাল আল-আসকারী [মৃত্যু : ৩৯৫ হিজরির পরে] কৃত, اَلصِّنَاعَتَيْنِ। আবুল ফারাজ আল-আসবাহানী [মৃত্যু : ৩৫৬ হি.] কৃত, اَلْأَغَانِيْ। ইবনু আব্দি রাব্বিহ [মৃত্যু : ৩২৮ হি.] কৃত, اَلْعِقْدُ الْفَرِيْدُ।

পঞ্চম শতাব্দী : হিজরি পঞ্চম শতাব্দীর সমাপ্তিকাল পর্যন্ত আরবি সাহিত্যের গুরুত্বপূর্ণ শাস্ত্রসমূহ স্বতন্ত্র শাস্ত্রের রূপ লাভ করে। তবে আরবি ভাষার নিয়ম-নীতি সংক্রান্ত বিষয়াদি, যেমন : মা'আনী, বায়ান, সরফ, নাহব ইত্যাদি শামিল থাকে। কাশফু'জ-জুনূনের লেখক বলেন, কোন কোন শাস্ত্র আদবের অন্তর্ভুক্ত তা নিয়ে উলামায়ে কেরামের মধ্যে অনেক মতানৈক্য রয়েছে। ইবনুল আন্‌বারী আদবকে আট প্রকারে ভাগ করেছেন। কিন্তু যামাখশারী ও জুরজানীর মতে ১২টি শাস্ত্র আদব -এর অন্তর্ভুক্ত। তন্মধ্যে ৮টি মূল-নীতিমালা সংক্রান্ত এবং অপর ৪টি শাখাগত। এ সম্পর্কে পূর্বে আলোচনা করা হয়েছে।

সাক্কাকী [মৃত্যু : ৬২৬ হি.] তাঁর مِفْتَاحُ الْعُلُوْمِ গ্রন্থে, ইয়াকূত হামাবী [মৃত্যু : ৬২৬ হি.] তাঁর مُعْجَمُ الْأُدَبَاءِ গ্রন্থে এবং শরীফ জুরজানী [মৃত্যু: ৮১৬ হি.] مُقَدَّمَةُ شَرْحِ الْمِفْتَاحِ গ্রন্থে এসব সাহিত্যশাস্ত্র নিয়ে আলোচনা করেছেন।

আরবি সাহিত্যের ইতিহাস

প্রখ্যাত ভাষাবিদ আহমদ হাসান যায়্যাত আরবি সাহিত্যের ইতিহাসকালকে পাঁচ ভাগে বিভক্ত করেছেন :

১. জাহিলী যুগ :

খ্রিস্টীয় পঞ্চম শতাব্দীর মাঝামাঝি সময় যখন ইয়ামানীদের থেকে আদনানীরা পৃথক হয়ে যায় তখন থেকে এ যুগের সূচনা এবং ইসলামের বিস্তার কালের শুরু তথা ৬২১ খ্রিস্টাব্দে এর সমাপ্তি।

জাহিলী যুগের গদ্য সাহিত্য :

বলা বাহুল্য যে, সব কালেই সব দেশের মানুষের মনের ভাব প্রকাশের প্রধান মাধ্যম হলো গদ্য। আরবরাও তার ব্যতিক্রম ছিল না, এটাই স্বাভাবিক। কিন্তু জাহিলী যুগের আরবদের সামাজিক জীবনে মনের ভাব আদান-প্রদানে যে সাহিত্য-শক্তির স্ফুরণ ঘটেছিল তা থেকে যৎকিঞ্চিৎই ইতিহাসের পাতায় সংরক্ষিত হয়েছে। লেখা ও আনুষ্ঠানিক শিক্ষার অনুন্নতির কারণে তাদের গদ্য সাহিত্য পুরোপুরি সংরক্ষিত হয় নি। তবু কারও কারও বক্তৃতা, উপদেশ, গল্প, দার্শনিক বাক্য ও গুণগাঁথার যাদুবৎ সাহিত্য-শক্তির আকর্ষণে তা থেকে যতটুকু তৎকালীন সাহিত্য-প্রিয় লোকদের স্মৃতিতে গেঁথে ছিল তা পরবর্তীকালে রচিত ইতিহাসের পাতায় বর্ণনাকারীদের ধারা-পরম্পরায় বর্ণিত হয়েছে। সেগুলো জাহিলী যুগের অনুপম গদ্য সাহিত্যের স্বাক্ষর। সে যুগের যে সকল অনলবর্ষী বক্তার বক্তৃতা তখনকার সাহিত্যামোদীরা দীর্ঘকাল যাবৎ স্মৃতিতে ধারণ করে রাখার আগ্রহ বোধ করত তাদের মধ্যে সবিশেষ উল্লেখযোগ্য কয়েকজনের নাম :

১. কুস্‌স্‌ ইবনে সায়েদা আল-ইয়াদী [মৃত্যু : আনু. ২৩ হি. পূ.]
২. আমর ইবনে কুলসুম আত-তাগলিবী [মৃত্যু : আনু. ৪০ হি. পূ.]
৩. আকসাম ইবনে সায়ফী আত-তামীমী [মৃত্যু : ৯ হি.]
৪. আল-হারিস ইবনে 'উবাদ আল-বাকরী [মৃত্যু : আনু. ৫০ হি. পূ.]
৫. কায়স ইবনে যুহায়র আল-আবসী [মৃত্যু : ১০ হি.]
৬. আম্‌র ইবনে মা'দী কারিব আয-যুবায়দী [মৃত্যু : ২১ হি.]

জাহিলী যুগের কবিতা :

আরবের জাহিলী যুগের গদ্য সাহিত্য পুরোপুরি সংরক্ষণ করা না গেলেও কবিতার প্রতি আরবদের স্বভাবগত ঝোঁক ও তাদের স্মৃতিশক্তির প্রখরতার কারণে সে যুগের কাব্য সাহিত্যের একটি উল্লেখ্যযোগ্য অংশ সংরক্ষিত হয়েছে এবং তা বর্তমানেও সংকলিত আকারে পাওয়া যায়। সেকালের যে সকল খ্যাতনামা কবির কবিতায় সে যুগের কাব্য-সাহিত্যের ভাণ্ডার সমৃদ্ধ হয়ে আছে তন্মধ্যে কয়েকজনের নাম :

১. ইমরাউল কায়স হুন্দুজ ইবনে হুজর আল-কিন্দী [মৃত্যু : ৮০ হি. পূ.]
২. যুহায়র ইবনে আবী সুলমা আল-মুযানী [মৃত্যু : ১৩ হি. পূ.]
৩. তারাফা ইবনু'ল আব্দ আল-বাকরী [মৃত্যু : ৬০ হি. পূ.]
৪. আন-নাবিগা যিয়াদ ইবনে মু'আবিয়া আয-যুবয়ানী [মৃত্যু : আনু. ১৮ হি. পূ.]
৫. আল-আ'শা মায়মূন ইবনে কায়স আল-ওয়ায়েলী [মৃত্যু : ৭ হি.]
৬. 'আনতারা ইবনে 'আমর ইবনে শাদ্দাদ আল-আবসী [মৃত্যু : আনু. ২২ হি. পূ.]

Free @ www.e-ilm.weebly.com

Free @ www.e-ilm.weebly.com

৭. আমর ইবনে কুলসূম আত-তাগলিবী [মৃত্যু : আনু. ৪০ হি. পূ.]
৮. আল-হারিস ইবনে হিল্লিযাহ আল-ইয়াশকুরী [মৃত্যু : আনু. ৫০ হি. পূ.]
৯. লাবীদ ইবনে রাবী'আ আল-আমিরী [মৃত্যু : ৪১ হি.]
১০. হাতেম ইবনে আব্দুল্লাহ আত-তাঈ [মৃত্যু : ৪৬ হি. পূ.]
১১. উমায়্যা ইবনে আবিস-সালত আস-সাকাফী [মৃত্যু : ৫ হি.]

২. ইসলামের বিস্তার যুগ ও বনূ উমায়্যার শাসনামল :

ইসলামের বিস্তারকাল তথা ৬২২ খ্রিস্টাব্দ মুতাবিক প্রথম হিজরি থেকে এ যুগের সূচনা এবং আব্বাসী শাসনামল প্রতিষ্ঠার সময় অর্থাৎ ১৩২ হিজরির পূর্বে এর সমাপ্তি।

ইসলামের বিস্তার যুগে গদ্য সাহিত্য :

প্রথম হিজরি থেকে ইসলামের বিস্তার যখন ব্যাপক আকারে শুরু হয় তখন থেকে ইসলামের শিক্ষা ও আদর্শের প্রচার মাধ্যম হিসাবে আরবি ভাষা ব্যবহৃত হওয়ার কারণে খোদ আরবি ভাষার প্রচার-প্রসারের ক্ষেত্রেও এক মহা বিপ্লব সূচিত হয়। এখানে উল্লেখ্য যে, পবিত্র কুরআনই আরবি ভাষার সর্ব প্রথম গ্রন্থ, যা একটি স্বতন্ত্র গ্রন্থ হিসাবে রূপ লাভ করে। যেহেতু ইসলামী শিক্ষা ও আদর্শের উৎস গ্রন্থ আল-কুরআনুল কারীম আরবি ভাষায় লিপিবদ্ধ, তাই স্বাভাবিক কারণে কুরআন পাকের জ্ঞান চর্চার আগ্রহে মুসলমানদের আরবি ভাষা চর্চার প্রতি আগ্রহ বৃদ্ধি পায়। সুতরাং একটি আদর্শিক ও বৈপ্লবিক শিক্ষার উৎস গ্রন্থ তথা আল্লাহ তা'আলার বাণী হিসাবে যেমন পবিত্র কুরআন এক অপরিসীম গুরুত্বপূর্ণ অবস্থানে রয়েছে, তেমনি গ্রন্থাকারে রূপ লাভ করা আরবি ভাষার প্রথম গ্রন্থ হিসাবেও আরবি ভাষা ও সাহিত্যের ইতিহাসে তার অবস্থান সর্বাগ্রে। আল-কুরআনের আদর্শিক ও দার্শনিক শিক্ষা ছাড়াও কেবল মহান আল্লাহ তা'আলার অনুপম বাণী হিসাবে তার সাহিত্য মানের দৃষ্টিতেও রাসূলুল্লাহ ﷺ -এর মু'জিযা স্বরূপ পবিত্র কুরআনের প্রকাশ ঘটেছিল। সুতরাং পবিত্র কুরআন হলো ইসলামি আরবী সাহিত্যেরও প্রথম গ্রন্থ।

পবিত্র কুরআনের পর ইসলামি আরবি সাহিত্যের দ্বিতীয় আকর বা উৎস হলো হযরত রাসূলুল্লাহ ﷺ থেকে বর্ণিত হাদীসের বিশাল ভাণ্ডার। হাদীস শরীফ পবিত্র কুরআনের ব্যাখ্যা ও বিশ্লেষণ স্বরূপ। এদিক থেকে মানুষের জীবনে আকায়েদ, ইবাদত, লেন-দেন, সামাজিকতা, নৈতিকতা ও রাজনীতির ক্ষেত্রে যেমন হাদীস শরীফ দিক-নির্দেশক হিসাবে কাজ করে, তেমনি হাদীসের এ বিশাল ভাণ্ডার যে ইসলামি আরবি সাহিত্যেরও এক অমূল্য সম্পদ, তা অনস্বীকার্য।

ইসলামের বিস্তার যুগে কবিতা :

জাহিলী যুগে কবিতা ছিল গোত্রীয় গর্বগাঁথা, বীরত্ব, যুদ্ধ, নিন্দা, প্রশংসা, শিকার, বাহনজন্তু, মদ ও নারীর রূপ-যৌবন ইত্যাদিকে কেন্দ্র করে আবর্তিত। যেহেতু মানুষের পরকালীন মুক্তি এবং পৃথিবীকে একটি সুস্থ, সুন্দর, উন্নত ও আদর্শ সমাজ উপহার দেওয়া ও আল্লাহর দীনকে সমস্ত মতাদর্শের মোকাবিলায় বিজয়ী করে তোলার দৃঢ় প্রত্যয় নিয়ে ইসলামের আবির্ভাব, তাই ইসলাম আরবদের অযথা ও অহেতুক গর্ব-অহংকার, অন্যায়, অবিচার ও অশ্লীলতা রোধ কল্পে বিভিন্ন প্রয়াস গ্রহণ করে। তারই অংশ হিসাবে জাহিলী যুগের অসংখ্য অপরাধের হাতিয়ার হিসাবে ব্যবহৃত 'কাব্যচর্চা'-কে নানাভাবে অনুৎসাহিত করে। এ ব্যাপারে মানুষের মানসিক পরিবর্তন আনয়ন ও তাদেরকে ভাল কাজে নিয়োজিত করার লক্ষ্যে বিভিন্ন উপমা-উৎপ্রেক্ষার মাধ্যমে কাব্যচর্চায় অধিক মনোনিবেশ করার এবং মন্দ কবিতাচর্চার অপকারিতা তুলে ধরে। যার ফলে জাহিলী যুগের অন্যতম প্রধান কবি হিসাবে খ্যাত হযরত লাবীদ (রা.) ইসলাম গ্রহণের পর কাব্যচর্চা ছেড়ে দেন। তখন তাঁকে কাব্যচর্চা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলতেন, আল্লাহ তা'আলা আমাকে কবিতার পরিবর্তে সূরা বাকারা ও সূরা আলে ইমরান দান করেছেন। তিনি ব্যতীত সাহাবায়ে কেরামের মধ্যে আরও যারা কাব্যচর্চার প্রতিভা রাখতেন তারাও জাহিলী যুগের ন্যায় কাব্যচর্চাকে জীবনের ব্রত বা অপরিহার্য কর্ম হিসাবে গ্রহণ করার প্রতি বেশি উৎসাহ বোধ করেন নি। তবুও সাহাবায়ে কেরামের যুগে যে কাব্যচর্চা বা রচনা হয় নি, এমন নয়। তার কারণ এই যে, হযরত রাসূলুল্লাহ ﷺ এক দিকে যেমন কাব্যের প্রতি অধিক মনোনিবেশকে অনুৎসাহিত করেছেন এবং মন্দ কবিতাচর্চা অপছন্দ করেছেন, তেমনি ভালো কবিতাকে সমর্থনও করেছেন। বলেছেন, "কবিতার ভালটা ভালো, মন্দটা মন্দ।" আরও বলেছেন, "কোনো কোনো কবিতা প্রজ্ঞাদীপ্ত হয়ে থাকে।" এছাড়া কাফির কবিদের অযথা গর্ব, কুৎসা ও নিন্দা রটনার জবাবে হযরত হাস্সান ইবনে সাবিত (রা.)-কে মসজিদে নববীর মিম্বরের উপর দাঁড় করিয়ে কবিতার জবাব দিতে উৎসাহিত করেন। কোনো কোনো সময় কোনো কবির যথার্থ ও প্রজ্ঞাদীপ্ত শ্লোক বা কবিতা শুনে আনন্দবোধও করেছেন। এ সময় যারা কাব্য চর্চা করেছেন তাঁদের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য কয়েকজন :

Free @ www.e-ilm.weebly.com

সাহাবায়ে কেরামের মধ্যে :
১. কা'ব ইবনে যুহায়র (রা.) [মৃত্যু : ২৬ হি.]
২. হাস্সান ইবনে সাবিত (রা.) [মৃত্যু : ৫৪ হি.]
৩. আলী ইবনে আবী তালিব (রা.) [মৃত্যু : ৪০ হি.]
৪. আব্দুল্লাহ ইবনে রাওয়াহা (রা.) ড়মৃত্যু : ৮ হি.]
৫. আল-খানসা তুমাযির বিনতে আমর (রা.) [মৃত্যু : ২৪ হি.]

কাফিরদের মধ্যে :
৬. আল-হুতায়্যা জারওয়াল ইবনে আওস আল-'আবসী। [মৃত : আনু. ৪৫ হি.]

বনূ উমায়্যার শাসনামলে কবিতা :
বনূ উমায়্যার শাসনামলে কাব্য চর্চা বৃদ্ধি পায়। এ সময় বেশ কিছু খ্যাতনামা কবির আবির্ভাব ঘটে। তাঁদের মধ্য থেকে কয়েকজনের নাম নিম্নে প্রদত্ত হলো :
১. আমর ইবনে আবী রাবী'আ [মৃত্যু : ৯৩ হি.]
২. আল-আখতাল গিয়াস ইবনে গাওস [মৃত্যু : ৯৫ হি.]
৩. আল-ফারাযদাক হাম্মাম ইবনে গালিব [মৃত্যু : ১১০হি.]
৪. জারীর ইবনে 'আতিয়্যা আত-তামীমী [মৃত্যু : ১১০হি.]
৫. আত-তিরিম্মাহ ইবনে হাকীম আত-তাঈ [মৃত্যু : ১০০হি.]

৩. বনূ আব্বাসিয়ার যুগ :

হযরত রাসূলুল্লাহ (সা.)-এর চাচা হযরত আব্বাস (রা.)-এর বংশধররা আব্বাসী শাসনামলের প্রতিষ্ঠাতা। এ কারণে তাদের শাসনামলকে আব্বাসী যুগ বলা হয়। আব্বাসীয়রা সুদীর্ঘ ৫২৫ বছর যাবৎ ইসলামি খেলাফতের নেতৃত্ব দেন। এ দীর্ঘ শাসনামলে তাদের ৩৭ জন খলীফা গদীনসীন হন। এ যুগটি মুসলিম খিলাফত বিস্তারের পাশাপাশি জ্ঞান-বিজ্ঞান ও সাহিত্যের উন্নয়নের জন্যও 'সোনালী যুগ' হিসাবে আখ্যাত হয়ে থাকে। এ সময় জ্ঞান-বিজ্ঞান ও সাহিত্যের বিভিন্নমুখী উন্নয়ন সাধিত হয়। যেমন– গদ্য, কবিতা, গল্প-কাহিনী, নাহব, হাদীস, ফিকহ, দর্শন ইত্যাদি।

কালক্রমের হিসাবে এ যুগের গদ্য লেখকগণ চারটি স্তরে বিভক্ত :

প্রথম স্তরের ইমাম তথা প্রধান হলেন : আব্দুল্লাহ ইবনুল মুকাফ্ফা [মৃত্যু : ১৪২ হি.]। এ স্তরে তাঁর সাথে আরও যাঁরা রয়েছেন তাঁদের মধ্যে ইয়াকুব ইবনে দাউদ [মৃত্যু : ১৮৭ হি.], জা'ফর ইবনে ইয়াহইয়া [মৃত্যু : ১৮৭ হি.], আল-হাসান ইবনে সাহল [মৃত্যু : ২৩৬ হি.], আমর ইবনে মাসআদা [মৃত্যু : ২১৭ হি.], সাহল ইবনে হারুন [মৃত্যু : ২১৫ হি.], আল-হাসান ইবনে ওয়াহাব [মৃত্যু : ২৫০ হি.] বিশেষভাবে উল্লেখযোগ্য।

দ্বিতীয় স্তরের ইমাম হলেন : আবূ উসমান 'আমর ইবনে জাহিয [মৃত্যু : ৫৫ হি.]। এ স্তরে তাঁর সাথে যাঁরা রয়েছেন, তাঁদের মধ্যে অন্যতম আব্দুল্লাহ ইবনে মুসলিম ইবনে কুতায়বা [মৃত্যু : ২৭৬ হি.], আবুল আব্বাস মুহাম্মদ ইবনে ইয়াযীদ আল-মুবাররিদ [মৃত্যু : ২৮৫ হি.], ইব্রাহীম ইবনুল আব্বাস আস-সূলী [মৃত্যু : ২৪৩ হি.]।

তৃতীয় স্তরের ইমাম হলেন : আবুল ফযল মুহাম্মদ ইবনুল হুসাইন ওরফে ইবনুল 'আমীদ [মৃত্যু : ৩৬০ হি.]। এ স্তরে তাঁর সাথে আরও যাঁরা রয়েছেন তাঁদের মধ্যে উল্লেখযোগ্য কয়েকজন হলেন : আস-সাহিব [ইসমাঈল] ইবনে ইবনে আব্বাদ [মৃত্যু : ৩৮৫ হি.], আল-ওয়াযীর আল-হাসান ইবনে মুহাম্মদ আল-মুহাল্লাবী [মৃত্যু : ৩৫২ হি.], আবূ বকর মুহাম্মদ ইবনে আব্বাস আল-খুওয়ারিযমী [মৃত্যু : ৩৮৩ হি.], আবুল ফযল আহমদ ইবনুল হুসাইন ওরফে বদীউয-যামান হামাযানী [মৃত্যু : ৩৯৮ হি.], ইবরাহীম ইবনে হিলাল আস-সাবি' [মৃত্যু : ৩৮৪ হি.], আবূ মানসূর আব্দুল মালিক ইবনে মুহাম্মদ আস-সা'আলিবী [মৃত্যু : ৪২৯, মতান্তরে ৪৩০ হি.] আল-কাসিম ইবনে আলী আল-হারীরী [মৃত্যু : ৫১৬ হি.]।

চতুর্থস্তরের ইমাম হলেন : আবূ আলী আব্দুর রহীম আল-বায়সানী ওরফে আল কাযী আল-ফাযিল [মৃত্যু : ৬৯৫ হি.]। এ স্তরে তাঁর সাথে আরও যাঁরা রয়েছেন তাঁদের মধ্যে অন্যতম হলেন নাসরুল্লাহ ইবনে মুহাম্মদ ওরফে ইবনুল আসীর আল কাতিব [মৃত্যু : ৬৩৭ হি.], আবূ আব্দুল্লাহ ইমাদুদ্দীন মুহাম্মদ ইবনে মুহাম্মদ আল-কাতিব আল-আসবাহানী [মৃত্যু : ৫৯৭ হি.]।

আব্বাসী যুগে কবিতা :

আব্বাসী যুগে যারা বাগদাদে কবিতা রচনা করেছেন তাদের মধ্যে রয়েছেন : মুতী ইবনে ইয়াস [মৃত্যু : ১৬৬ হি.], হাম্মাদ 'আজরদ [মৃত্যু : ১৬১ হি.], হুসাইন ইবনু'য-যাহ্হাক [মৃত্যু : ২৫০ হি.], আবূ নুওয়াস হাসান ইবনে হানি' [মৃত্যু ১৯৯ হি.],

Free @ www.e-ilm.weebly.com

মুসলিম ইবনুল ওয়ালীদ [মৃত্যু : ১০৮ হি.], আবান ইবনে আব্দিল হামীদ [মৃত্যু : ২০০ হি.], আবুল আতাহিয়্যাহ ইসমাঈল ইবনুল কাসিম [মৃত্যু : ২১১ হি.], আবূ দুলামা [মৃত্যু : ১৬১ হি.], মারওয়ান ইবনে আবী হাফসা [মৃত্যু : ১৮২ হি.], আব্বাস ইবনুল-আহনাফ [মৃত্যু : ১৯২ হি.], আলী ইবনুল জাহম [মৃত্যু : ২৪৯ হি.], দে'বেল আল-খুযাঈ [মৃত্যু : ২৪৯ হি.], আলী ইবনে জাবালা আল-আকাওওয়াক [মৃত্যু : ২১৩ হি.], আবুল হাসান 'আলী ইবনে আব্বাস ওরফে ইবনুর রূমী [মৃত্যু : ২৮৪ হি.], আমীরুল মু'মিনীন আবু'ল আব্বাস আব্দুল্লাহ ইবনুল খলীফা আল-মু'তায [মৃত্যু : ২৯৬ হি.], আবুল হাসান মুহাম্মদ ইবনুল হুসাইন ওরফে আশ-শরীফ আর-রযী [মৃত্যু : ৪০৪ হি.], আবূ ইসমাঈল আল-হুসাইন ইবনে আলী ওরফে আত-তুগরায়ী [মৃত্যু : ৫১৩ হি.]।

আব্বাসী যুগে শামে যাঁরা কাব্য চর্চা করেছেন : তাঁদের মধ্যে রয়েছেন : আবূ তাম্মাম হাবীব ইবনে আওস [মৃত্যু : ২৩১ হি.], আবূ উবাদা ওয়ালীদ ইবনে উবায়দুল্লাহ আল-বুহতুরী [মৃত্যু : ২৮৪ হি.], আবু'ত-তায়্যিব আহমদ ইবনু'ল হুসাইন আল-মুতানাব্বী [মৃত্যু : ৩৫৪হি.], আবু'ল-হারিস ইবনে আবু'ল 'আলা ওরফে আবূ ফিরাস আল-হামদানী [মৃত্যু : ৩৫৭ হি.], আবু'ল 'আলা আহমদ ইবনে আব্দু'ল্লাহ আল-মা'আররী [মৃত্যু : ৪৪৯ হি.]

আব্বাসী যুগে যারা আন্দালুসে কাব্য চর্চা করেছেন : তাঁদের মধ্যে রয়েছেন : আবূ উমার আহমদ ইবনে মুহাম্মদ ইবনে আব্দে রাব্বিহ [মৃত্যু : ৩২৮ হি.], আবু'ল-কাসেম মুহাম্মদ ইবনে হানি' [মৃত্যু : ৩৬৩ হি.], আবু'ল ওয়ালীদ আহমদ ইবনে আব্দু'ল্লাহ ইবনে যায়দূন [মৃত্যু : ৪৬২ হি.], আব্দুল জাব্বার ইবনে হামদীস আস-সিকিল্লী [মৃত্যু : ৫৩৭ হি.], আবূ ইসহাক ইবরাহীম ইবনে আবু'ল ফাত্হ ওরফে ইবনে খাফাজা আল-আন্দালুসী [মৃত্যু : ৫৩৩ হি.], আবূ আব্দু'ল্লাহ লিসানু'দ-দীন মুহাম্মদ ইবনে আব্দু'ল্লাহ ওরফে ইবনুল খতীব [মৃত্যু : ৭৭৬ হি.]।

ফাতেমী শাসনামলে মিসরে কাব্য চর্চা :

আব্বাসীদের শাসন ক্ষমতার দুর্বলতার সুযোগে যখন ফাতেমীরা মিসরে শাসন ক্ষমতা কায়েম করে তখন যারা মিসরে কাব্য চর্চা করেছেন তাঁদের মধ্যে অন্যতম কয়েকজন : কামালুদ্দীন ইবনু'ন্নাবীহ [মৃত্যু : ৬১৯ হি.], আবূ হাফ্স আম্র ইবনে আলী ওরফে ইবনুল ফারিয [মৃত্যু : ৬৩২ হি.], আবুল ফযল বাহাউদ্দীন যুহায়র ইবনে মুহাম্মদ আল-মুহাল্লাবী [মৃত্যু : ৬৫৬ হি.]।

৪. তুর্কী যুগ :

বাগদাদের পতনের পর থেকে এ যুগের সূচনা এবং ১২২০ হিজরির পূর্বে এর সমাপ্তি।

এ সময় যারা গদ্য, কাব্য, অভিধান, ইতিহাস ইত্যাদিতে অসামান্য অবদান রাখেন তাঁদের মধ্যে কয়েকজন হলেন : সফিয়ুদ্দীন আবু'ল-বারাকাত আব্দুল-আযীয আল-হিল্লী [মৃত্যু : ৭৫০ হি.], জামালুদ্দীন মুহাম্মদ ইবনু'ল মুকাররম ওরফে ইবনে মানজুর [মৃত্যু : ৭১৪ হি.], আবুল ফিদা ইমাদুদ্দীন ইসমাঈল ইবনে আলী আল-আয়্যুবী [মৃত্যু : ৭৩২ হি.], আবূ যায়দ আব্দুর রহমান ইবনে মুহাম্মদ ওরফে ইবনে খালদূন [মৃত্যু : ৮০৮ হি.], আস-সায়্যিদা আয়েশা বিনতে ইউসুফ আল-বাউনিয়্যা [মৃত্যু : ৯২২ হি.]

৫. আধুনিক যুগ :

মিসরে মুহাম্মদ আলী [মৃত্যু : ১২৬৪ হি.] -এর ক্ষমতায় আরোহণ [১২২০ হি.]-এর পর থেকে এ যুগের সূচনা।

আধুনিক যুগে গদ্য সাহিত্য : এ কালে যারা আরবি গদ্য সাহিত্যকে নিজেদের অমূল্য লেখা ও সাহিত্য দ্বারা সমৃদ্ধ করেছেন তাঁদের মধ্যে রয়েছেন : জামালুদ্দীন আল-আফগানী [মৃত্যু : ১৩১৪ হি.], আল-উসতাযুল ইমাম মুহাম্মদ আব্দুহু [মৃত্যু : ১৩২৩ হি.], আশ-শায়খ আলী ইউসুফ [মৃত্যু : ১৩৩১ হি.], ইবরাহীম আল-মুওয়াইলিহী [মৃত্যু : ১৩২৩ হি.], হিফনী নাসিফ [মৃত্যু : ১৩৩৭ হি.], বাহিসা আল-বাদিয়া [মৃত্যু : ১৩৩৬ হি.], মুসতাফা লুত্ফী আল-মানফুলুতী [মৃত্যু : ১৩৪২ হি.], আব্দুল আযীয আশ-শাবীশ [মৃত্যু : ১২৪৭ হি.], নাসীফ আল-ইয়াযেজী [মৃত্যু : ১২৮৭ হি.], ইবরাহীম আল-ইয়াযেজী [মৃত্যু : ১৩২৩ হি.], হামযা ফাতহুল্লাহ [মৃত্যু : ১৩৩৬ হি.]।

আধুনিক যুগে কাব্য :

আধুনিক কালে যাঁরা কাব্য সাহিত্যে স্বীকৃত অবদান রেখেছেন তাঁদের মধ্যে রয়েছেন : মাহমূদ সামী ইবনে হাসান বিক হুসনী আল-বারূদী [মৃত্যু : ১৩২১ হি.], ইসমাঈল সাবরী [মৃত্যু : ১৩৪১ হি.], আহমদ শাওকী ইবনে আলী ইবনে আহমদ শাওকী [মৃত্যু : ১৩৫১ হি.], মুহাম্মদ হাফিজ ইবরাহীম [মৃত্যু : ১৩৫০ হি.], জামীল সিদকী আয-যাহাবী [মৃত্যু : ১৩৫৪ হি.]।

Free @ www.e-ilm.weebly.com

আরবি সাহিত্যের রুক্‌ন চতুষ্টয় :
আল্লামা ইবনে খালদূন বলেন, আমরা শিক্ষার আসরে আমাদের শ্রদ্ধেয় শিক্ষকদের নিকট শুনেছি, আরবি সাহিত্যের রুকন অর্থাৎ, মৌলিক গ্রন্থ চারটি : ১. ইবনে কুতায়বা [মৃত্যু : ২৭৬ হি.] কৃত, আদাবুল কাতিব; আল মুবাররিদ [মৃত্যু : ২৮৫ হি. কৃত, আল-কামিল; আল-জাহিয [মৃত্যু : ২৫৫ হি.] কৃত, আল-বায়ান ওয়াত-তাবয়ীন; আবূ আলী আল-কালী [মৃত্যু : ৩৫৬ হি.] কৃত, কিতাবু'ন-নাওয়াদির তথা আল-আমালী। –[তারীখে ইবনে খালদূন, মুকাদ্দিমা, পৃ. ৫৫৩]।

কবিদের স্তরভেদ :

ভাষাবিদগণ বলেন : কালক্রমে ও সাহিত্যের মান বিচারে আরবি ভাষার কবিদেরকে সাতটি স্তরে বিভক্ত করা হয় :

প্রথম স্তর : اَلْجَاهِلِيُّوْنَ জাহিলী যুগের কবিগণ, যারা ইসলামের আবির্ভাব কাল পান নি। তার পূর্বেই তাদের মৃত্যু হয়েছে। যেমন : ইমরাউল কায়স [মৃত্যু : ৮০ হি. পূ.], যুহায়র [মৃত্যু : ১৩ হি. পূ.], তারাফা [মৃত্যু : ৬০ হি. পূ.]।

দ্বিতীয় স্তর : اَلْمُخَضْرَمُوْنَ যারা জাহিলী যুগেও কাব্য চর্চা করেছেন এবং ইসলামের আবির্ভাবের পরেও তা অব্যাহত রেখেছেন। যেমন : হযরত হাস্‌সান ইবনে সাবিত [মৃত্যু : ৫৪ হি.], কাব ইবনে যুহায়র [মৃত্যু : ২৬ হি.]।

তৃতীয় স্তর : اَلْمُتَقَدِّمُوْنَ مِنْ أَهْلِ الْإِسْلَامِ আব্বাসী শাসনামলের প্রথম দিককার কবিগণ। যেমন : জারীর [মৃত্যু : ১১০ হি.], ফারাযদাক [মৃত্যু : ১১০ হি.] যু'র-রুম্মা গায়লান ইবনে 'উকবা [মৃত্যু : ১১৭ হি.] প্রমুখ।

চতুর্থ স্তর : مُخَضْرَمُو الدَّوْلَتَيْنِ যে সকল কবি উমায়্যা শাসনামল ও আব্বাসী শাসনামল উভয়কালে কাব্য চর্চা করেছেন। যেমন : আল-মাররার ইবনে সাঈদ, হাম্মাদ 'আজরদ [মৃত্যু : ১৬১ হি.]।

পঞ্চম স্তর : اَلْمُوَلَّدُوْنَ যারা উপরিউক্ত (مُخَضْرَمُو الدَّوْلَتَيْنِ) কবিদের পরবর্তী কালে আব্বাসী যুগে কাব্য চর্চা করেছেন। যেমন : বাশশার ইবনে বুরদ [মৃত্যু : ১৬৭ হি.], মুতী' ইবনে ইয়াস [মৃত্যু : ১৬৬ হি.]।

ষষ্ঠ স্তর : اَلْمُحْدَثُوْنَ যারা اَلْمُوَلَّدُوْنَ কবিদের পরবর্তী যুগে কাব্য চর্চায় খ্যাতি অর্জন করেছেন। যেমন : তাম্মাম [মৃত্যু : ২৩১ হি.], আল-বুহতুরী [মৃত্যু : ২৮৪ হি.]।

সপ্তম স্তর : اَلْمُتَأَخِّرُوْنَ যারা اَلْمُحْدَثُوْنَ কবিদের পরবর্তী যুগে কাব্য চর্চায় অবদান রেখেছেন। যেমন : আল-মুতানাব্বী [মৃত্যু : ৩৫৪ হি.], আবূ ফিরাস হামাদানী [মৃত্যু : ৩৫৭ হি.]।

এই সপ্ত স্তরের কবিদের মধ্যে প্রথম চার স্তরের কবিদের কবিতার ভাষা ও ভাব উভয়টি এবং পঞ্চম স্তরের কবিদের কবিতার ভাষা প্রমাণ স্বরূপ পেশ করা যাবে। ষষ্ঠ স্তরের কবিদের কবিতা প্রমাণ স্বরূপ পেশ করার ব্যাপারে মতভেদ রয়েছে। কারও মতে, তাদের কবিতা প্রমাণ স্বরূপ পেশ করা যাবে না, আবার কারও মতে ভাবের ক্ষেত্রে প্রমাণ স্বরূপ পেশ করা যাবে, ভাষার ক্ষেত্রে নয়। কেউ কেউ এ অভিমতও পোষণ করেছেন যে, তাদের মধ্যে যারা স্বীকৃত ও নির্ভরযোগ্য রয়েছেন তাদের কবিতা প্রমাণ স্বরূপ পেশ করা যাবে, ঢালাও ভাবে সবার কবিতা প্রমাণ স্বরূপ পেশ করা যাবে না। সপ্তম স্তরের কবিদের কবিতার ব্যাপারে সকল ভাষাবিদ একমত যে, তাদের কবিতা প্রমাণ স্বরূপ পেশ করা যাবে না।

কবিদের স্তরভেদ বর্ণনায় আহমদ হাসান যায়্যাতের অভিমত :
প্রখ্যাত আরবি ভাষাবিদ আহমদ হাসান যায়্যাত কবিদের স্তরভেদ ভিন্ন রকম বর্ণনা করেছেন। তিনি বলেন, কাল পরিক্রমার হিসাবে কবিদের স্তর চারটি :

প্রথম স্তর : اَلْجَاهِلِيُّوْنَ যারা ইসলামের আবির্ভাবের পূর্বেই মৃত্যু বরণ করেছেন অথবা ইসলামের আবির্ভাবের পর তারা কাব্য চর্চায় উল্লেখযোগ্য কোনো অবদান রাখেন নি। যেমন : ইমরাউল কায়স [মৃত্যু : ৮০ হি. পূ.], যুহায়র [মৃত্যু : ১৩ হি. পূ.], উমায়্যা ইবনে আবি'স-সালত [মৃত্যু : ৫ হি.], লবীদ [মৃত্যু : ৪১ হি.]।

দ্বিতীয় স্তর : اَلْمُخَضْرَمُوْنَ যারা জাহিলী যুগে ও ইসলামের আবির্ভাবের পর উভয় যুগে কাব্য চর্চায় খ্যাতি লাভ করেছেন। যেমন : আল-খানসা রা. [মৃত্যু : ২৪ হি.], হাসান ইবনে সাবিত রা. [মৃত্যু : ৫৪ হি.]।

তৃতীয় স্তর : اَلْإِسْلَامِيُّوْنَ ইসলামি যুগেই যাদের কাব্য চর্চার উত্থান হয়েছে এবং যারা ভাষার উৎকর্ষ ধরে রাখতে সক্ষম হয়েছেন। যেমন, উমায়্যা শাসনামলের কবিগণ : ফারাযদাক [মৃত্যু : ১১০ হি.], জারীর [মৃত্যু : ১১০ হি.], আল-আখতাল [মৃত্যু : ৯৫ হি.]।

চতুর্থ স্তর : اَلْمُوَلَّدُوْنَ যাদের কবিতায় ভাষাগত দুর্বলতা আছে, কিন্তু তারা কবিতাকে আলঙ্কারিক সৌন্দর্যে সৌন্দর্যমণ্ডিত করতে চেষ্টা করেছেন। যেমন : আব্বাসী যুগের কবিগণ তথা আবূ তাম্মাত [মৃত্যু : ২৩ হি.], মুতানাব্বী [মৃত্যু : ৩৫৪ হি.] প্রমুখ।

Free @ www.e-ilm.weebly.com

লেখক পরিচিতি

নাম ও বংশ পরিচয় : নাম : কাসিম, উপনাম : আবূ মুহাম্মাদ। পিতার নাম : আলী। পিতামহের নাম : মুহাম্মদ এবং প্রপিতামহের নাম : উসমান। তাঁর পূর্ব পুরুষরা হারীর অর্থাৎ, রেশমের চাষ বা ব্যবসা করতেন বলে তাঁদেরকে হারীরী বলা হত। সে সূত্রে তাঁকেও হারীরী বা ইবনুল হারীরী বলা হয়। তিনি বনূ হারাম গোত্রে জন্ম গ্রহণ করেছিলেন– এ কারণে তাঁকে হারামীও বলা হয়ে থাকে।

জন্ম : তিনি ছাব্বিশতম আব্বাসী খলীফা আল-কায়েম বি-আমরিল্লাহর শাসনামল [৪২২–৪৬৭ হি.]-এ ইরাকের বসরা শহরের নিকটবর্তী মাশান জনপদে ৪৪৬ হি. সালে জন্মগ্রহণ করেন। পরবর্তীকালে তিনি বসরার বনূ হারাম মহল্লায় বসবাস করেন। কোনো কোনো ঐতিহাসিকের মতে, তিনি বসরাতেই জন্মগ্রহণ করেন। মু'জামুল উদাবা প্রণেতা ইয়াকূত হামাবী ও যাফারুল মুহাসসিলীনের লেখক মাওলানা হানীফ গাঙ্গূহী প্রমুখের বর্ণনা মতে, তিনি খলীফা মুসতারশিদ বিল্লাহর শাসনামলে জন্মগ্রহণ করেন। কিন্তু এটা সঠিক নয়; বরং তিনি তাঁর আমলে মৃত্যুবরণ করেছেন। কেননা খলীফা মুসতারশিদ বিল্লাহর শাসনামল ছিল ৫১২ হি. থেকে ৫২৯ হি. পর্যন্ত। –[দ্র. আল-বিদায়া ওয়ান-নিহায়া, ১২ খ., পৃ. ১৮২-২০৮]

শিক্ষা-দীক্ষা : আল্লামা হারীরী নিজেদের রেশমের ব্যবসাকে পছন্দের দৃষ্টিতে দেখতেন না। জ্ঞান ও সাহিত্যের প্রতি তাঁর অত্যধিক ঝোঁকই ছিল এর একমাত্র কারণ। ফলে তিনি রেশমের ব্যবসার পরিবর্তে জ্ঞানী-গুণীদের আসর ও ইলমের মজলিসকেই নিজের জন্য বেছে নেন। তাঁদের সান্নিধ্যকে নিজের জীবনের জন্য অমৃত তুল্য মনে করেন। তাই তিনি নিরলস শ্রম ও সাধনার মাধ্যমে সমকালীন আলিমদের কাছ থেকে ইলম ও আদব [জ্ঞান ও সাহিত্য] অর্জন করেন। তিনি [আবুল কাসিম] আল-ফযল ইবনে মুহাম্মদ আল-কাসবানী ও আবুল হাসান আলী ইবনে ফায়যাল আল-মুজাশিঈর নিকট আরবি সাহিত্য, আবূ নাস্‌র আব্দুস সায়্যিদ ইবনে মুহাম্মদ ওরফে ইবনুস সাব্বাগ ও আবূ ইসহাক শীরাযীর নিকট ফিক্‌হ, আবূ হাকীম আব্দুল্লাহ ইবনে ইবরাহীম আল-খাব্‌রীর নিকট ফরায়েয ও অংক এবং আবূ তাম্মাম মুহাম্মদ ইবনুল হাসান [মতান্তরে, ইবনুল হুসাইন] আল-মুকরী, আল-কাসিম আবুল-ফাযল ইবনে মুহাম্মদ ইবনে আলী আল-নাহবী, আবুল কাসিম আল-হুসাইন আল-বাকিল্লানী প্রমুখের নিকট হাদীস শিক্ষা করেন। –[দ্র. তারীখে বাগদাদ, পরিশিষ্ট, ১৯ খ., পৃ. ২১৯]

সাহিত্য-চর্চা : তাঁর রচিত মাকামাত পাঠে বুঝা যায় যে, আরবি ব্যাকরণ, ভাষা ও শব্দভাণ্ডার পরিপূর্ণভাবে তাঁর করায়ত্ত ছিল। এ কারণে তিনি অল্প দিনের মধ্যেই সমসাময়িক পণ্ডিতবর্গের উপর নিজের প্রাধান্য বিস্তার করতে সমর্থ হন। তিনি যেহেতু আরবদের ইতিহাস, কাব্য ও ভাষা-লালিত্য সম্পর্কে গভীর জ্ঞান রাখতেন তাই বিদগ্ধ মহলে তাঁর পাণ্ডিত্য স্বীকৃত হয় এবং তিনি অনন্য খ্যাতি অর্জন করেন। এভাবে তিনি জ্ঞানসাধক মনীষীদের মধ্যে গণ্য হতে থাকেন।

ধনাঢ্যতা ও পদমর্যাদা : ঐতিহাসিক ইবনে খাল্লিকান লেখেন, আল্লামা হারীরী ছিলেন একজন ধনী ব্যক্তি। বসরায় তাঁর আঠার হাজার খেজুর গাছের এক বিশাল বাগান ছিল। যেহেতু তিনি তথ্যসচিবের পদে অধিষ্ঠিত ছিলেন, তাই সুধীমহল ও সর্বসাধারণের নিকট তাঁর বিশেষ সম্মান ও মর্যাদা ছিল। ইতিহাসবিদ শায়খ আবূ আব্দুল্লাহ 'ইমাদুদ্দীন মুহাম্মদ ইবনে মুহাম্মদ আল-কাতিব আল-আসবাহানী [মৃত্যু : ৫৯৭ হি.] প্রণীত 'খারীদাতুল কাস্‌র' নামক গ্রন্থের বরাতে আল্লামা ইয়াকূত হামাবী [মৃত্যু : ৬২৬ হি.] উল্লেখ করেন যে, আল্লামা হারীরী [সম্ভবত খলীফা মুস্তাজহির বি আমরিল্লাহ ও তাঁর ভাই খলীফা মুস্তারশিদ বিল্লাহর শাসনামলে] বসরায় তথ্যসচিবের পদে আজীবন অধিষ্ঠিত ছিলেন এবং আব্বাসী খলীফা মুকতাফী লি-আমরিল্লাহ'র শাসনামল [৫৩০-৫৫৫ হি.] পর্যন্ত তাঁর বংশধরদের মধ্যে এ পদ বহাল থাকে। –[মু'জামুল উদাবা, ৪খ., পৃ. ৫৯৭]

গুণ-গরিমা : আল্লামা হারীরী ছিলেন প্রখর মেধাবী, বুদ্ধিমান, সূক্ষ্ম চিন্তাশীল, ভাষা ও সাহিত্যে অপ্রতিদ্বন্দ্বী এক ব্যক্তি। অভিধানশাস্ত্র, প্রবাদ-প্রবচন, বাগধারা, আরবি ব্যাকরণ ও অলঙ্কার শাস্ত্রে তিনি বিশেষ পাণ্ডিত্যের অধিকারী ছিলেন। গদ্য ও পদ্য উভয় সাহিত্যে তাঁর সমান দক্ষতা ছিল।

গদ্য-চর্চা : আল্লামা হারীরীকে আরবি গদ্যের ক্ষেত্রে অলৌকিক শক্তিধররূপে গণ্য করা হয়। তাঁর প্রতিটি বাক্য যেন আল্লাহ তা'আলার বিশেষ দান এবং সাহিত্যিক ও শৈল্পিক মানে সফল উত্তীর্ণ। তাঁর প্রতিটি বাক্য যেন ছন্দের পোশাক ও অলঙ্কারে সুসজ্জিত। তাঁর ভাষা ও সাহিত্যে যেমন কোনো কোনো ক্ষেত্রে রয়েছে প্রভাতের মৃদুমন্দ বায়ুর প্রভাব, তেমনি তাঁর শব্দে রয়েছে স্ফুলিঙ্গের ন্যায় আবেগ ও উত্তেজনা। ভাষার ক্ষমতা বলে যদি কোনো প্রস্তর বিগলিত হওয়া বা অগ্নি নির্বাপিত হওয়া সম্ভব হয় তবে তা একমাত্র হারীরীর ভাষা দ্বারাই সম্ভব। তাঁর গদ্য সাহিত্যের দু'টো অনুপম নিদর্শন রয়েছে। তার একটি হলো আর

-রিসালাতু'স -সীনিয়্যা। এতে তিনি প্রতিটি শব্দে সীন (س) হরফটি ব্যবহার করেছেন। দ্বিতীয়টি হলো, আর-রিসালতু'শ-শীনিয়্যা। এর প্রতিটি শব্দে তিনি (ش) হরফটি ব্যবহার করেছেন। এ দু'টি রিসালা আরবি টীকাসহ এ ভূমিকার শেষে যুক্ত করে দেওয়া হয়েছে।

কাব্য-চর্চা : গদ্য সাহিত্যের ন্যায় কাব্য রচনায়ও তিনি সিদ্ধহস্ত ছিলেন। কাব্য চর্চায় তিনি ছিলেন জাহিলী কবিদের অনুসারী। তাই তিনি অধিকাংশ কবিতা ইমরাউল কায়স, যুহায়র, আমর ইবনে কুলসুম প্রমুখের অনুসরণে বাহরে কামিল ও বাহরে তাবীল মুতাবিক রচনা করেন। তাঁর কাব্যাবলি সংকলিত একটি দীওয়ান [কাব্যসমগ্র]-ও রয়েছে। মাকামাতে উল্লিখিত কাব্যাবলির মধ্যে মোট ছয়টি বয়াত [দু'টি মুকাদ্দিমায়, দু'টি দ্বিতীয় মাকামায় এবং দু'টি পঁচিশতম মাকামায়] ব্যতীত সবই তাঁর নিজের রচিত।

হারীরীর গুণ-গরিমার স্বীকৃতি : আবুল ফালাহ আব্দুল হাই ইবনে আহমদ ওরফে ইবনুল 'ইমাদ হাম্বলী তাঁর শাযারাতু'য-যাহাব গ্রন্থে লেখেন, হারীরী হলেন সাহিত্যের পতাকাবাহী এবং গদ্য ও পদ্যের বীর অশ্বারোহী। তিনি আরও বলেন, হারীরী হলেন যুগের 'অনন্য বিস্ময়' ও দুর্লভ ব্যক্তিত্ব।

আবুল ফাত্হ হিবাতুল্লাহ ইবনে ফযল বলেন, হারীরী তাঁর সমকালীন এমন বিশিষ্ট ব্যক্তিদের অন্যতম, যারা পূর্ববর্তী মনীষীদের মধ্যে গণ্য হয়ে থাকেন। কিন্তু আপন গুণ-গরিমা ও বৈশিষ্ট্যের দিক থেকে তাঁদেরকেও অতিক্রম করে গেছেন।

ইয়াকূত হামাবী তাঁর 'মু'জামুল উদাবা'-য় লেখেন, আমার দেখা এক বিস্ময়কর ঘটনা এই যে, আমি যখন আমার যৌবনে ৫৯৩ হিজরিতে 'আমেদ' শহরে গমন করি তখন আমি জানতে পারলাম যে, আলী ইবনুল হাসান ওরফে শুমায়ম হিল্লী নামক এক খ্যাতনামা পণ্ডিত সেখানে অবস্থান করেন। তিনি পূর্ববর্তীকালের কোনো বিদগ্ধ মনীষী বা তাঁর নিকট অতীতের কোনো পণ্ডিত ব্যক্তিকে তেমন হিসাবে আনেন না এবং কারও গুণ-গরিমা ও মর্যাদা স্বীকার করেন না। আমি যখন তাঁর কাছে উপস্থিত হলাম তখন আমি তাঁকে জ্ঞানী-গুণীদের নিয়ে সমালোচনা ও মন্তব্য করতে এবং তাদেরকে তুচ্ছ-তাচ্ছিল্য করতে দেখলাম, আর তা শুনতে থাকলাম। অবশেষে বিরক্ত হয়ে আমি বললাম, আপনার দৃষ্টিতে কি পূর্ববর্তীকালের বিদগ্ধ মনীষীদের মধ্যে কোনো অভিজ্ঞ পণ্ডিত ব্যক্তি নেই? উত্তরে তিনি বললেন, হাঁ, তিনজন আছেন : ১. মুতানাব্বী প্রশংসা ও গুণকীর্তনে। তবে আমি যদি তাঁর পন্থা অনুসরণ করি তাহলে তিনি আমার চেয়ে এগিয়ে থাকবেন না। তাঁর অনুরূপ মর্যাদা ও স্বীকৃতি আমি নিজের জন্য ছিনিয়ে আনতে পারব। ২. ইবনে নুবাতা খুতবায়। তবে আমার খুতবা তাঁর খুতবার চেয়ে উৎকৃষ্ট এবং সকল মানুষের কাছে অধিক সমাদৃত, পরিচিত ও প্রসিদ্ধ এবং ৩. ইবনুল হারীরী মাকামাতে। আমি বললাম, আপনি তো হারীরীর অনুকরণ করতে পারেন, তাতে আপনার বাধা কোথায়? এরূপ একটি মাকামাত লিখে ফেলুন, যার ফলে হারীরীর মাকামাত মানুষের মন থেকে বিস্মৃত হয়ে যায় এবং তার সকল সুনাম আপনার নিকট চলে আসে। তিনি বললেন, বৎস! সত্য কথা স্বীকার না করে উপায় নেই। আসলে আমি তিনবার মাকামাত রচনা করেছি। কিন্তু প্রত্যেকবারই যখন আমি আমার রচনাকে ভালোভাবে প্রত্যক্ষ করেছি এবং হারীরীর মাকামাতের সাথে তুলনা করেছি তখন আমার রচিত মাকামাত হারীরীর মাকামাতের তুলনায় নিম্নমানের মনে হয়েছে। সুতরাং আমি তা চৌবাচ্চায় ফেলে ধুয়ে ফেলেছি। আমার ধারণা এই যে, আল্লাহ তা'আলা আমাকে হারীরীর গুণ-গরিমা ও মর্যাদা তুলে ধরার জন্যই সৃষ্টি করেছেন। -[মু'জামুল উদাবা, ৪খ., পৃ. ৬০০-৬০১]

উল্লেখ্য যে, সেকালে সাধারণত গাছের পাতা বা চামড়া বা তদনুরূপ কোনো বস্তুতে লেখার কাজ করা হতো। তখন কাগজ অত্যন্ত দুষ্প্রাপ্য ছিল। এমতাবস্থায় উক্ত বস্তুসমূহের লেখায় ভুল-ভ্রান্তি হলে কিংবা কোনো প্রয়োজনে মুছে ফেলার প্রয়োজন হলে তা পানি দ্বারা ধুয়ে ফেলা হতো।

দৈহিক গঠন ও আকৃতি : আল্লামা ইয়াকূত হামাবী তাঁর 'মু'জামুল উদাবা' গ্রন্থে বলেন,

وَكَانَ غَايَةً فِي الذَّكَاءِ وَالْفِطْنَةِ وَالْفَصَاحَةِ وَالْبَلَاغَةِ وَلَهُ تَصَانِيفُ تَشْهَدُ بِفَضْلِهِ وَتُقِرُّ بِنُبْلِهِ وَكَفَاهُ شَاهِدًا كِتَابُ الْمَقَامَاتِ الَّتِيْ أَبَرَّ بِهَا عَلَى الْأَوَائِلِ وَأَعْجَزَ الْأَوَاخِرَ، وَكَانَ مَعَ هٰذَا الْفَضْلِ قَذِرًا فِيْ نَفْسِهِ وَصُوْرَتِهِ وَلِبْسَتِهِ وَهَيْئَتِهِ قَصِيْرًا ذَمِيْمًا بَخِيْلًا مُبْتَلًى بِنَتْفِ لِحْيَتِهِ ـ

"আল্লামা হারীরী অত্যন্ত ধীসম্পন্ন, সতর্ক ও শীর্ষ ভাষাপণ্ডিত ছিলেন। তাঁর রচনাবলি তাঁর গুণ-গরিমার সাক্ষ্য বহন করে এবং তার বিদগ্ধতার স্বীকৃতি দেয়। তাঁর মাকামাত গ্রন্থখানি, যার দ্বারা তিনি তাঁর পূর্ববর্তীদের চেয়ে এগিয়ে গেছেন এবং পরবর্তীদেরকে অপারগ করে দিয়েছেন, তাঁর পাণ্ডিত্যের স্বাক্ষররূপে যথেষ্ট। কিন্তু এসব গুণাবলি সত্ত্বেও তিনি আকার-আকৃতি, চেহারা-সূরত ও লেবাস-পোশাকে ছিলেন অসুন্দর। তিনি দৈহিকভাবে খাটো, অপছন্দনীয় এবং কৃপণ ও দাড়ি ছিড়তে অভ্যস্ত ছিলেন।" -[মু'জামুল উদাবা, ৪খ., পৃ. ৫৯৭]

Free @ www.Filmweebly.com

Free @ www.e-ilm.weebly.com

আল্লামা আহমদ হাসান যায়্যাত বলেন, হারীরীর চেহারা ছিল অসুন্দর, দৈহিক গঠন ছিল খাটো এবং তিনি স্বভাবত কৃপণ ছিলেন। ময়লা পোশাক পরিধান করতেন, চিন্তা-ভাবনার সময় দাড়ি ছিঁড়তে অভ্যস্ত ছিলেন। −[তারীখুল আদাবিল আরাবী, পৃ. ১৭৮]

নম্রতা, সহনশীলতা ও সত্য স্বীকারের প্রবণতা :

আল্লামা হারীরী অত্যন্ত সহনশীল, সৎস্বভাব ও সত্য-প্রিয় মানুষ ছিলেন। কেউ তাঁকে তাঁর কোনো ভুল-ত্রুটি সম্পর্কে অবহিত করলে তিনি সন্তুষ্ট চিত্তে নিজের ভুল স্বীকার করে নিতেন এবং যিনি তাঁর ভুল-ত্রুটি সম্পর্কে অবহিত করতেন তাকে তিনি সম্মান করতেন। একবার জাবির ইবনে হিবাতুল্লাহ মাকামাত পড়ার সময় এক জায়গায় شَغْفًا مُغْبَرًّا -এর পরিবর্তে سَغْبًا مُغْتَرًّا পড়ায় তিনি বলেন, তুমি বড়ই সুন্দর পরিবর্তন করলে। .... আমি যদি নিজ হাতে মাকামাতের সাত শ' কপি না লিখে থাকতাম, যা আমার সামনে পঠিত হয়েছে, তবে আমি আমার শব্দটি পরিবর্তন করে এ শব্দটি লিখে দিতাম।

−[মু'জামুল উদাবা, ৪খ., পৃ. ৫৯৯-৬০০]

রসিকতা : তিনি একজন মহাপণ্ডিত ব্যক্তি হওয়া সত্ত্বেও সহাস্যবদন ও রসিক স্বভাবের ছিলেন। চুটকি ও রসাত্মক কথাবার্তা বলতে পছন্দ করতেন এবং তার দ্বারা বাহবা কুড়াতে পারঙ্গম ছিলেন।

একবার এক ব্যক্তি তাঁর সুনাম শুনে তাঁর কাছে জ্ঞান আহরণ করতে যান, কিন্তু তাঁর চেহারা দেখে তাঁকে লোকটির পছন্দ হয়নি। আল্লামা হারীরী বিষয়টি বুঝে ফেলেন। এরপর যখন লোকটি তাঁর কাছ থেকে কিছু লিখে নিতে চাইলেন তখন তিনি লোকটিকে নিম্নের এ দু'টি শ্লোক লিখিয়ে দেন :

مَا أَنْتَ أَوَّلُ سَارٍ غَرَّهُ الْقَمَرُ ··· وَرَائِدٍ أَعْجَبَتْهُ خَضْرَةُ الدِّمَنِ
فَاخْتَرْ لِنَفْسِكَ غَيْرِىْ أَنَّنِىْ رَجُلٌ ··· مِثْلُ الْمُعَيْدِىْ، فَاسْمَعْ بِىْ وَلَا تَرَنِىْ

"তুমিই প্রথম নৈশপথিক নও, যাকে চাঁদের আলো বিভ্রান্ত করেছে এবং তুমিই প্রথম চারণভূমি অন্বেষণকারী নও, যাকে আবর্জনার উপর উৎপন্ন শ্যামলতা বিমুগ্ধ করেছে। সুতরাং তুমি নিজের জন্য আমি ব্যতীত অন্য কাউকে [শিক্ষকরূপে] গ্রহণ কর। কেননা আমি মু'আয়দীর[১] মতো। অতএব তুমি আমার কথা শোন, কিন্তু আমার চেহারা দেখো না।" এতে লোকটি লজ্জিত হয়ে যান। [ওয়াফায়াতুল আ'য়ান, ৪খ., পৃ. ৬৬-৬৭]

তাকওয়া-পরহেযগারী : আল্লামা হারীরী ছিলেন একজন দুনিয়া-বিমুখ, পরহেজগার ও স্বচ্ছ হৃদয়ের অধিকারী ব্যক্তি। আব্বাসী শাসনামলে যদিও উচ্ছৃঙ্খল আমোদ-প্রমোদ ও মদ্যপানের ব্যাপক প্রচলন ছিল, তবু তিনি এ সব কার্যকলাপ থেকে দূরে থাকতেন। মদ্যপায়ীদের তিনি আন্তরিকভাবে ঘৃণা করতেন।

জাবির ইবনে যুহায়র বলেন, আমি একবার 'মাশান' নামক জনপদে তাঁর কাছে মাকামাত পড়ছিলাম। ইতোমধ্যে তিনি তাঁর ছাত্র আবূ যায়দ মুতাহ্হার ইবনে সাল্লারের [মতান্তরে সাল্লামের] শরাব পানের কথা শুনে তাকে শাসিয়ে একটি কবিতা লিখে পাঠান।

أَبَا زَيْدٍ اِعْلَمْ أَنَّ مَنْ شَرِبَ الطِّلَا ··· تَدَنَّسَ فَافْهَمْ سِرَّ قَوْلِىْ الْمُهَذَّبِ
وَمِنْ قَبْلُ سُمِّيْتَ الْمُطَهَّرَ وَالْفَتٰى ··· يُصَدِّقُ بِالْأَفْعَالِ تَسْمِيَةَ الْأَبِ
فَلَا تَحْسُهَا كَيْمَا تَكُوْنَ مُطَهَّرًا ··· وَإِلَّا فَغَيِّرْ ذٰلِكَ الْإِسْمَ وَاشْرَبِ

অর্থাৎ 'হে আবূ যায়দ, তুমি জেনে রাখ, যে ব্যক্তি শরাব পান করে সে অপবিত্র হয়ে যায়। সুতরাং তুমি আমার এ মার্জিত কথাটি রহস্য বুঝে নাও। ইতঃপূর্বে তোমার নামকরণ করা হয়েছে মুতাহ্হার মানে পবিত্রীকৃত। সৎসাহসী যুবক নিজের কর্মকাণ্ড দ্বারা পিতার নামকরণকে যথার্থ প্রমাণিত করে। কাজেই তুমি শরাব পান করো না, যাতে তুমি পবিত্র থাকতে পার। অন্যথা তুমি এ নাম পরিবর্তন করে ফেল এবং শরাব পান কর।"

কবিতাটি তাঁর কাছে পৌঁছার পর তিনি কুরআন শরীফ হাতে নিয়ে খালি পায়ে তাঁর কাছে উপস্থিত হন এবং আর কখনও মদ্যপান করবেন না বলে কুরআন শরীফে ছুঁয়ে শপথ ব্যক্ত করেন। তখন আল্লামা হারীরী তাকে বললেন, তুমি মদ্যপায়ীদের কাছেও যেয়ো না। −[মু'জামুল উদাবা, ৪খ., পৃ. ৬০৩-৬০৪]

---

১. মু'আয়দী : এরূপ এক গাল্পিক চরিত্র, যার যথেষ্টগুণ-গরিমা রয়েছে, কিন্তু তার চেহারা দেখতে অসুন্দর।

Free @ www.e-ilm.weebly.com

আল্লামা হারীরী ব্যক্তিগত জীবনে আদব-আখলাকের প্রতি এত বেশি যত্নবান ছিলেন যে, তিনি নির্জন স্থানেও পা প্রসারিত করে বসতেন না। তিনি বলতেন, حِفْظُ الْأَدَبِ مَعَ اللّٰهِ أَحَقُّ আল্লাহ তা'আলার সাথে আদব প্রদর্শন অধিক শ্রেয়।

মৃত্যু : তিনি ৫১৬ হিজরিতে [মতান্তরে ৫১৫ হিজরিতে] বসরা নগরীর বনূ হারাম মহল্লায় ইনতিকাল করেন। যাফারুল মুহাস্‌সিলীনের লেখক তারীখে ইবনে খাল্লিকানের বরাতে উপরিউক্ত বর্ণনার উপর আপত্তি উত্থাপন করেছেন। কিন্তু তাঁর বরাত ও আপত্তি কোনোটিই সঠিক নয়। কেননা তিনি তারীখে ইবনে খাল্লিকানের উদ্ধৃতি দিয়ে বলেছেন যে, হারীরী যখন ৫৩৮ হিজরিতে ওয়াসিত নগরীতে গমন করেন তখন তাঁর নিকট আবুল ফাত্‌হ মুতাহ্‌হার ইবনে সাল্লাম [মতান্তরে সাল্লার] হারীরীর রচিত 'মুলহাতুল ই'রাব' পড়েছিলেন। সুতরাং তাঁর ৫১৫ কিংবা ৫১৬ হিজরিতে ইনতিকাল করার বর্ণনা সঠিক নয়।

অথচ ওয়াসিত নগরীতে গমনের বিষয়টি হারীরীর নয়; বরং মুতাহ্‌হার ইবনে সাল্লারই ৫৩৮ হিজরিতে ওয়াসিত নগরীতে গমন করেছিলেন এবং তাঁর কাছেই আবুল ফাত্‌হ মুহাম্মদ ইবনে আহমদ ইবনুল মান্‌দায়ী 'মুলহাতুল ই'রাব' কিতাবখানি পড়েছিলেন। এ জন্য দ্রষ্টব্য তারীখে ইবনে খাল্লিকান ৪ খ., পৃ. ৬৪-৬৫, শিরো. 'আল-হারীরী সাহিবু'ল-মাকামাত'। চরিত নং ৫৩৫; আরও দ্রষ্টব্য, আয-যিরিক্‌লী কৃত আল-আলাম, ৫ খ., পৃ. ১৭৭-৭৮, শিরো. আল-হারীরী, আল- কাসিম ইবনে 'আলী; ৭ খ., পৃ. ২৫৩, শিরো. আবূ যায়দ সারূজী, মুতাহহার ইবনে সাল্লার।

সন্তান-সন্ততি : ইবনে খাল্লিকানের মতে, তিনি দু'জন পুত্র সন্তান রেখে মারা যান। তাদের একজনের নাম, নাজমুদ্দীন আবুল কাসিম আব্দুল্লাহ। তিনি বাগদাদের শাসক ছিলেন। দ্বিতীয় জনের নাম, যিয়াউল ইসলাম উবায়দুল্লাহ। তিনি বসরায় বিচারপতি ছিলেন। আবূ মানসূর মাওহুব ইবনে আহমদ ওরফে আবূ মানসূর ইবনুল জাওয়ালীকী [মৃত্যু : ৫৪০ হি.] বলেন, উভয়জন আমাকে মাকামাতের 'ইজাযত' দান করেছেন। তাঁরা উভয়ে তাঁদের পিতার নিকট মাকামাত পাঠ করেছেন।

-[ওয়াফায়াতুল আ'য়ান, ৪খ., পৃ. ৬৭]

কোনো কোনো ঐতিহাসিক 'আবুল আব্বাস' নামক তাঁর আরেকজন পুত্র সন্তান ছিলেন বলে উল্লেখ করেছেন, যিনি মাশান জনপদে পিতার জায়গায় অধিষ্ঠিত ছিলেন।

রচনাবলি : তিনি বিভিন্ন বিষয়ের উপর উল্লেখযোগ্য কিছু গ্রন্থ রচনা করেছেন, যেগুলো তার অনন্য প্রতিভার স্বাক্ষর। যেমন :

১. دُرَّةُ الْغَوَّاصِ فِيْ أَوْهَامِ الْخَوَاصِّ এতে তিনি তার সমকালীন লেখকদের শব্দ ও বাক্যের অযথার্থ ব্যবহারের সমালোচনা করে সঠিক ব্যবহারের প্রতি দিক নির্দেশনা করেন। এটি তিনি ৫০৪ হিজরিতে রচনা করেন। গ্রন্থটি ১৩৭৩ হিজরিতে মিসর থেকে প্রকাশিত হয়। আল্লামা খাফাজী এর একটি ভাষ্য গ্রন্থ লেখেন, যা ১২৯৯ হিজরিতে কনষ্টান্টিনোপল থেকে প্রকাশিত হয়।

২. مُلْحَةُ الْإِعْرَابِ -এটি ৫০৪ হিজরির পরে রচনা করেন। এতে লেখক প্রাথমিক ক্লাসের ছাত্রদের জন্য নাহবের মাসায়েলকে আরবি পদ্যে বর্ণনা করেছেন। মুহাম্মদ ইবনে মুহাম্মদ হাযরামী এর একটি ভাষ্য গ্রন্থ লেখেন, যা ১৩০৬ হিজরিতে মিসর থেকে প্রকাশিত হয়। হারীরী নিজেও এর একটি ভাষ্য গ্রন্থ রচনা করেন। ফ্রান্স ভাষায় এর অনুবাদও হয়েছে, যা ১৮৮৫ হিজরিতে প্যারিস থেকে প্রকাশিত হয়।

৩. صُدُوْرُ زَمَانِ الْفُتُوْرِ وَفُتُوْرُ زَمَانِ الصُّدُوْرِ -এটি ইতিহাস গ্রন্থ।

৪. تَوْشِيْحُ الْبَيَانِ - কাশফু জ'জুনূন-এর লেখক এর উল্লেখ করেছেন।

৫. دِيْوَانُ الْحَرِيْرِيْ - এটি হারীরীর কাব্য সংকলন।

৬. دِيْوَانُ رَسَائِلِ الْحَرِيْرِيْ -এটি হারীরী রচিত ক্ষুদ্র ক্ষুদ্র রিসালাসমূহের সমষ্টি।

৭. اَلْمَقَامَاتُ الْحَرِيْرِيَّةُ এটি তাঁর শ্রেষ্ঠ ও অমর কীর্তি। এতে তিনি মোট পঞ্চাশটি মাকামা রচনা করেন।

Free @ www.e-ilm.weebly.com

বদীউয যামান হামাদানীর পরিচিতি

নাম ও বংশ পরিচয় : নাম : আহমদ, উপনাম আবুল ফযল, উপাধি বদীউযযামান। পিতার নাম : হুসাইন। পিতামহের নাম ইয়াহইয়া। প্রপিতামহের নাম সাঈদ।

জন্ম ও শিক্ষা-দীক্ষা : তিনি হিজরি ৩৫৮ সালে বর্তমান ইরানের হামাদান [ভিন্ন উচ্চারণ : হামাযান] শহরে জন্মগ্রহণ করেন এবং সেখানেই বেড়ে উঠেন। তিনি আরবি ও ফারসি উভয় ভাষার ইলম অর্জন করেন। তৎকালীন হামাদানের কোনো ভাষাবিদ পণ্ডিত ও সাহিত্যিক এমন ছিলেন না, যাঁর সকল ইলম তিনি আহরণ করেননি। এরপর তিনি হামাদান ত্যাগ করে মুআয়্যেদুদ্দৌলা ও ফখরুদদৌলা'র মন্ত্রী খ্যাতনামা আরবি সাহিত্যিক স্বতন্ত্র ধারার লেখক ইসমাঈল ইবনে আব্বাদ ওরফে আস-সাহিব ইবনে আব্বাদ [জন্ম : ৩২৬ হি., মৃত্যু : ৩৮৫ হি.]-এর নিকট গমন করে তাঁর জ্ঞান-গরিমা ও বদান্যতা লাভে ধন্য হন। এরপর জুরজান গমন করে শী'আ ইসমা'ঈলিয়্যা সম্প্রদায়ের আশ্রয়ে অবস্থান করেন এবং আবূ সাঈদ মুহাম্মদ ইবনে মনসূর-এর বিশেষ সান্নিধ্যপ্রাপ্ত হন। এছাড়া তিনি প্রখ্যাত আভিধানিক ও আরবি সাহিত্যিক ইমাম আবুল হাসান [মতান্তরে আবুল হুসাইন] আহমদ ইবনে ফারিস আল-কাযবীনী আর-রাযী প্রমুখের নিকটও ইলম অর্জন করেন এবং আরবি কাব্য ও সাহিত্যে নিজের উঁচু অবস্থান তৈরি করতে সক্ষম হন।

যোগ্যতা ও স্বীকৃতি : ইমাম সা'আলিবী 'ইয়াতীমাতুদ দাহর' গ্রন্থে তাঁকে ফখরে হামাদান [হামাদানের গৌরব] এবং ফরদে যামান [সমকালীন যুগের অপ্রতিদ্বন্দ্বী ব্যক্তি] ইত্যাদি বিশেষণ সহকারে উল্লেখ করেছেন। আবূ ইসহাক বলেন, বদীউয যামান [কালের অপ্রতিদ্বন্দ্বী ব্যক্তি] এমন একটি নাম, যা তাঁর ব্যক্তি সত্তার সাথে সম্পূর্ণ সমিল। তিনি ৩৮২ হিজরিতে নিশাপুর গমন করেন। সেখানে তাঁর আল্লাহপ্রদত্ত যোগ্যতা বিকশিত হয় এবং মানুষের মধ্যে তাঁর খ্যাতি ছড়িয়ে পড়ে। সেখানে তিনি চারশ' মাকামা প্রণয়ন করে লি৷পিবদ্ধ করান। এরপর তিনি আবূ বকর খুওয়ারিযমীর সাথে ইলমি তর্ক-বাহাসে জড়িয়ে পড়েন। আবূ বকর খুওয়ারিযমী তাঁর চেয়ে বয়সে বড় ও অধিক প্রসিদ্ধ ব্যক্তি ছিলেন। প্রথমে তাঁদের মধ্যে চিঠি-পত্রের আদান-প্রদান হয়। অবশেষে তা আনুষ্ঠানিক ইলমি বিতর্কসভার রূপ নেয়। এ ইলমি বিতর্কে কেউ আবূ বকর খুওয়ারিযমীকে, আবার কেউ বদীউয যামানকে বিজয়ী বলে অভিমত ব্যক্ত করেন। তবে বদীউয যামানের অদম্য যৌবন, বাগ্মিতা ও আত্মপ্রতিষ্ঠার স্বপ্ন-অভিলাষ তাঁকে সামনে অগ্রসর হতে সাহায্য করে। ফলে তিনি আবূ বকর খুওয়ারিযমীর চেয়ে এত বেশি অগ্রসর হয়ে যান যে, আমীর-অমাত্যদের নিকট তাঁর সুনাম-সুখ্যাতি ও সম্মান বেড়ে যায়। অপরদিকে আবূ বকর খুওয়ারিযমী'র ইন্তেকাল হয়ে গেলে প্রতিদ্বন্দ্বিতার ময়দান তাঁর একক দখলে এসে যায়। এরপর তিনি পারস্যের আমীর-অমাত্যদের নিকট থেকে সাহায্য-সহযোগিতা লাভের জন্য বিভিন্ন শহরে গমন করতে থাকেন। অবশেষে হেরাতে গিয়ে সেখানে স্থায়ীভাবে বসবাস শুরু করেন। সেখানে জনৈক নেতৃস্থানীয় সম্ভ্রান্ত আলিমের কন্যাকে বিবাহ করেন এবং অতি সুখ-স্বাচ্ছন্দ্যে বসবাস করতে থাকেন।

মেধার প্রখরতা : তিনি অত্যন্ত প্রখর মেধাবী ছিলেন। কোনো গ্রন্থ আগে থেকে পড়া ব্যতিরেকেই কেবল একবার দেখে বহু পৃষ্ঠার পর পৃষ্ঠা পুঙ্খানুপুঙ্খ মুখস্থ বলে দিতে পারতেন। তাতে একটি হরফও কমবেশি হতো না। কখনো কোনো জটিল বিষয়ে তাঁকে কোনো রচনা প্রস্তুত করতে বলা হলে তৎক্ষণাৎ তিনি তা করে দিতেন। কখনো তিনি রচনার শেষ লাইন থেকে লেখা শুরু করতেন এবং রচনার প্রথম লাইনে এসে তা সমাপ্ত করতেন, তবু তাঁর রচনার শব্দ, বাক্য ও অর্থের বিন্যাস ও যথাযর্থতা বজায় থাকত। কখনো কোনো ফারসি কবিতা তাঁর সামনে উপস্থাপন করে তার আরবি অনুবাদ করতে বলা হলে তিনি অনুপমভাবে দ্রুত তা সম্পাদন করে দিতেন।

আল্লামা সা'আলিবী 'ইয়াতীমাতুদ দাহর' গ্রন্থে [৪খ., পৃ. ২৪১] বলেন, একবার পঞ্চাশটি বয়াত সম্বলিত একটি কবিতা তাঁর সামনে পঠিত হয়, যা তিনি এর আগে কখনও শুনেননি, সে কবিতাটি একবার শুনেই তাঁর মুখস্থ হয়ে যায়। আল্লামা সা'আলিবী তাঁর সম্পর্কে বলেন–

فَإِنَّهُ كَانَ صَاحِبَ عَجَائِبَ ، وَبَدَائِعَ وَغَرَائِبَ وَكَانَ مَعَ هٰذَا مَقْبُولَ الصُّوْرَةِ، خَفِيْفَ الرُّوْحِ، حَسَنَ الْمَعْشَرَةِ، نَاصِعَ الظَّرْفِ، عَظِيْمَ الْخُلْقِ، شَرِيْفَ النَّفْسِ، كَرِيْمَ الْعَهْدِ، خَالِصَ الْوُدِّ، حُلْوَ الصَّدَاقَةِ، مُرَّ الْعَدَاوَةِ .... أَمْلٰى أَرْبَعَ مِئَةِ مَقَامَةٍ، نَحَلَهَا أَبَا الْفَتْحِ الْإِسْكَنْدَرِيَّ .... مِنْ لَفْظٍ أَنِيْقٍ، قَرِيْبِ الْمَأْخَذِ، بَعِيْدِ الْمَرَامِ وَسَجْعٍ رَشِيْقِ الْمَطْلَعِ وَالْمَقْطَعِ كَسَجْعِ الْحَمَامِ .... نَادَاهُ اللّٰهُ فَلَبَّاهُ وَفَارَقَ دُنْيَاهُ فِيْ سَنَةِ ثَلَاثٍ وَّتِسْعِيْنَ وَثَلَاثِ مِئَةٍ فَقَامَتْ نَوَادِبُ

Free @ www.e-ilm.weebly.com

الأدب وانثلم حد القلم وبكاه الفضائل مع الأفاضل ورثاه الأكارم مع المكارم على أنه ما مات من لم يمت ذكره، ولقد خلد من بقي على الأيام نظمه ونثره، والله عز وجل يتولاه بعفوه وغفرانه ويحييه بروحه وريحانه.

আল্লামা বদীউয যামান হামাদানীর মাকামাতের মতো তার পত্রাবলি এবং রিসালাগুলোও বেশ প্রসিদ্ধ। আল্লামা ইবনে খাল্লিকান ওয়াফায়াতুল আ'য়ান [১খ., পৃ. ১২৮] গ্রন্থে তাঁর কিছু পত্র উল্লেখ করেছেন। তাঁর একটি পত্র এরূপ–

الماء إذا طال مكثه، ظهر خبثه وإذا سكن متنه تحرك نتنه وكذلك الضيف يسمج لقاؤه، إذا طال ثواؤه ويثقل ظله، إذا انتهى محله، والسلام.

"পানি যখন দীর্ঘদিন আবদ্ধ থাকে তখন তা নষ্ট হয়ে যায়। আর নষ্ট পানি যখন স্থির হয়ে থাকে তখন তার দুর্গন্ধ বেশি ছড়িয়ে পড়ে। তদ্রূপ মেহমানের অবস্থান দীর্ঘ হলে তার সাক্ষাৎ অপছন্দনীয় হয় এবং তার অবস্থিতি শেষমাত্রায় পৌছে গেলে তার ছায়া ভারি হয়ে যায়। ওয়াসসালাম।"

জনৈক ব্যক্তির মৃত্যুতে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করে লেখা একটি পত্র এই :

اَلْمَوْتُ خَطْبٌ قَدْ عَظُمَ حَتّٰى هَانَ، وَمَسٌّ قَدْ خَشُنَ حَتّٰى لَانَ، وَالدُّنْيَا قَدْ تَنَكَّرَتْ حَتّٰى صَارَ الْمَوْتُ أَخَفَّ خُطُوْبِهَا، وَجَنَتْ حَتّٰى صَارَ أَصْغَرَ ذُنُوْبِهَا، فَلْتَنْظُرْ يُمْنَةً، هَلْ تَرٰى إِلَّا مِحْنَةً، ثُمَّ يُسْرَةً هَلْ تَرٰى إِلَّا حَسْرَةً.

"মৃত্যু একটি মহাদুর্ঘটনা, যা সহজ হয়ে গেছে এবং এমন এক কঠিন ছোঁয়া, যা সহনীয় হয়ে গেছে। দুনিয়ার কর্মকাণ্ড এমন দুঃসহ হয়ে পড়েছে, যার ফলে মৃত্যু হয়েছে তার অতি হাল্কা দুর্ঘটনা এবং দুনিয়া এমন সব অপরাধ সংঘটিত করেছে যে, মৃত্যু হলো তার অতি ছোট অপরাধ। তুমি তোমার ডানদিকে তাকিয়ে দেখতে পার, দেখবে কেবল কষ্ট ছাড়া কিছুই নেই, তারপর বাম দিকে লক্ষ্য কর, দেখবে, আক্ষেপ ছাড়া কিছু নেই।"

حَضْرَتُهُ الَّتِيْ هِيَ كَعْبَةُ الْمُحْتَاجِ، لَا كَعْبَةُ الْحُجَّاجِ، وَمَشْعَرُ الْكَرَمِ لَا مَشْعَرُ الْحَرَمِ، وَمُنَى الضَّيْفِ لَا مِنَى الْخَيْفِ وَقِبْلَةُ الصِّلَاتِ لَا قِبْلَةُ الصَّلَاةِ -

"তাঁর উপস্থিতি অভাবীদের কা'বা স্বরূপ; কিন্তু হাজীদের কা'বা নয় এবং বদান্যতার মাশআর [কেন্দ্রস্থল], কিন্তু হরমের মাশআর নয়। মেহমানের আশা-আকাঙ্ক্ষার স্থল, কিন্তু মসজিদে খাইফের পার্শ্ববর্তী মিনা নয়। পুরস্কার লাভের কেবলা, কিন্তু নামাজের কেবলা নয়।"

তার একটি রিসালার ভাষা এ রকম :

وَاللّٰهِ لَوْلَا يَدٌ تَحْتَ الْحَجَرِ، وَكَبِدٌ تَحْتَ الْخَنْجَرِ، وَطِفْلٌ كَفَرْخٍ يَوْمَيْنِ، قَدْ حُبِّبَ إِلَيَّ الْعَيْشُ، وَسُلِبَ مِنْ رَأْسِي، الطَّيْشُ، لَشَمَخْتُ بِأَنْفِيْ عِنْدَ هٰذَا الْمَقَامِ وَلٰكِنْ صَبْرًا جَمِيْلًا وَاللّٰهُ الْمُسْتَعَانُ -

কাব্য চর্চা : বদীউয যামান হামাদানীর কাব্য সাহিত্যের বিবেচনায় বেশ উঁচুমানসম্পন্ন, কিন্তু তাঁর গদ্যের সমপর্যায়ের নয়। কাব্য ও গদ্য উভয়টি উচ্চ সাহিত্যমানসম্পন্ন খুব কম লোকেরই হয়ে থাকে। আবুল কাসিম নাসিরুদ্দৌলাহ সম্পর্কে নিম্নে কবিতাটি রচনা করেন। এর দ্বারা তাঁর কাব্যের মান অনুমান করা যায়।

غُضِّيْ جُفُوْنَكَ يَارِيَا * ضُ فَقَدْ فَتَنْتِ الْحُوْرَ غَمْزًا
وَاقْنِيْ حَيَاءَكِ يَارِيَا * حُ فَقَدْ كَدَرْتِ الْغُصْنَ هَزًّا
وَارْفَقْ بِجَفْنِكَ يَاغَمَا * مُ فَقَدْ خَدَشْتِ الْوَرْدَ وَخْزًا
خَلَعَ الرَّبِيْعُ عَلَى الرُّبٰى * وَرُبُوْعِهَا خَزًّا وَبَزًّا
وَمَطَارِفًا قَدْ نَقَّشَتْ * فِيْهَا يَدُ الْأَمْطَارِ طَرْزًا
وَكَأَنَّ أَمْطَارَ الرَّبِيْعِ * إِلٰى نَدٰى كَفَّيْكَ تُعْزٰى
يَا أَيُّهَا الْمَلِكُ الَّذِيْ * بِعَسَاكِرِ الْأَمَالِ يُغْزٰى
لَازَالَ يَاكَنَفَ الْأَمِيْـ * ـرِ لَنَا مِنَ الْأَحْدَاثِ حِرْزًا

Free @ www.e-ilm.weebly.com

মাকামাত : আল্লামা হারীরী ও আল্লামা বদীউয যামান হামাদানী উভয়ে ছিলেন অতি উঁচুমাপের পণ্ডিত এবং আরবির ভাষাবিদ ও সাহিত্যিক, প্রাচ্য ও পাশ্চাত্য সর্বত্র তাদের খ্যাতি রয়েছে। তাদের গদ্য ও পদ্যের সুনাম প্রবাদতুল্য। উভয়ে ছোট ছোট রিসালাও রচনা করেছেন এবং মাকামাতও। তবে আল্লামা হারীরী তাঁর মাকামাতের শুরুতে স্বীকার করেছেন যে, তিনি মাকামাত রচনায় বদীউয যামান হামাদানীর পদাঙ্ক অনুসরণ করেছেন। ধারণা করা হয়ে থাকে যে, ইমাম ইবনে দুরাইদ [মৃত্যু : ৩২১ হি.]-এর "আল আহাদিসুল আরবাঈন" নামক গ্রন্থের রচনাশৈলীর অনুকরণে বদীউয যামান হামাদানী তাঁর মাকামাত রচনা করেন। কারও কারও মতে, বদীউয যামান হামাদানী তাঁর উস্তাদ আহমদ ইবনে ফারিস [মৃত্যু : ৩৯৫ হি.]-এর নিকট থেকে মাকামা রচনার ধরন শিক্ষা করেন। মাকামা সাহিত্য রচনার শিক্ষাগুরু যিনিই হন না কেন, একথা সত্য যে, বদীউয যামান হামাদানীই সর্বপ্রথম সাহিত্যের একটি স্বতন্ত্রধারা হিসাবে মাকামা সাহিত্যকে উপস্থাপন করে গ্রন্থ রচনা করেন এবং এ ধারাটির উৎকর্ষ সাধন করে ভিক্ষাবৃত্তি ইত্যাদি বিষয়ে চারশ' মাকামা রচনা করেন। মাকামা'র ঘটনাগুলোর নায়ক হিসাবে আবুল ফাত্হ ইসকান্দারীকে ঈসা ইবনে হিশামের বর্ণনায় উপস্থাপন করেছেন। আহমদ হাসান যায়্যাতের বর্ণনা মতে, বদীউয যামান হামাদানীর মাকামাগুলোর মধ্যে কেবল তেপ্পান্নটি মাকামা পাওয়া যায়, যেগুলো শরাহ লিখেছেন, মিশরের খ্যাতনামা লেখক ও সাহিত্যিক শায়খ মুহাম্মদ আবদুহু। তবে মহীউদ্দীন আব্দুল হামীদের ভাষ্য সহকারে বদীউয যামানের যে মাকামাতের কপি পাওয়া যায়, তাতে একান্নটি মাকামা রয়েছে।

শায়খ মুহাম্মদ আবদুহু বলেন, বদীউয যামান হামাদানীর ভাষার অন্যতম স্বতন্ত্র বৈশিষ্ট্য এই যে, ওজস্বিতা ও গাম্ভীর্যের বিবেচনায় তাঁর ভাষা গ্রামীণ বেদুঈনদের ভাষার উপর গর্ব করতে পারে এবং ভাষার পরিচ্ছন্নতা, বাক্যের গঠন ও সৌন্দর্যের বিবেচনায় শহুরে লোকদের ভাষার সাথে সামঞ্জস্য রাখে। তাঁর ভাষা যেমন পাঠকের মনন ও ভাবনায় তাঁবুতে অবস্থানের চিত্র এঁকে দেয়, তেমনি প্রাসাদ ও অট্টালিকায় অবস্থানের চিত্রও উপস্থাপন করে।

আহমদ হাসান যায়্যাত বলেন :

نَثْرُ الْبَدِيْعِ يَسْتَهْوِى الْقُلُوْبَ، وَيَمْلِكُ الشُّعُوْرَ، وَكُلُّهُ مِنْ قَبِيْلِ الشِّعْرِ الْمَنْثُوْرِ، وَلِلصَّنَاعَةِ تَأْثِيْرٌ فِيْهِ، إِلاَّ أَنَّهُ مَعَ ذٰلِكَ جَارٍ مَجْرَى الطَّبْعِ، لَمْ يُفْسِدْهُ تَكَلُّفٌ وَلَمْ يُبْهِمْهُ تَعَمُّقٌ، وَقَدْ جَمَعَ كَلَامُهُ بَيْنَ مَتَانَةِ اللَّفْظِ وَرَشَاقَةِ الْمَعْنٰى، وَجَمَالِ الْعِبَارَةِ وَدِقَّةِ التَّخَيُّلِ، وَقَدْ تَصَرَّفَ هٰذَا الْكَاتِبُ فِىْ فُنُوْنِ التَّرَسُّلِ، وَتَفَنَّنَ فِىْ ضُرُوْبِ الرَّسَائِلِ، حَتّٰى كَانَ بِحَقٍّ فَارِسَ الطَّرِيْقَةِ الْعَمِيْدِيَّةِ وَابْنَ بَجْدَتِهَا.

"বদীউয যামান হামাদানীর গদ্য পাঠকের অন্তরকে বিমুগ্ধ করে এবং অনুভূতিকে পরাভূত করে। তাঁর গদ্য সবটুকু গদ্য কবিতার অন্তর্ভুক্ত। তার মধ্যে এক প্রকার শৈল্পিক প্রভাব রয়েছে। তবে এসব সত্ত্বেও তাঁর গদ্য স্বাভাবিক গতিতে চলমান। কোনোরূপ কৃত্রিমতা তাকে বিনষ্ট করেনি এবং ভাষার চাতুর্য তাকে দুর্বোধ্য করেনি। তাঁর ভাষায় একই সাথে রয়েছে শব্দের গাম্ভীর্য ও অর্থের সৌন্দর্য এবং বর্ণনার উৎকর্ষ ও ভাবনার সূক্ষ্মতা। এ লেখক স্বভাবগতিসম্পন্ন সাহিত্যের বিভিন্ন ধারায় পরিবর্তন সাধন করেছেন এবং নানা রকম রিসালা প্রণয়নে নতুনত্ব সৃষ্টি করেছেন। ফলে তিনি যথার্থরূপে ইবনুল 'আমীদের সাহিত্যধারার বীর অশ্বারোহী এবং বিশেষজ্ঞ সাব্যস্ত হয়েছেন।" –[তারীখুল আদাবিল আরাবী, পৃ. ১৭৬]

বদীউয যামান ও হারীরী : বদীউয যামান হামাদানী যেহেতু সাহিত্যের একটি স্বতন্ত্রধারা হিসেবে মাকামা সাহিত্যে সর্বপ্রথম গ্রন্থ রচনা করেছেন, তাই তিনি হারীরীর অগ্রজ। তাছাড়া হারীরী তাঁর মাকামাতের শুরুতে বদীউয যামানের অনুসরণে মাকামাত রচনার কথা শুধু স্বীকারই করেননি, অগ্রবর্তিতায় বদীউয যামানের মর্যাদাপ্রাপ্তির কথাও অকপটে উল্লেখ করেছেন। তবে সাহিত্যের মান বিচারে কার রচনা বেশি উৎকৃষ্ট এবং উভয়ের মধ্যে সাহিত্যে কে বেশি পাণ্ডিত্যের অধিকারী তা নিয়ে বিতর্ক রয়েছে। আল্লামা শারীশী তাঁর সমসাময়িক এক সাহিত্যবিশারদের অভিমত উল্লেখ করেছেন যে, তাঁকে বদীউয যামান ও হারীরীর মধ্যে তুলনামূলক বিচার করতে বলা হলে তিনি বলেন, বদী' তো বদীউযযামান অর্থাৎ সমকাকলের অপ্রতিদ্বন্দ্বী ব্যক্তি, পক্ষান্তরে হারীরী বদীউল ইয়াওম [অর্থাৎ, একদিনের অপ্রতিদ্বন্দ্বী]-ও নয়।

শারীশী তাঁর জনৈক শিক্ষাগুরুর বরাতে উল্লেখ করেছেন যে, বদীউয যামানের মাকামাতে ভাষার স্বভাবগতি বিদ্যমান রয়েছে। পক্ষান্তরে হারীরীর মাকামাতে ভাষার স্বভাবগতি ব্যাহত হয়েছে এবং শব্দ প্রয়োগে অযথা জোর খাটানো হয়েছে। বদীউয যামান হামাদানী তাঁর শাগরিদদের বলতেন, তোমরা কোনো বিষয়বস্তু নির্ধারণ কর, আমি সে বিষয়ে মাকামা লিখিয়ে দিচ্ছি। সে মতে শিষ্যরা নিজেদের পছন্দমতো বিষয়বস্তু নির্ণয় করতেন, তারপর আল্লামা বদীউয যামান তৎক্ষণাৎ সে বিষয়ে মাকামা লিখিয়ে দিতেন।

এতে কোনো সন্দেহ নেই যে, আল্লামা বদীউয যামান ছিলেন আরবি সাহিত্যের একজন কালজয়ী সাহিত্যস্রষ্টা ও পণ্ডিত তাছাড়া মাকামা সাহিত্যকে আরবি সাহিত্যের স্বতন্ত্র ধারা হিসাবে উপস্থাপনের তিনিই পথিকৃত। আল্লামা হারীরী তাঁর অনুসারী বটে। কিন্তু আল্লামা হারীরী তাঁর মাকামাতে সাহিত্যের নানাবিধ শৈল্পিক দিককে নতুন নতুন আঙ্গিকে উপস্থাপন করেছেন, যা বদীউয যামানের মাকামাতে পরিলক্ষিত হয় না। এটা অবশ্য উপেক্ষা করার মতো নয় যে, হারীরীর মাকামাতের তুলনায় বদীউয যামানের মাকামাতের ভাষা অধিক স্বভাবগতিসম্পন্ন। তবে পাঠক-সমাদর ও যত্নকর্মের প্রতি লক্ষ্য করলে বলা যায় যে, হারীরীর মাকামাত যেরূপ সমাদৃত হয়েছে এবং যেরূপ সেবাকর্মের ক্ষেত্রে পরিণত হয়েছে তার এক শতাংশও বদীউয যামানের মাকামাতের ভাগ্যে জোটেনি। এমনকি বদীউয যামানের মাকামাতের যে খ্যাতি ও পরিচিতি রয়েছে, তাও সম্ভবত হারীরীর মাকামাতের ভূমিকায় প্রদত্ত স্বীকৃতির কারণেই।

আল্লামা হারীরী নিজেও তাঁর মাকামাত বদীউয যামানের মাকামাত অপেক্ষা উচ্চমানসম্পন্ন হওয়ার কথা বেশ প্রাজ্ঞতার সাথে উপস্থাপন করেছেন। প্রথমে তিনি মাকামাতের ভূমিকায় বদীউয যামানের অগ্রবর্তিতা ও মর্যাদার কথা দ্ব্যর্থহীনভাবে স্বীকার করেছেন, তারপর 'আদী ইবনু'র রিকা'র কবিতার দুটি শ্লোক উল্লেখ করেছেন, যার শেষে اَلْفَضْلُ لِلْمُتَقَدِّمِ বাক্যটি রয়েছে। এতে অতি মার্জিতভাবে ইঙ্গিত করেছেন যে, এক্ষেত্রে বদীউয যামানের মর্যাদাপ্রাপ্তি কেবল মাকামা সাহিত্যকে স্বতন্ত্র ধারায় উপস্থাপনের অগ্রবর্তিতার কারণেই; অন্য কোনো কারণে নয়। এরপর ষষ্ঠ মাকামায় আরও স্পষ্টভাবে বলেছেন যে,

وَهَلْ لِلْقُدَمَاءِ إِذَا أَنْعَمَ النَّظَرَ مَنْ حَضَرَ غَيْرَ الْمَعَانِي الْمَطْرُوقَةِ الْمَوَارِدِ، الْمَعْقُولَةِ الشَّوَارِدِ، الْمَأْثُورَةِ عَنْهُمْ لِتَقَادُمِ الْمَوَالِدِ، لَا لِتَقَدُّمِ الصَّادِرِ عَلَى الْوَارِدِ.

"যখন উপস্থিত জনতা ভালভাবে লক্ষ্য করবে [তখন তারা দেখতে পাবে যে,] পূর্ববর্তীদের জন্য অবাধ্যজন্তুবাঁধা ঘোলাটে ঘাটের আলোচ্য বিষয় ব্যতীত কিছু আছে কি? যা তাদের কাছ থেকে জন্মের পূর্ববর্তিতার কারণে বর্ণিত হয়; আগমনকারী অপেক্ষা প্রস্থানকারীর অগ্রসরতার কারণে নয়।"

এরপর সাতচল্লিশতম মাকামায় বলেন–

إِنْ يَكُنِ الْإِسْكَنْدَرِيُّ قَبْلِيْ * فَالطَّلُّ قَدْ يَبْدُوْ أَمَامَ الْوَبْلِ * وَالْفَضْلُ لِلْوَابِلِ لَا لِلطَّلِّ

"যদি আবুল ফাত্‌হ ইসকান্দারী আমার পূর্বে এসে গিয়ে থাকে তাতে কি, কেননা শিশির কখনো বৃষ্টির পূর্বে পরিলক্ষিত হতে পারে। এতদসত্ত্বেও প্রাধান্য বৃষ্টিরই প্রাপ্য, শিশিরের নয়।"

এভাবে আল্লামা হারীরী বদীউয যামানের মোকাবিলায় নিজের প্রাধান্য তুলে ধরেছেন।

হারীরীর মাকামাত অপেক্ষা বদীউয যামানের মাকামাত কম সমাদৃত হওয়ার কারণ সম্ভবত এই যে,

১. কোনো কাজের প্রথম প্রয়াস সাধারণত সবদিক থেকে পূর্ণাঙ্গ হয় না। পক্ষান্তরে দ্বিতীয় বা পরবর্তী প্রয়াস যদি কোনো অধিকতর যোগ্য ব্যক্তির হাতে সূচিত ও সম্পাদিত হয় তবে তা প্রথম প্রয়াস অপেক্ষা বেশি পূর্ণাঙ্গ ও সুন্দর হয়। এ বিবেচনায় মাকামা সাহিত্যের ধারাটি বদিউয যামানের হাতে স্বাতন্ত্র্য পেলেও হারীরীর হাতে সম্ভবত এ ধারাটি পূর্ণাঙ্গতা, পরিচ্ছন্নতা ও অধিক পরিমার্জনা পেয়েছে।

২. আল্লামা হারীরী তাঁর মাকামাতে আরবি ভাষার অলঙ্কার ও সাহিত্যের বিভিন্ন শৈল্পিক দিককে নতুন নতুন আঙ্গিকে উপস্থাপন করেছেন। তাতে মাকামা সাহিত্যের যে একঘেঁয়েমি রয়েছে তা তিনি কিছুটা হলেও ভেঙ্গে দিয়ে তাতে নতুন মাত্রা যোগ করার চেষ্টা করেছন। পক্ষান্তরে বদীউযযামানের মাকামাত যেহেতু এ ধারার প্রথম সৃষ্টি, তাই সঙ্গত কারণে সেখানে এসব নতুন নতুন উপস্থাপনা অনুপস্থিত। উল্লেখ্য যে, সাহিত্যের যে কোনো ধারায় একঘেঁয়েমি পছন্দনীয় আঙ্গিক নয়।

৩. হারীরীর মাকামাতখানি বেশি সমাদৃত হওয়ার তৃতীয় কারণ সম্ভবত এই যে, এটি রচিত হওয়ার পর স্বয়ং লেখকের কাছে অজস্র পাঠক এর পাঠ গ্রহণ করেছেন। যার কারণে স্বয়ং লেখকের নিজ হাতে এর সাতশ' কপি অনুলিপি তৈরি করতে হয়েছে। এ ছাড়াও প্রায় নশ' বছরের অধিককাল যাবৎ হারীরীর মাকামাতখানি বিভিন্ন স্তর ও পর্যায়ে বদীউযযামানের মাকামাত অপেক্ষা বেশি পাঠ্যতালিকাভুক্ত রয়েছে। এ তুলনায় বদীউয যামানের মাকামাতের পাঠ্যতালিকায় অন্তর্ভুক্তি অতি সীমিত ও খণ্ডিত।

৪. ইসলামের প্রাচীনকাল থেকে বর্তমান কাল পর্যন্ত সবসময় শী'আ সম্প্রদায়ের সাথে আহলুস সুন্নাহ ওয়াল জামাতের বিরোধ অতি প্রকটিত ছিল এবং রয়েছে। তাই এক সম্প্রদায়ের শিল্প-সাহিত্য অন্য সম্প্রদায়ের কাছে যথাযোগ্য সমাদর, মর্যাদা ও স্বীকৃতি পায়নি। বিশেষ করে শী'আ সম্প্রদায়ের আকীদা-বিশ্বাসের একপেশেপনা তাদেরকে সংখ্যাগরিষ্ঠ মুসলিম সম্প্রদায়

Free@www.e-ilm.weebly.com

Free @ www.eilm.weebly.com

আহলুস সুন্নাহ ওয়াল জামাতের পরিবেশ থেকে আলাদা ও একঘরে করে রেখেছে। উল্লেখ্য যে, আল্লামা বদীউয যামান হামাদানী ছিলেন শী'আ মতাবলম্বী। পক্ষান্তরে আল্লামা হারীরী ছিলেন আহলুস সুন্নাহ ওয়াল জামাত ও শাফেয়ী মাযহাবের অনুসারী। সুতরাং সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের কাছে বদীউয যামান হামাদানীর মাকামাত যথাযথ সমাদৃত না হওয়ার একটি কারণ এটাও হতে পারে।

বদীউয যামানের রচনাবলি : আল্লামা বদীউয যামান হামাদানী মাকামাত রচনা ছাড়াও বহু রিসালা প্রণয়ন করেছেন। সেগুলোও আরবি সাহিত্য ও অলঙ্কারের বিচারে অনেক উঁচু মানে উত্তীর্ণ। তাই ইবনে খাল্লিকান ওয়াফায়াতুল আ'য়ান গ্রন্থে তাঁকে صَاحِبُ الرَّسَائِلِ الرَّائِقَةِ وَالْمَقَامَاتِ الْفَائِقَةِ [অর্থাৎ উৎকৃষ্ট রিসালা প্রণেতা ও উচ্চমানসম্পন্ন মাকামাতের রচয়িতা] বলে উল্লেখ করেছেন। হাকিম অবূ সাঈদ আব্দুর রহমান ইবনে সা'দ তাঁর পত্রাবলি একত্রে সংকলন করেছেন। এ ছাড়া তাঁর একটি কাব্যসংকলনও রয়েছে। তাঁর মাকামাত গ্রন্থখানি শায়খ মুহাম্মদ আবদুহু শরাহ করেছেন। মুহীউদ্দীন আব্দুল হামীদও মাকামাতে বদী'র একটি ভাষ্য প্রণয়ন করেছেন।

মৃত্যু : আল্লামা বদীউয যামান হামাদানী ১০ জুমাদাল উখরা, রোজ শুক্রবার ৩৯৮ হিজরিতে হেরাত শহরে ইন্তেকাল করেন এবং সেখানেই সমাহিত হন। কেউ কেউ তাঁর মৃত্যু-সন ৩৯৩ হিজরি বলে উল্লেখ করেছেন। মৃত্যু কিভাবে সংঘটিত হয়েছে তা নিয়েও বিতর্ক রয়েছে। কেউ বলেন, তাঁর স্বাভাবিক মৃত্যু হয়েছে। আবার কারও মতে, তাঁকে বিষ প্রয়োগে হত্যা করা হয়েছে।

মৃত্যুর এক বিস্ময়কর ঘটনা : আল্লামা ইবনে খাল্লিকান হাকিম আবূ সাঈদের বরাতে উল্লেখ করেছেন যে, আল্লামা বদীউয যামান অসুস্থ ছিলেন। প্রচণ্ড অসুস্থতার কারণে তিনি এরূপ বেহুঁশ হয়ে পড়েন যে, লোকেরা মনে করেন, তাঁর মৃত্যু হয়ে গেছে। তাই তারা তাঁর কাফন-দাফনের ব্যবস্থা করে তাকে সামহিত করে ফেলেন। অথচ তখনও তিনি প্রকৃতপক্ষে জীবিত ছিলেন। কবরে দাফন করার পর তাঁর হুঁশ ফিরে এলে তিনি চিৎকার শুরু করেন। লোকেরা আওয়াজ শুনে কবর খুলে দেখল যে, তিনি নিজের দাড়ি ধরে পড়ে আছেন। বোঝা গেল যে, হুঁশ আসার পর কবরের ভয়ে তাঁর মৃত্যু হয়ে যায়।

মাকামা সাহিত্য ও মাকামাতে হারীরী

মাকামা'র সংজ্ঞা : প্রখ্যাত আরবি ভাষাবিদ আহমদ হাসান যায়্যাত বলেন,

اَلْمَقَامَةُ حِكَايَةٌ قَصِيْرَةٌ أَنِيْقَةُ الْأُسْلُوْبِ تَشْتَمِلُ عَلٰى عِظَةٍ أَوْ مُلْحَةٍ

"রম্য রচনার ধাঁচে রচিত এরূপ ছোট গল্পকে মাকামা বলা হয়, যাতে কোনো উপদেশ বা রসাত্মক বর্ণনা থাকে।"

'মাকামা' শব্দটি মূলত 'মাকাম' শব্দ থেকে উদ্ভূত। এর অর্থ দাঁড়াবার স্থান। ধীরে ধীরে শব্দটির অর্থে ব্যাপকতা সৃষ্টি হয় এবং শব্দটি যে কোনো স্থান ও মজলিস অর্থে ব্যবহৃত হতে থাকে। আবার কখনও এ শব্দ দ্বারা মজলিসে উপস্থিত লোকদের বুঝানো হয়। যেমন প্রখ্যাত হামাসী কবি কাত্তাল কিলাবী বলেন– نَشَدْتُ زِيَادًا وَالْمَقَامَةُ بَيْنَنَا * وَذَكَّرْتُهُ أَرْحَامَ سِعْرٍ وَهَيْثَمِ

"আমি যিয়াদকে আল্লাহর কসম দিলাম। তখন আমরা একই মজলিসের সাথী ছিলাম। আর আমি তাকে সে'র ও হায়সাম গোত্রের আত্মীয়তার সম্পর্কের কথা স্মরণ করিয়ে দিলাম।"

উল্লেখ্য যে, উক্ত শ্লোকে مَقَامَةٌ শব্দটি মজলিস অর্থে ব্যবহৃত হয়েছে।

এরপর শব্দটি মজলিসে প্রদত্ত বক্তৃতা, ওয়াজ ও উপদেশ অর্থেও ব্যবহৃত হতে শুরু করে। এ থেকে বক্তাদের বক্তৃতাকে مَقَامَاتُ الْخُطَبَاءِ, গল্পকারদের গল্পকে مَقَامَاتُ الْقُصَّاصِ ও ওলী-বুযুর্গদের উপদেশকে مَقَامَاتُ الزُّهَادِ বলা হয়।

কোনো মনোরম গল্প বলা, সুন্দর উপদেশ দেওয়া অথবা কোনো জ্ঞানগর্ভ গবেষণা পেশ করা মাকামা রচনার উদ্দেশ্য নয়। এটি সাহিত্যের একটি শিল্পমণ্ডিত শাখা। এর উদ্দেশ্য থাকে 'শিল্পের জন্য শিল্প।' এতে থাকে ভাষার ছন্দময় ধাঁচে নতুন নতুন শব্দমালা ও অভিনব বাক্যাবলির গঠন। ফলে পাঠকের মন এর অর্থ দ্বারা প্রভাবিত ও উপকৃত হওয়ার চেয়ে শব্দের অলঙ্কার ও গাঁথুনি দ্বারা অধিক তৃপ্ত ও বিমুগ্ধ হয়। তাই এরূপ রচনায় গাল্পিক ও ঔপন্যাসিক রীতি-নীতির প্রতি লক্ষ্য রাখা হয়নি। সুতরাং মাকামাত রচয়িতাগণ গল্প-কাহিনীকে যথোচিত চিত্রায়ণ ও গাল্পিক চরিত্রগুলোকে সূক্ষ্মভাবে বিশ্লেষণ করার প্রতি লক্ষ্য রেখেছেন। –[তারীখুল আদাবিল আরাবী, পৃ. ২৯২-২৯৩]

মাকামা রচনার ইতিহাস : গল্প-সাহিত্যের এ শাখাটি আব্বাসীয় যুগের মাঝামাঝি সময় সৃষ্টি হয়। তখন ছিল আরবি সাহিত্য-শিল্পের ভরা যৌবন। বলা হয়ে থাকে যে, আহমদ ইবনে ফারিস [মৃত্যু : ৩৯৫ হি.] মাকামা রচনার ধারা আবিষ্কার

করেন এবং তাঁর অনুসরণে তাঁর ছাত্র বদীউ'য-যামান হামাদানী তাঁর মাকামাত রচনা করেন। কিন্তু প্রখ্যাত আরবি ভাষাবিদ আহমদ হাসান যায়্যাত বলেন, মুহাম্মদ ইবনুল হাসান ওরফে ইবনে দুরায়দ [মৃত্যু : ৩২১ হি.] প্রথমে কিছুটা গল্পের আকারে ৪০ টি নিবন্ধ রচনা করেন। আহমদ ইবনে ফারিসের ছাত্র আবুল ফযল আহমদ ইবনু'ল-হুসাইন ওরফে বদীউ'য-যামান হামাদানী [মৃত্যু : ৩৯৮ হি.] ইবনে দুরায়দের অনুসরণে বিভিন্ন বিষয়ে চারশ' মাকামা রচনা করেন। তাঁর রচিত মাকামাগুলোর শৈল্পিক, সাহিত্যিক ও আলঙ্কারিক মান বিচারে তিনি সাহিত্যের এ শাখার ইমাম ও অনুসৃত ব্যক্তিরূপে পরিচিত হন। তবে তাঁর রচিত মাকামাগুলো থেকে কেবল তেপ্পান্ন মাকামা [আমাদের অনুসন্ধান ও সংগ্রহ মুতাবিক কেবল একান্ন মাকামা] পাওয়া যায়। তারপর আল্লামা হারীরী বদীউ'য-যামান হামাদানীর অনুসরণে পঞ্চাশটি মাকামা রচনা করেন। তাঁদের পরেও অনেক আরবি সাহিত্যিক মাকামা রচনাকে তাদের লেখার উপজীব্য বিষয়রূপে গ্রহণ করেছেন। তবে সে সব মাকামা বদীউ'য-যামান হামাদানী ও হারীরীর মাকামার ন্যায় মর্যাদা লাভ করতে পারে নি। যাঁরা পরবর্তীকালে মাকামা রচনা করেছেন তাঁদের মধ্যে রয়েছেন :

১. শাহ ফায়রূয ইবনে সাদ ইবনে আব্দুস সায়্যিদ ইবনে মানসূর ওরফে আবুল হায়জা' ইবনে আবুল ফাওয়ারিস। ইয়াকূত হামাবীর বর্ণনা মতে, শাহ ফায়রূয-এর পিতার নাম শু'আয়ব। [মৃত্যু : ৫৩০ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম مَقَامَاتُ أَبِي الْهَيْجَاءِ
২. মুহাম্মদ ইবনে ইউসুফ আত-তামীমী আস-সারাকুসতী ওরফে ইবনু'ল-আশতারকূনী [মৃত্যু : ৫৩৮ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম اَلْمَقَامَاتُ السَّرَقُسْطِيَّةُ اللُّزُومِيَّةُ মতান্তরে اَلْمَقَامَاتُ التَّمِيمِيَّةُ। এতে পঞ্চাশটি মাকামা রয়েছে। লেখক কর্ডোবায় অবস্থানকালে হারীরীর রচিত মাকামাত সম্পর্কে অবগত হওয়ার পর এটি রচনা করেছিলেন। এতে তিনি চরিত্ররূপে মুনযির ইবনে হাম্মামের বর্ণনায় সায়েব ইবনে তাম্মামের কাহিনী বিবৃত করেছেন।
৩. আবুল কাসিম মাহমূদ ইবনে ওমর ওরফে আল্লামা জারুল্লাহ যমখশরী [মৃত্যু : ৫৩৮ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম اَلْمَقَامَاتُ الزَّمَخْشَرِيَّةُ।
৪. আলী ইবনে বাস্সাম আশ-শানতারীনী আল-আন্দালুসী [মৃত্যু : ৫৪২ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম مَقَامَاتُ ابْنِ بَسَّامٍ। এতে ত্রিশটি মাকামা রয়েছে। লেখক এটি কাজী আবূ হামেদ মুহাম্মদ ইবনে মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ ইবনুল কাসিম আশ-শাহরাযূরী [মৃত্যু ৫৮৬ হি.]-এর উদ্দেশ্যে রচনা করেন। উক্ত গ্রন্থে লেখক বলেন, 'হারীরী তাঁর মাকামাতে দুর্বোধ্য শব্দাবলি ব্যবহার করেছেন এবং কঠিন বিষয়বস্তু উপস্থাপন করেছেন। পক্ষান্তরে তিনি উপরিউক্ত উভয় পন্থার মাঝামাঝি একটি পছন্দনীয় পন্থা উদ্ভাবন করেছেন। তিনি একে বিরক্তিকর দীর্ঘ করেন নি এবং অতি সংক্ষেপও করেননি।" কিন্তু লেখকের এ বক্তব্য সমাদৃত হয়নি।
৫. হাসান ইবনে সাফী ওরফে মালিকু'ন-নুহাত [মৃত্যু : ৫৬৮ হি.]। তাঁর মাকামাতের নাম اَلْمَقَامَاتُ। লেখক মালিকু'ন-নুহাত বলতেন, "আমার মাকামাতের বর্ণনা সত্য ও যথার্থ। আর হারীরীর মাকামাতের বর্ণনা মিথ্যা ও অসার।"
৬. আবূ মানসূর আহমদ ইবনে জামীল ইবনুল হাসান ইবনে জামীল আল-বাগদাদী [মৃত্যু : ৫৭৭ হি.] তিনি হারীরীর অনুসরণে একখানা মাকামাত গ্রন্থ রচনা করেন।
৭. আবুল আব্বাস ইয়াহইয়া ইবনে-সাঈদ ইবনে মারী নাসরানী [মৃত্যু : ৫৮৯ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম اَلْمَقَامَاتُ الْمَسِيحِيَّةُ মতান্তরে اَلْمَقَامَاতُ النَّصْرَانِيَّةُ। লেখক এতে হারীরীর অনুসরণে ষাটটি মাকামা রচনা করেন।

ইয়াকূত হামাবী [মৃত্যু : ৬২৬ হি.] বলেন, তিনি এ ক্ষেত্রে উৎকৃষ্ট অবদান রেখেছেন। কিন্তু আল্লামা খলীল ইবনে আইবাক আস-সাফাদী [মৃত্যু : ৭৬৪ হি.] বলেন, তিনি এ ক্ষেত্রে কোনো উৎকৃষ্ট অবদান রাখতে পারেন নি, এমন কি উৎকৃষ্টতার কাছেও পৌঁছুতে পারেন নি। আল-মাকামাতু'ল-জাযারিয়্যা ও আল-মাকামাতুত-তামীমিয়্যা এর চেয়ে অনেক বেশি উৎকৃষ্ট। অথচ সে দু'টিও [সাহিত্যমানের বিচারে] হারীরীর কাছে পৌঁছুতে পারে নি।

৮. আবুল ফারাজ আব্দুর রহমান ইবনে আলী ওরফে ইবনু'ল-জাওযী [মৃত্যু : ৫৯৭ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম اَلْمَقَامَاتُ الْجَوْزِيَّةُ।
৯. আহমদ ইবনে মুহাম্মদ ওরফে বদরুদ্দীন রাযী হানাফী [মৃত্যু : ৬৩০ হিজরির পরে]। তাঁর রচিত মাকামাতের নাম مَقَامَاتُ بَدْرِ الدِّيْنِ মতান্তরে مَقَامَاتُ الْحَنَفِيِّ। এতে তিনি বারোটি মাকামা রচনা করেছেন এবং তাতে তিনি কা'কা ইবনে যিনবা প্রমুখকে কাহিনীর বর্ণনাকারী হিসাবে উল্লেখ করেছেন।

Free @ www.e-ilm.weebly.com

Free @ www.e-ilm.weebly.com

১০. শামসুদ্দীন মুহাম্মদ ইবনে আলী দিমাশকী [মৃত্যু : ৬৮৯ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম اَلْمَقَامَاتُ الْجَزَرِيَّةُ।

১১. বাহাউদ্দীন আলী ইবনে ঈসা ইবনে আবিল ফাত্হ আল-ইরবিলী [মৃত্যু : ৬৯২ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম اَلْمَقَامَاتُ الْأَرْبَعُ।

১২. মা'দ ইবনে নাসরুল্লাহ ওরফে যায়নুদ্দীন ইবনু'স-সায়কাল জাযারী [মৃত্যু : ৭০১ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম اَلْمَقَامَاتُ الزَّيْنِيَّةُ-লেখক এতে পঞ্চাশটি মাকামা রচনা করেছেন। এগুলো তিনি হারীরীর মাকামাতের মোকাবিলায় রচনা করেন। এতে গল্পের চরিত্র স্বরূপ কাসিম ইবনে জিরয়ালকে বর্ণনাকারী ও আবূ নাস্‌র মিস্‌রীকে কাহিনীর নায়ক হিসাবে উল্লেখ করেছেন।

১৩. শামসুদ্দীন মুহাম্মদ ইবনু'ল-হাসান ওরফে ইবনু'স-সায়েগ [মৃত্যু : ৭২০ মতান্তরে ৭২২ হি.]। তাঁর মাকামাতের নাম اَلْمَقَامَاتُ الشِّهَابِيَّةُ - মুহাম্মদ ইবনে আহমদ ইবনে খলীল ওরফে কাযী শিহাবুদ্দীন আল-খুওয়ায়্যী [মৃত্যু : ৬৯৩ হি.]-এর উদ্দেশ্যে লেখক এটি রচনা করে তাঁর নামে নামকরণ করেন।

কিন্তু সত্য হলো এই যে, তাঁর মাকামাত হারীরীর মাকামাতের সমপর্যায়ে পৌছুতে পারে নি; বরং উভয়ের মধ্যে সাহিত্যমানের দুস্তর ব্যবধান রয়েছে।

১৪. নাসিরুদ্দীন শাফে' ইবনে আলী আল-আসকালানী [মৃত্যু : ৭৩০ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম اَلْمَقَامَاتُ النَّاصِرِيَّةُ।

১৫. ওমর ইবনে মুজাফফর ওরফে যায়নুদ্দীন ইবনু'ল-ওয়ারদী [মৃত্যু : ৭৪৯ মতান্তরে ৭৪৩ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম مَقَامَاتُ ابْنِ الْوَرْدِيِّ।

১৬. আব্দুর রহমান ইবনে আবূ বকর ওরফে জালালুদ্দীন সূয়ূতী [মৃত্যু : ৯১১ হি.]। তাঁর মাকামাতের নাম مَقَامَاتُ السُّيُوطِيِّ। এতে বিভিন্ন বিষয়ে উনত্রিশটি রিসালা রয়েছে। এগুলোকে লেখক মাকামাত নামকরণ করলেও মূলত এগুলো মাকামা অপেক্ষা রিসালার সাথে অধিক সামঞ্জস্যপূর্ণ।

১৭. সিরাজুদ্দীন আবুল আব্বাস আহমদ ইবনে আব্দুল হাই আল-হালাবী আল-ফাসী [মৃত্যু : ১১২০ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম اَلْحُلَلُ السُّنْدُسِيَّةُ فِي الْمَقَامَاتِ الْأَحْمَدِيَّةِ الْقُدْسِيَّةِ মতান্তরে مَقَامَاتُ سِرَاجِ الدِّيْنِ। লেখক গ্রন্থখানি মাকামাতে হারীরীর মোকাবিলায় রচনা করেছেন।

১৮. মুস্তাফা ইবনে আবূ মুহাম্মদ বীরাম আল-আমাসী আল-হানাফী উপাধি আল-'আকিফ আর-রূমী ওরফে মুআইদী যাদাহ [মৃত্যু : ১১৭৩ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম مَقَامَاتُ الْعَاكِفِ। তিনি হারীরীর অনুকরণে দশটি মাকামা রচনা করেন।

১৯. আবূ আব্দুল্লাহ মুহাম্মদ ইবনে আহমদ আত-তূনিসী ওরফে আল ওয়ারগী [মৃত্যু : ১১৯০ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম مَقَامَاتُ الْوَرْغِيِّ।

২০. আস-সাইয়েদ আবুল ফায়য আহমদ ইবনে আব্দুল লতীফ ইবনে আহমদ আল-বারবীর আল-হাসানী আল-বায়রূতী [মৃত্যু : ১২২৬ হি.]। তাঁর মাকামাতের নাম مَقَامَاتُ الْبَرْبِيْرِ।

২১. শিহাবুদ্দীন আবুস সানা মাহমূদ ইবনে আব্দুল্লাহ আল-হুসাইনী আল-আলূসী (তাফসীরে রূহুল মা'আনীর প্রণেতা, [মৃত্যু : ১২৭০ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম مَقَامَاتُ الْأَلُوْسِيِّ মতান্তরে مَقَامَاتُ ابْنِ الْأَلُوْسِيِّ। এটি তাসাউফ ও আখলাক সম্পর্কিত মাকামাত। আল্লামা যমখশরীর মাকামাতের মোকাবিলায় লেখক এটি রচনা করেন।

২২. নাসীফ (نَاصِيْف) ইবনে আব্দুল্লাহ ইবনে নাসীফ ইবনে জানবুলাত আল-ইয়াযিজী আল-লুবনানী আল-ইয়াসূয়ী [মৃত্যু : ১২৮৭ হি.]। তাঁর মাকামাতের নাম مَجْمَعُ الْبَحْرَيْنِ। তিনি হারীরীর অনুকরণে ৬০টি মাকামা রচনা করেন।

২৩. ইবরাহীম ইবনে আলী আল-আহ্‌দাব আত-তারাবুলুসী [মৃত্যু : ১৩০৮ হি.]। তাঁর রচিত মাকামাতের নাম مَقَامَاتُ الْأَحْدَبِ। এতে তিনি হারীরীর অনুকরণে নব্বইটি মাকামা রচনা করেছেন। এ ছাড়া নৈতিকতা সম্পর্কিত আরও কতিপয় মাকামা রয়েছে। সেই রচনার নাম فَرَائِدُ الْأَطْوَاقِ।

Free @ www.eilm.weebly.com

মাকামাতে হারীরীর রচনা কাল : শায়খ হিবাতুল্লাহ ইবনে ফয্ল বর্ণনা করেন যে, ৪৯৫ হিজরিতে মাকামাতে হারীরীর রচনা শুরু হয় এবং ৫০৪ হিজরিতে রচনা সমাপ্ত হয়। যাফারুল মুহাস্সিলীনের লেখক ইবনুল আসীরের বরাতে উপরিউক্ত বর্ণনার উপর আপত্তি উত্থাপন করেছেন। তিনি বলেন, আল্লামা ইবনু'ল আসীরের মতে, মাকামা রচনার সূচনা কাল সম্পর্কে উল্লিখিত বর্ণনা সঠিক, তবে সমাপ্তির যে সন উল্লেখ করা হয়েছে তা সঠিক নয়। কারণ দুবায়স ইবনে সাদাকা আল-আসাদীর কথা মাকামাতে হারীরীতে উল্লেখ রয়েছে। হারীরীর বর্ণনা দ্বারা বুঝা যায় যে, দুবায়স ইবনে সাদাকা আল-আসাদী তখন একজন স্বনামধন্য ব্যক্তি ছিলেন। অথচ মাকামাত রচনাকালে [অর্থাৎ, ৫০৪ হিজরির পূর্বে] তিনি ছিলেন একজন বালক। এটা মাকামাতের বর্ণনার সাথে মেলে না। অতএব যদি মাকামাত রচনার সমাপ্তিকাল আরও পরে ধরা হয় তবে তা মাকামাতের বর্ণনার সাথে সামঞ্জস্যপূর্ণ হয়।

কিন্তু উপরিউক্ত আপত্তি ও তার উপাত্ত কিছুটা পর্যালোচনা ও বিবেচনার অবকাশ রাখে। কেননা দুবায়স ইবনে সাদাকা, যাঁর নাম মাকামাতে হারীরীতে উল্লিখিত হয়েছে, তিনি বাগদাদের পার্শ্ববর্তী হিল্লা নামক অঞ্চল ও তার আশপাশের এলাকার স্বাধীন রাজা ছিলেন। তিনি ৪৬৩ হিজরিতে জন্ম গ্রহণ করেন। ৫০১ হিজরিতে তাঁর পিতা রাজা সাদাকা ইবনে মনসূর আব্বাসী খলীফা মুসতাজহির বি-আমরিল্লাহর বাহিনীর হাতে নিহত হন এবং তিনি তাদের হাতে বন্দী হয়ে বাদগদাদে নীত হন। পরবর্তীতে তিনি বন্দীদশা থেকে মুক্ত হয়ে ৫১২ হিজরিতে পুনরায় হিল্লায় গমন করলে হিল্লার অদিবাসীরা তাকে তাঁর পিতার স্থলে স্থলাভিষিক্ত করেন এবং তিনি হিল্লাবাসীর স্বাধীন রাজা হিসাবে অধিষ্ঠিত হন। ৫১৭ হিজরিতে খলীফা মুসতারশিদ বিল্লাহ ইবনে মুসতাজহির বিল্লাহর সাথে পুনরায় তাঁর বিরোধ সৃষ্টি হয় এবং দীর্ঘ ১২ বছর যাবৎ তাদের মধ্যে বিরোধ ও সংঘর্ষ চলতে থাকে। ৫২৯ হিজরিতে খলীফা মুসতারশিদ বিল্লাহ নিহত হলে দুবায়স ইবনে সাদাকাকে এ হত্যাকাণ্ডের জন্য অভিযুক্ত করা হয়। তারই জের হিসাবে প্রায় ১৭ বছর ক্ষমতায় থাকার পর তিনি ৫২৯ হিজরিতে এক আততায়ীর হাতে নিহত হন।

উপরিউক্ত বর্ণনা থেকে বুঝা যায় যে, তাঁর বয়স যখন ৩২ বছর ছিল তখন মাকামাত রচনার সূচনা হয় এবং তাঁর বয়স যখন ৪১ বছরে উন্নীত হয় তখন মাকামাত রচনার কাজ সমাপ্ত হয় সুতরাং মাকামাত রচনার সময় দুবায়স ইবনে সাদাকা বালক ছিলেন -এ তথ্য সঠিক নয়। তবে এ থেকে এটুকু প্রমাণিত হয় যে, তখন তিনি রাজা হিসাবে ক্ষমতা লাভ করেন নি। হাঁ, পিতার শাসনামলেই হয়ত রাজ্যের কোনো গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থাকতে পারেন। সুতরাং হারীরী হয়তো দুবায়স ইবনে সাদাকা একজন প্রভাবশালী রাজপুত্র হিসাবে তার নৈকট্য হাসিলের উদ্দেশ্যে মাকামাতে তার নাম উল্লেখ করে থাকবেন। অথবা ইবনুল আসীরের অভিমতটি যদি আংশিকভাবে মেনে নেওয়া হয় তবে বলতে হবে যে, উনচল্লিশতম মাকামাটি [যেখানে দুবায়স ইবনে সাদাকার নাম উল্লিখিত হয়েছে] হয়তো হারীরী দুবায়স ইবনে সাদাকা ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার পর তার নৈকট্য হাসিলের উদ্দেশ্যে রচনা করেছেন, যা পরবর্তীতে বিন্যাসে উনচল্লিশতম মাকামা হিসাবে স্থান পেয়েছে। যেমন এটা ঐতিহাসিকভাবে প্রমাণিত যে, আটচল্লিশতম মাকামাটি হারীরী প্রথম রচনা করেছিলেন, যা পরবর্তী বিন্যাসে আটচল্লিশতম স্থান লাভ করেছে।

খায়রুদ্দীন যিরিক্লী বলেন, দুবায়স ইবনে সাদাকা হারীরীর সমসাময়িক ছিলেন এবং হারীরী তাঁর নৈকট্য হাসিলের উদ্দেশ্যে তাঁর মাকামাতে দুবায়সের নাম উল্লেখ করেছেন। [দ্র. যিরিকলী. আল-আ'লাম, শিরো. দুবায়স ইবনে সাদাকা]

মাকামা রচনার ধরন : আল্লামা হারীরী তাঁর মাকামাত রচনায় বদীউ'য-যামান হামাদানীর অনুসরণ করেছেন এবং তাঁরই রচনাশৈলী অবলম্বন করেছেন। আল্লামা হারীরী তাঁর মাকামাতের ভূমিকায় বলেন :

"অতঃপর সে ব্যক্তি, যাঁর ইঙ্গিত নির্দেশের সমতুল্য এবং যাঁর আনুগত্য সৌভাগ্য স্বরূপ, তিনি আমাকে বদীউ'য-যামান হামাদানীর অনুকরণে কয়েকটি মাকামা রচনা করার জন্য ইঙ্গিত করলেন। ... এবং আমি দুঃখ-বেদনার শিকার হওয়া সত্ত্বেও পঞ্চাশটি মাকামা রচনা করলাম। তাতে রয়েছে যথার্থ ও রসাত্মক কথা, সহজ-মিষ্ট ও সাবলীল শব্দ, চমকপ্রদ বর্ণনা ও তার মণি-মুক্তা এবং সাহিত্যের চটকদার ও দুর্লভ কথাবার্তা। এর পাশাপাশি আমি তাকে কুরআনের আয়াত ও সুন্দর সুন্দর ইঙ্গিতবহ বাক্যাবলি দ্বারা অলঙ্কৃত করেছি এবং আমি তাতে আরবি প্রবাদ-প্রবচন, সাহিত্যিক রম্য গল্প, ব্যাকরণিক ধাঁধা, আভিধানিক ফতওয়া, অভিনব পত্রাবলি, সালঙ্কার বক্তৃতামালা, ক্রন্দনোদ্রেককর উপদেশাবলি ও মনোরম হাস্যরসাত্মক কথাবার্তা সংযোজন করেছি।"

আল্লামা হারীরী মাকামাতের পঞ্চাশটি মাকামার মধ্যে প্রতি দশকের প্রথম মাকামাটি আধ্যাত্মিকতা বিষয়ক, পঞ্চম ও দশম মাকামাটি রসিকতা বিষয়ক এবং ষষ্ঠ মাকামাটি সাহিত্য বিষয়করূপে সম্পূর্ণ গ্রন্থ বিন্যস্ত করেছেন।

সে মতে লক্ষ্যণীয় যে, প্রথম মাকামাটিতে দুনিয়াবিমুখতা ও আল্লাহভীরুতা সম্পর্কিত একটি আবেদনশীল বক্তৃতা রয়েছে। এরূপই প্রত্যেক দশকের প্রথম মাকামাটি দুনিয়াবিমুখতা বিষয়ক। তদ্রূপ প্রত্যেক দশকের ষষ্ঠ মাকামায় সাহিত্যের নতুন নতুন বিষয়াদি উপস্থাপন করা হয়েছে। প্রথম দশকের ষষ্ঠ মাকামায় তিনি এমন একটি পত্র উপস্থাপন করেছেন, যার শব্দাবলির মধ্যে

Free @ www.e-ilm.weebly.com

একটি শব্দ নুকতাবিহীন এবং তার পরের শব্দটি সম্পূর্ণ নুকতাযুক্ত। এভাবে আল্লামা হারীরী সম্পূর্ণ পত্রটি সমাপ্ত করেছেন। পত্রটি সূচনা এ রকম :

اَلْكَرَمُ ثَبَّتَ اللّٰهُ جَيْشَ سُعُوْدِكَ يَزِيْنُ ، وَاللُّؤْمُ غَضَّ الدَّهْرُ جَفْنَ حُسُوْدِكَ يَشِيْنُ ، وَالْأَرْوَعُ يُثِيْبُ ، وَالْمُعْوِرُ يُخَيِّبُ وَالْحُلَاحِلُ يُضِيْفُ وَالْمَاحِلُ يُخِيْفُ ....

দ্বিতীয় দশকের ষষ্ঠ মাকামায় লেখক আরবি সাহিত্যের আর একটি শৈলী উপস্থাপন করেছেন। তাতে এমন কিছু বাক্য উপস্থাপন করেছেন যেগুলো শুরু থেকে পঠিত হলে যে রকম বাক্য গঠিত হয়, বাক্যের শেষের দিক থেকে পড়লেও তদ্রূপ শব্দ গঠন করা যায়। যেমন–

١. لُمْ أَخَاً مَلَّ ٢. كَبِّرْ رَجَاءَ أَجْرِ رَبِّكَ ٣. سَكِّتْ كُلَّ مَنْ نَمَّ لَكَ تَكِسْ ٤. مَنْ يَرُبُّ إِذَا بَرَّ يَنُمْ ٥. لُذْ بِكُلِّ مُؤَمَّلٍ إِذَا لَمَّ وَمَلَكَ بَذَلَ .

তৃতীয় দশকের ষষ্ঠ মাকামায় অপর একটি নতুন রচনাশৈলী প্রদর্শন করেছেন, যাতে একটি পত্রের প্রতিটি শব্দের একটি হরফ নুকতাবিহীন এবং পরের হরফটি নুকতাযুক্ত। যেমন–

أَخْلَاقُ سَيِّدِنَا تُحَبُّ ، وَبِعَقْوَتِهِ يُلَبُّ ، وَقُرْبُهُ تُحَفُ ، وَنَأْيُهُ تَلَفٌ، وَخُلَّتُهُ نَسَبٌ ، وَقَطِيْعَتُهُ نَصَبٌ ، وَغَرْبُهُ ذَلِقٌ ، وَشُهُبُهُ تَأْتَلِقُ ، وَظَلْفُهُ زَانَ، وَقُوَيْمُ نَهْجِهِ بَانَ ، وَذِهْنُهُ قَلَّبَ وَجَرَّبَ ، وَنَعْتُهُ شَرَّقَ وَغَرَّبَ -

চতুর্থ দশকের ষষ্ঠ মাকামাটিতে রয়েছে বেশ কিছু ধাঁধা সাহিত্যের উপস্থাপনা। আর পঞ্চম দশকের ষষ্ঠ মাকামায় এরূপ দশটি বয়াত পেশ করেছেন, যেগুলোর প্রতিটি শব্দ নুকতাবিহীন। যেমন–

أَعْدِدْ لِحُسَّادِكَ حَدَّ السِّلَاحْ وَأَوْرِدِ الْآمِلَ وِرْدَ السَّمَاحْ
وَصَارِمِ اللَّهْوَ وَوَصْلَ الْمَهَا وَأَعْمِلِ الْكُوْمَ وَسُمْرَ الرِّمَاحْ
وَاسْعَ لِإِدْرَاكِ مَحَلٍّ سَمَا عِمَادُهُ لَا لِادِّرَاعِ الْمِرَاحْ
وَاللّٰهِ مَا السُّؤْدُدُ حَسْوُ الطِّلَا وَلَا مُرَادُ الْحَمْدِ رَوْدٌ رَدَاحْ

তারপর এমন ছয়টি বয়াত পেশ করেছেন, যার প্রত্যেক শব্দের প্রতিটি হরফ নুকতাযুক্ত। যেমন– ৩টি

فَتَنَتْنِي فَجَنَّنَتْنِي تَجَنِّيْ بِتَجَنٍّ يَفْتَنُّ غِبَّ تَجَنِّيْ
شَغَفَتْنِي بِجَفْنِ ظَبْيٍ غَضِيْضٍ غَنِجٍ يَقْتَضِي تَغَيُّضَ جَفْنِي
غَشِيَتْنِي بِزِيْنَتَيْنِ فَشَفَّتْنِي بِزِيٍّ يَشِفُّ بَيْنَ تَثَنِّي

এরপর এমন পাঁচটি বয়াত পেশ করেছেন, যার প্রতি দুইটি শব্দের একটি সম্পূর্ণ নুকতাবিহীন, আর অপরটি সম্পূর্ণ নুকতাযুক্ত। যেমন– ৩টি

إِسْمَحْ فَبَثُّ السَّمَاحِ زَيْنٌ وَلَا تُخِبْ آمِلًا تَضَيَّفْ
وَلَا تُجِزْ رَدَّ ذِي سُؤَالٍ فَنَّنَ أَمْ فِي السُّؤَالِ خَفَّفْ
وَلَا تَظُنَّ الدُّهُوْرَ تُبْقِي مَالَ ضَنِيْنٍ وَلَوْ تَقَشَّفْ

এছাড়া আটাশতম ও উনত্রিশতম মাকামায় এমন দুটি খুতবা রয়েছে, যার প্রতিটি শব্দ নুকতাবিহীন। যেমন– আংশিক

١. اَلْحَمْدُ لِلّٰهِ الْمَمْدُوْحِ الْأَسْمَاءِ الْمَحْمُوْدِ الْآلَاءِ الْوَاسِعِ الْعَطَاءِ الْمَدْعُوِّ لِحَسْمِ اللَّأْوَاءِ ، مَالِكِ الْأُمَمِ وَمُصَوِّرِ الرِّمَمِ ، وَأَهْلِ السَّمَاحِ وَالْكَرَمِ وَمُهْلِكِ عَادٍ وَإِرَمَ ..... إلخ -

٢. اَلْحَمْدُ لِلّٰهِ الْمَلِكِ الْمَحْمُوْدِ الْمَالِكِ الْوَدُوْدِ مُصَوِّرِ كُلِّ مَوْلُوْدٍ وَمَآلِ كُلِّ مَطْرُوْدٍ ، سَاطِحِ الْمِهَادِ وَمُوَطِّدِ الْأَطْوَادِ ...... الخ

মাকামাতে হারীরীতে ধাঁধা সাহিত্য : ধাঁধা মানে কৌতুহলজনক ও বুদ্ধি বিভ্রমকারী প্রশ্ন বা এমন কোনো কৌতুকপূর্ণ কথা, যার বাহ্যিক অর্থ ভুল, অথচ পরোক্ষ অর্থ শুদ্ধ। সাহিত্যের এ শাখাটি এক সময় আরবি সাহিত্যে বেশ প্রচলন লাভ করেছিল। মাকামাতে হারীরীর বত্রিশতম মাকামায় এরূপ একশ'টি ধাঁধা ও কৌতুকপূর্ণ মাসআলা রয়েছে, যেগুলোর বাহ্যিক অর্থ বুদ্ধি বিভ্রমকারী বা অশুদ্ধ, কিন্তু পরোক্ষ দৃষ্টিতে সেগুলোর অর্থ শুদ্ধ ও বুদ্ধিজ্ঞাপক। যেমন : কেউ জিজ্ঞেস করল যে, অজু করার পর না'ল [نَعْلٌ প্রচলিত অর্থে সেন্ডেল] স্পর্শ করলে তার বিধান কি? উত্তর দেওয়া হলো যে, অজু ভেঙ্গে যাবে। এ উত্তরটি বাহ্যিক দৃষ্টিতে ভুল। কেননা অজু করার পর সেন্ডেল স্পর্শ করলে অজু ভঙ্গ হয় না। কিন্তু পরোক্ষ অর্থে উত্তরটি সঠিক। কেননা আরবিতে না'ল (نَعْلٌ) -এর আরেকটি অর্থ হলো স্ত্রীলোক [দ্র. লিসানুল আরব, نَعْلٌ মাদ্দা]। উল্লেখ্য যে, ইমাম শাফেঈ (র.)-এর মতে, অজু করার পর স্ত্রীলোককে স্পর্শ করলে অজু নষ্ট হয়ে যায়। সুতরাং ইমাম শাফেঈ (র.)-এর মাযহাব অনুসারে উক্তিটি সঠিক।

মাকামাতে হারীরী রচনার প্রেক্ষাপট : মাকামাতে হারীরী রচনার প্রেক্ষাপট সম্পর্কে কয়েকটি মতামত পাওয়া যায় :

১. মাকামাতে হারীরীর ভাষ্যকার শায়খ আবূ সাঈদ মুহাম্মদ ইবনে আব্দুর রহমান মাসউদী পাঞ্জদেহী [বাল্খী] মাকামাত রচনার কারণ সম্পর্কে বলেন, আবূ যায়দ সারূজী নামক এক সুসাহিত্যিক ও মিষ্টি-মধুরভাষী অভাবী ব্যক্তি বসরা শহরের বনূ হারাম মসজিদে হাজির হয়ে মসজিদে উপস্থিত লোকজনকে সশ্রদ্ধ সালাম জানিয়ে অত্যন্ত হৃদয়গ্রাহী ও মনোমুগ্ধকর ভাষায় নিজের দুরাবস্থা ও অভাব-অনটনের কথা তুলে ধরে এবং এও জানায় যে, তার এক ছেলে রোমীয়দের হাতে বন্দী হয়েছে। মসজিদে তখন আল্লামা হারীরী সহ জ্ঞান-প্রিয় ও সাহিত্যরসিক লোকজন উপস্থিত ছিলেন। সবাই তার যাদুময় ভাষায় মুগ্ধ হলেন। ঘটনাক্রমে সেদিন আল্লামা হারীরীর কাছে বসরার বড় বড় জ্ঞানী-গুণী সাক্ষাতের জন্য এসেছিলেন। আল্লামা হারীরী তাঁদেরকে এ ঘটনা শুনান এবং তার যাদুময় ভাষার প্রশংসা করেন। তখন আগতদের প্রত্যেকেই আবূ যায়দ সারূজীর এ ধরনের আরও বহু কাহিনী বর্ণনা করেন। তারা এও জানান যে, এ লোকটি প্রত্যেক মসজিদে এভাবে বেশভূষা পরিবর্তন করে নানা কলা-কৌশলে নিজের গুণ-গরিমা প্রকাশ করে। মজলিসে উপস্থিত সকলেই তার বহুরূপী ভাব ও যাদুময় ভাষার কথা শুনে অত্যন্ত আশ্চর্যান্বিত হন। এর উপর ভিত্তি করে আল্লামা হারীরী প্রথমে মাকামায়ে হারামিয়্যা [বর্তমান বিন্যাস অনুযায়ী, আটচল্লিশতম মাকামা] রচনা করেন। তারপর অন্যান্য মাকামাগুলো লিখেন।

আল্লামা ইবনুল জাওযীর বর্ণনা : ইবনুল জাওযীও পূর্বানুরূপ কাহিনী বর্ণনা করে বলেন, আল্লামা হারীরী সর্বপ্রথমে মাকামায়ে হারামিয়্যা রচনা করে আব্বাসী খলীফা মুসতারশিদ বিল্লাহর মন্ত্রী শরফুদ্দীন আবূ নাস্‌র আনৌশেরাওয়াঁ ইবনে খালিদ ইবনে মুহাম্মদ কাশানীর খেদমতে পেশ করেন। তিনি এটি দেখে আনন্দিত হন এবং এর সাথে এরূপ আরও মাকামা সংযোজন করার পরামর্শ দেন। সেমতে আল্লামা হারীরী এ নিয়মে পঞ্চাশটি মাকামা রচনা করেন।

আল্লামা হারীরীর পুত্র আবুল কাসিম আব্দুল্লাহও এরূপ বর্ণনা দিয়েছেন। -[দ্র. তারীখে ইবনে খাল্লিকান, ৪খ., পৃ. ৬৩]

২. **ঐতিহাসিক ইবনে খাল্লিকানের অভিমত :** আল্লামা ইবনে খাল্লিকান হারীরী-তনয় আবুল কাসিম আব্দুল্লাহর বর্ণনা উল্লেখ করে বলেন, আমি ইতিহাসের বিভিন্ন গ্রন্থে এরূপ বর্ণনা পেয়েছি। কিন্তু আমি হিজরি ৬৫৬ সালের কোনো এক মাসে কায়রোতে মাকামাতের একটি কপি দেখছি, যা সম্পূর্ণরূপে হারীরীর নিজ হাতে লেখা। উক্ত কপির উপরে তাঁর হাতে লেখা রয়েছে যে, তিনি এটি খলীফা মুসতারশিদ বিল্লাহর মন্ত্রী জালালুদ্দীন আমীদুদ্দৌলাহ আবূ আলী আল-হাসান ইবনে আবি'ল-ইয্‌য্ আলী ইবনে সাদাকার উদ্দেশ্যে রচনা করেছেন।

এরপর ইবনে খাল্লিকান মন্তব্য করেন যে, উপরিউক্ত বর্ণনাটি যেহেতু হারীরীর নিজ হাতে লেখা তাই এটি যে পূর্ববর্তী বর্ণনা অপেক্ষা অধিক বিশুদ্ধ তাতে কোনোরূপ সন্দেহ নেই। -[দ্র. তারীখে ইবনে খাল্লিকান, ৪খ., পৃ., ৬৪]

হারীরীর মাকামাত রচনা সম্পর্কে ভিন্ন রকম বর্ণনা : হারীরীর মাকামা রচনা সম্পর্কে এরূপ একটি কাহিনীও বলা হয়ে থাকে যে, তিনি প্রথমে চল্লিশটি মাকামা রচনা করেন এবং সেগুলো নিয়ে বাগদাদ গমন করেন। সেখানে রাজ-দরবারের লোকেরা মাকামাগুলো দেখে বিস্মিত হন এবং যে কোনো মানুষ যেহেতু সাধারণত এরূপ অলঙ্কার সমৃদ্ধ সাহিত্য রচনা করতে অক্ষম তাই এ মাকামাগুলো হারীরীর রচিত বলে তাঁরা বিশ্বাস করেন নি। সুতরাং জনৈক মন্ত্রী [মতান্তরে উপরিউক্ত মন্ত্রী, যার পরামর্শে তিনি মাকামা রচনা করেছিলেন] তাঁকে পরীক্ষা করা ইচ্ছা করেন এবং উপস্থিত দরবারে তদনুরূপ একটি মাকামা রচনা করে দিতে বলেন। আদেশ পালনার্থে হারীরী দোয়াত ও কাগজ নিয়ে দরবারের এক কিনারায় বসে যান। কিন্তু তখন যে কোনো কারণেই হোক; তাঁর সাহিত্য রচনার ভাব জাগ্রত হয় নি এবং তিনি সেখানে নতুন কোনো মাকামা রচনা করে দেখাতে সমর্থ

হন নি। পরে দেশে ফিরে এসে আর ও দশটি মাকামা রচনা করে মোট পঞ্চাশটি মাকামা পূর্ণ করেন। যাঁরা হারীরীর মাকামাত রচনার যোগ্যতাকে অবিশ্বাস করেছিলেন তাঁদের মধ্যে কবি আবুল কাসিম আলী ইবনে আফলাহ [মৃত্যু : ৫৩৫ হি.] অন্যতম। তিনি এ প্রসঙ্গে বলেন–

شَيْخٌ لَنَا مِنْ رَبِيعَةِ الْفَرَسِ   يَنْتِفُ عُثْنُونَهُ مِنَ الْهَوَسِ
أَنْطَقَهُ اللّٰهُ بِالْمَشَانِ كَمَا   رَمَاهُ وَسَطَ الدِّيوَانِ بِالْخَرَسِ

"রাবী'আতুল ফারাস অর্থাৎ, রাবী'আ ইবনে নিযার-এর বংশোদ্ভূত আমাদের এক বয়ঃবৃদ্ধ ব্যক্তি রয়েছেন, তিনি উন্মাদনাবশত নিজের দাড়ি ছিঁড়েন। আল্লাহ তা'আলা তাকে মাশান [হারীরীর জন্ম স্থান] - এ ভাষা-জ্ঞান দিয়েছেন, যেমনটি তাঁকে রাজ-দরবারের মাঝে বাকরোধ দ্বারা লাঞ্ছিত করেছেন।" [দ্র. আল-বিদায়া ওয়ান-নিহায়া, ১২খ., পৃ., ২০৬]

উল্লেখ্য যে, ইবনে দিময়াতীর বর্ণনা মতে, উপরিউক্ত শ্লোক দু'টি প্রখ্যাত আরবি ব্যঙ্গ কবিতা রচয়িতা কবি আবূ মুহাম্মদ আল-হাসান ইবনে আহমদ ইবনে মুহাম্মদ ইবনে হিক্কীনা হারীমী [মৃত্যু : ৫২৮ হি.] কর্তৃক রচিত। তবে সেখানে كَمَا : رَمَاهُ ও وَسَطَ الدِّيوَانِ-এর পরিবর্তে وَقَدْ : أَلْجَمَهُ فِي الْعِرَاقِ রয়েছে। – [দ্র. তারিখে বাগাদাদ, পরিশিষ্ট, ১৯ খ., পৃ., ২২১]

পর্যালোচনা : মাকামা রচনার প্রেক্ষাপট আলোচনা প্রসঙ্গে দু'টি বর্ণনা উল্লেখ করা হয়েছে। তন্মধ্যে এক বর্ণনায় বলা হয়েছিল যে, হারীরী 'মাকামায়ে হারামিয়্যা' লিখে আব্বাসী খলীফা মুসতারশিদ বিল্লাহর মন্ত্রী শরফুদ্দীন আবূ নাস্‌র আনৌশেরাওয়াঁ ইবনে খালিদ ইবনে মুহাম্মদ কাশানীর সামনে পেশ করলে তিনি তার সাথে আরও মাকামা রচনা করে সংযোজন করার পরামর্শ দেন।

অপর বর্ণনায় বলা হয়েছিল যে, আল্লামা ইবনে খাল্লিকান ৬৫৬ হিজরিতে কায়রোতে হারীরীর নিজ হাতে লিখিত একটি কপি দেখেছেন। তার উপর লেখা রয়েছে যে, গ্রন্থটি তিনি আব্বাসী খলীফা মুসতারশিদ বিল্লাহর মন্ত্রী জালালুদ্দীন আমীদুদৌলাহ আবূ আলী আল-হাসান ইবনে আবিল ইয্‌য্ আলী ইবনে সাদাকার উদ্দেশ্যে রচনা করেছেন। কিন্তু এ দু'টি বর্ণনার ঐতিহাসিক পর্যালোচনা করলে দেখা যায় যে, এর কোনটিই আপত্তির উর্ধ্বে নয়। কেননা, এটা ঐতিহাসিকভাবে প্রমাণিত হয়েছে যে, মাকামাতে হারীরীর রচনাকাল হল, ৪৯৫ হিজরি থেকে ৫০৪ হিজরি পর্যন্ত। আর আব্বা খলীফা মুসতারশিদ বিল্লাহ ৫১২ হিজরিতে খলীফা হয়েছেন এবং ৫১৩ হিজরিতে জালালুদ্দীন আমীদুদৌলাহ আবূ আলী আল-হাসান ইবনে আবিল ইয্‌য্ আলী ইবনে সাদাকা [মৃত্যু : ৫২২ হি.]-কে মন্ত্রী পদে নিয়োগ করেন এবং ৫১৬ হিজরিতে তাকে মন্ত্রী পদ থেকে অব্যাহতি দেন। তারপর ৫১৭ হিজরিতে পুনরায় তাঁকে মন্ত্রিত্ব দান করেন এবং মৃত্যু [৫২২ হি.] পর্যন্ত তিনি মন্ত্রিত্বে বহাল থাকেন।

–[দ্র. আয-যিরিক্‌লী, আল-আ'লাম, ২ খ., পৃ. ২০২, শিরো. ইবনে সাদাকা, আল-হাসান ইবনে আলী ইবনে সাদাকা]

অপরদিকে হারীরীর জীবনী সংকলক সকল নির্ভরযোগ্য ঐতিহাসিক এ ব্যাপারে একমত যে, হারীরী ৫১৬ হিজরিতে ইনতিকাল করেন। সুতরাং পূর্বে উল্লিখিত মাকামাতে হারীরীর রচনাকাল সঠিক হলে উক্ত আব্বাসীয় খলীফার মন্ত্রী আল-হাসান ইবনে আলীর মন্ত্রিত্বের সময়ের সাথে মিলে না। আর যদি ধরে নেওয়া হয় যে, উক্ত মন্ত্রীর মন্ত্রিত্ব লাভের পর ৫১৩ হিজরির পরে মাকামা রচনা শুরু করেছেন তবে তাও বিভিন্ন কারণে যুক্তিসঙ্গত মনে হয় না। প্রথমত এর সপক্ষে সুস্পষ্ট কোনো ঐতিহাসিক প্রমাণ নেই, দ্বিতীয়ত সত্তর বছরের কাছাকাছি বয়সের বয়ঃবৃদ্ধ ব্যক্তি কর্তৃক মৃত্যুর পূর্ববর্তী তিন বছরের স্বল্প সময়ে মাকামাতের ন্যায় একটি বিস্ময়কর সাহিত্যালঙ্কার সমৃদ্ধ গ্রন্থ রচনা করা অসম্ভব না হলেও, দুষ্কর কি না তা ভেবে দেখার বিষয়। তৃতীয়ত হারীরীর জীবনীতে বলা হয়েছে যে, মাকামাত রচনার পর হারীরীর সাহিত্য-প্রতিভার সুনাম ও সুখ্যাতি চতুর্দিকে ছড়িয়ে পড়ে। যার ফলে বহু লোক তাঁর সাথে সাক্ষাৎ করতে ও তাঁর নিকট মাকামাত পড়তে ভিড় জমায়। এ কারণে তাঁর জীবদ্দশায় তাঁর নিজ হাতে মাকামাতের কপি করে ৭০০ [সাতশ'] কপির মতো বিতরণ করতে হয়েছে এবং সে কপিগুলো তার সামনে পঠিতও হয়েছে। প্রশ্ন হয় যে, মাত্র তিন বছরের মতো স্বল্প সময়ের মধ্যে কখন মাকামা রচনা করলেন, কখন তার সুনাম-সুখ্যাতি চতুর্দিকে ছড়িয়ে পড়ল এবং কখন নিজ হাতে ৭০০ কপি অনুলিপি প্রস্তুত করলেন? বলা বাহুল্য যে, জীবনের শেষ ভাগে এসে তার পক্ষে এত বড় কাজ আঞ্জাম দেওয়া কেবল দুষ্করই নয়, অসম্ভবই বলতে হয়।

তা ছাড়া প্রথম বর্ণনায় উল্লিখিত মন্ত্রী শরফুদ্দীন আবূ নাস্‌র আনৌশেরাওয়াঁ ইবনে খালিদ ইবনে মুহাম্মদ কাশানী সম্পর্কে ইতিহাসে পাওয়া যায় যে, খলীফা মুসতারশিদ বিল্লাহ তাঁকে ৫২১ হিজরিতে মন্ত্রী পদে নিয়োগ করেন। প্রায় দশ মাসের মতো মন্ত্রিত্ব করার পর তিনি স্বেচ্ছায় মন্ত্রিত্বের দায়িত্ব থেকে ইস্তফা দেন। এরপর ৫২৬ হিজরিতে খলীফা তাঁকে পুনরায় মন্ত্রীপদে নিযুক্ত করেন এবং ৫২৮ হিজরিতে তাঁকে মন্ত্রিত্ব থেকে অব্যাহতি দেন। –[দ্র. ইবনু'ল আসীর, আল-কামিল, ৮ খ., পৃ. ৩৩৮, ৩৪৪]

Free@www.e-ilm.weebly.com

Free @ www.e-ilm.weebly.com

সুতরাং এটা আর বলার অপেক্ষা রাখে না যে, তার মন্ত্রিত্ব লাভের অনেক পূর্বেই হারীরী ইনতিকাল করেন। কাজেই উক্ত দ্বি বর্ণনার কোনটি আপত্তির ঊর্ধ্বে নয়।

৩. মাকামাতে হারীরী রচনার প্রেক্ষাপট সম্পর্কে তৃতীয় অভিমতটি হলো এই যে, মাকামাতে হারীরীর টীকাকার কারও কারও অভিমত স্বরূপ তৎকালীন বসরার শাসনকর্তার কথাও উল্লেখ করেছেন। অসম্ভব কিছু নয়, হয়তো আল্লামা হারীরী "যাঁর ইঙ্গিত নির্দেশের সমতুল্য ও যাঁর আনুগত্য সৌভাগ্য স্বরূপ" বলে তখনকার বসরার শাসনকর্তাকেও বুঝাতে পারেন।

প্রথম বর্ণনার স্বপক্ষে হারীরী-তনয় আবুল কাসিম আব্দুল্লাহর এটি বর্ণনা ইতিহাসে পাওয়া যায়; কিন্তু তা সনদহীন। সুতরাং উপরিউক্ত সুস্পষ্ট ঐতিহাসিক তথ্যের মোকাবিলায় তা গ্রহণযোগ্য নয়। তা ছাড়া স্বয়ং হারীরীও মাকমাতের ভূমিকায় মাকামাহ রচনার প্রেক্ষপট বর্ণনা প্রসঙ্গে নির্দিষ্ট করে কারও নাম উল্লেখ করেন নি। তারীখে বাগদাদের পরিশিষ্টেও হারীরীর জীবনী আলোচনা করতে যেয়ে মাকামাত রচনার প্রেক্ষাপট সম্পর্কে হারীরীর একটি বর্ণনা উল্লেখ করা হয়েছে। তা থেকে জানা যায় যে, তৎকালীন বাদশার জনৈক মন্ত্রীসহ কতিপয় জ্ঞানী-গুণী তাঁর প্রথম রচিত মাকামায়ে হারামিয়্যা [আটচল্লিশতম মাকামা] দেখে তদনুরূপ আরও মাকামা রচনা করার জন্য তাঁকে অনুরোধ করেন। আর এটা জানা কথা যে, ইতঃপূর্বে মাকামাতের যে রচনাকাল উল্লেখ করা হয়েছে সেই সময়টি ছিল আব্বাসী খলীফা মুসতাজহির বিল্লাহর শাসনামল। তিনি ৪৮৭ হিজরি থেকে ৫১২ পর্যন্ত খিলাফত পরিচালনা করেন। অতএব উক্ত বর্ণনা থেকে এটা সহজে অনুমিত হয় যে, খলীফা মুসতাজহির বিল্লাহর কোনো মন্ত্রী আল্লামা হারীরীকে মাকামাত লেখার জন্য অনুরোধ করেছিলেন।

৪. মাকামাতে হারীরীর ভাষ্যকার আল্লামা আবুল আব্বাস শারীশী এ সম্পর্কে ভিন্ন অভিমত পোষণ করেন, যা ঐতিহাসিক পর্যালোচনায় অধিক নির্ভরযোগ্য বলে মনে হয়। তিনি তাঁর রচিত মাকামাতের ভাষ্যগ্রন্থে বলেন, "তবে আমার মতে, শায়খ আবূ বকর ইবনে আযহারের সূত্রে বর্ণিত ফকীহ আবুল কাসিম ইবনে জাহ্ওয়ার এর অভিমতটিই সঠিক। ... ইবনে জাহ্ওয়ার বলতেন, আল্লামা হারীরীর فَأَشَارَ مَنْ إِشَارَتُهُ حُكْمٌ এ উক্তি দ্বারা উদ্দেশ্য খলীফা মুসতাজহির বিল্লাহ আব্বাসী। ... খলীফা মুসতাজহির বিল্লাহ যখন তাঁকে মাকামা লেখার নির্দেশ দেন তখন তিনি প্রত্যহ সকাল-বিকাল দিজলা ও ফোরাতের তীরে হাঁটতেন এবং সবুজ-শ্যামল প্রকৃতি ও জলরাশি অবলোকন করে মনকে সতেজ ও সজীব করে তুলতেন। ... এভাবে তিনি একশটি মাকামা রচনা করেন। পরবর্তীতে তিনি তা থেকে নির্বাচিত পঞ্চাশটি মাকামা রেখে বাকিগুলো ফেলে দেন এবং কিতাবের একটি ভূমিকা লিখে তা খলীফার নিকট নিয়ে যান। যার ফলে তিনি খলীফার নিকট বেশ উঁচু মর্যাদা লাভ করেন।
–[শারহুল মাকামাত, ১ খ., পৃ. ২৭-২৮]

দ্বিতীয় বর্ণনা হিসাবে ইবনে খাল্লিকানের যে বর্ণনাটি উল্লেখ করা হয়েছে তাও উপরিউক্ত ঐতিহাসিক তথ্য-প্রমাণের মোকাবিলায় নির্ভরযোগ্য বলে ধরে নেওয়া কঠিন। তা ছাড়া হারীরীর ইনতিকালের ১৪০ বছর পরে কায়রোতে প্রাপ্ত কপিটির বর্ণনা প্রক্ষিপ্ত হওয়ারও অবকাশ রয়েছে যথেষ্ট। আর যদি তা সত্য বলে ধরে নেওয়াও হয় তবে অবশ্যই বলতে হবে যে, আবূ আলী আল-হাসান ইবনে আলী ইবনে সাদাকা খলীফা মুসতারশিদ বিল্লাহর মন্ত্রী হওয়ার পূর্বেই অন্য কোনো পদে অধিষ্ঠিত থাকাকালে আল্লামা হারীরীকে মাকামাত লেখার জন্য অনুরোধ করেছিলেন। কিন্তু পরে যেহেতু তিনি খলীফা মুসতারশিদ বিল্লাহর মন্ত্রী হয়েছিলেন তাই তাঁকে খলীফার মন্ত্রী হিসাবে উল্লেখ করা হয়েছে।

অপবাদ : ইয়াকূত হামাবী বলেন, কোনো কোনো নিন্দুক এ অপবাদ দিয়েছে যে, মাকামাত আল্লামা হারীরীর রচনা নয়। কেননা মাকামাতের ভাষা ও সাহিত্যালঙ্কার তাঁর অন্যান্য রচনাবলির সাথে সামঞ্জস্যহীন। এটি অন্য এক ব্যক্তির রচনা। লোকটি তাঁর বাড়িতে মেহমান ছিলেন এবং সে অবস্থায় লোকটি ইনতিকাল করেন। হারীরী সেই মৃত ব্যক্তির কিতাবটি নিজের নামে চালিয়ে দিয়েছেন।

কেউ কেউ বলেন, আরবরা একটি যাত্রীদলকে আটক করেছিলেন। সেই যাত্রীদলের আসবাব পত্রের মধ্যে একটি থলিও ছিল। থলিটি আরবের লোকেরা বসরার বাজারে নিয়ে বিক্রি করে। সেই থলিতে এই মাকামাত কিতাবখানি ছিল। হারীরী মাকামাতসহ সেই থলিটি ক্রয় করে দাবি করলেন যে, এ মাকামাত তাঁর রচনা। –[মু'জামুল উদাবা, ৪খ., পৃ. ৫৯৯]

কিন্তু উপরিউক্ত নির্ভরযোগ্য প্রমাণাদির সামনে এসব বর্ণনা একেবারেই নিরর্থক।

মাকামাতে হারীরীর রেওয়ায়াত : মাকামা সাহিত্য একটি সাধারণ ঘটনাকে কেন্দ্র করে আবর্তিত হয়। ঘটনা যার দ্বারা সংঘটিত হয় তাকে গল্প ও উপন্যাস সাহিত্যের পরিভাষায় আরবিতে اَلْبَطَلُ এবং বাংলায় চরিত্র বা নায়ক বলা হয়। যেমন : মাকামাতে হারীরীতে আবূ যায়দ সারুজী ও মাকামাতে বাদী'তে আবুল ফাত্হ ইসকানদারী। এরূপ নায়কের সাথে অপর এক

Free @ www.e-ilm.weebly.com

ব্যক্তির গভীর সম্পর্ক ও নিবিড় পরিচয় থাকে, যে উক্ত নায়কের প্রতিটি ঘটনা প্রত্যক্ষ করে, প্রত্যেক মজলিসে তার কথা শুনে এবং আকস্মিকভাবে তার প্রতিটি রহস্যস্থলে হাজির হয়। অতঃপর তার ভালো-মন্দ যাই জানুক, জনসমক্ষে তা বর্ণনা করে। এরূপ ব্যক্তিকে রাবী [বর্ণনাকারী] বলা হয়। যেমন : মাকামাতে বাদী'তে ঈসা ইবনে হিশাম ও মাকামাতে হারীরীতে হারিস ইবনে হাম্মাম।

মাকামাতে হারীরীতে হারিস ইবনে হাম্মামকে রাবী অর্থাৎ গল্পগুলোর কল্পিত রূপকার হিসাবে আখ্যায়িত করা হলেও প্রকৃতপক্ষে আল্লামা হারীরী এর দ্বারা নিজেকেই বুঝিয়েছেন এবং তাঁর আবাসস্থল বসরার প্রতি নিসবত করে হারিস ইবনে হাম্মামকে বসরার অধিবাসী হিসাবে পেশ করেছেন। হারীরী তাঁর গল্পগুলোর কল্পিত রূপকার তথা নিজের ছদ্মনাম হিসাবে এ দু'টি নাম চয়ন করার কারণ এই যে, এ দু'টি নামকে এক হাদীসে সত্যতম নাম বলা হয়েছে। হাদীসটি এই :

عَنْ أَبِي وَهَبٍ الْجُشَمِيِّ رَضِيَ اللّٰهُ عَنْهُ قَالَ : قَالَ رَسُولُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : تَسَمَّوْا بِأَسْمَاءِ الْأَنْبِيَاءِ، وَأَحَبُّ الْأَسْمَاءِ إِلَى اللّٰهِ عَبْدُ اللّٰهِ وَعَبْدُ الرَّحْمٰنِ وَأَصْدَقُهَا حَارِثٌ وَهَمَّامٌ، وَأَقْبَحُهَا حَرْبٌ وَمُرَّةٌ. (رَوَاهُ أَبُو دَاوُدَ فِي كِتَابِ الْأَدَبِ، بَابٌ فِي تَغْيِيرِ الْأَسْمَاءِ ٢ : ٦٧٤، رَقْمُ الْحَدِيثِ : ٤٩٤٠، وَرَوَاهُ أَحْمَدُ فِي مُسْنَدِهِ ٤ : ٣٤٥، رَقْمُ الْحَدِيثِ : ١٨٥٥٣)

"হযরত আবূ ওয়াহাব জুশামী (রা.) বলেন, রাসূলুল্লাহ ﷺ বলেছেন, তোমরা নবীদের নামে নামকরণ কর। আর আল্লাহ তা'আলার নিকট সর্বাপেক্ষা প্রিয়তম নাম হচ্ছে আব্দুল্লাহ ও আব্দুর রহমান, সত্যতম নাম হচ্ছে হারিস ও হাম্মাম এবং নিকৃষ্টতম নাম হচ্ছে হারব ও মুররা। [আবূ দাউদ, আহমদ]

হাদীসের ভাষ্যকারগণ বলেন, حَارِثٌ মানে উপার্জনকারী, অন্বেষণকারী এবং هَمَّامٌ মানে প্রত্যয়ী, সংকল্পবদ্ধ, বাস্তব পদক্ষেপ গ্রহণকারী। যেহেতু সকল মানুষ নিজের স্বার্থ ও লক্ষ্য অর্জনে এবং উদ্দিষ্ট বিষয়ের অন্বেষণে ব্রতী হয় এবং সকলে নিজ নিজ কর্মে প্রত্যয়ী ও সংকল্পবদ্ধ হয় তাই এ দু'টি নামকে সত্যতম নাম বলা হয়েছে।

এ ছাড়াও এ সম্পর্কে রাসূলুল্লাহ ﷺ -এর বাণী হিসেবে আরেকটি বাক্য পেশ করা হয়ে থাকে। তা হলো, كُلُّكُمْ حَارِثٌ وَكُلُّكُمْ هَمَّامٌ "তোমাদের প্রত্যেকেই উপার্জনকারী এবং তোমাদের প্রত্যেকেই প্রত্যয়ী।" এই বাণীটি যেহেতু উপরিউক্ত শব্দে সনদ সহকারে কোনো হাদীসের কিতাব সংকলিত হয় নি, তাই হাফিজ ইবনে কাসীর রহ. [মৃত্যু : ৭৭৪ হি.] এটিকে দলিল স্বরূপ পেশ না করে পূর্বোক্ত হাদীসটি পেশ করেছেন। – [আল-বিদায়া ওয়ান-নিহায়া, ১২ খ., পৃ. ২০৫]

আবূ যায়দ সারূজীর পরিচয় :

মাকামাতে হারীরীতে ঘটনার নায়ক হিসাবে আবূ যায়দ সারূজীর নাম উল্লেখ করা হয়েছে। তাঁর ব্যক্তি পরিচয় সম্পর্কে ইতিহাসবিদগণের বিভিন্ন মতামত পাওয়া যায়।

১. প্রথম অভিমত এই যে, আবূ যায়দ সারূজী নামক এক অভাবী ব্যক্তি বসরার বনূ হারাম মসজিদে উপস্থিত লোকজনের সামনে মিষ্টি-মধুর ভাষায় তার অভাব-অনটনের কথা উপস্থাপন করে এবং তাদের সাহায্য প্রার্থনা করে। তার বক্তৃতা শুনে মসজিদে উপস্থিত লোকজন অত্যন্ত মুগ্ধ হন। আল্লামা হারীরী যেহেতু তাকে কেন্দ্র করেই প্রথমে মাকামায়ে হারামিয়্যা [আটচল্লিশতম মাকামা] রচনা করেন, তাই তিনি সেই নামটিকেই মাকামাতের অন্য সকল গল্পের মূল নায়কের নাম হিসাবে গ্রহণ করেন। –[তারীখে বাগদাদ, পরিশিষ্ট, ১৯ খ., পৃ. ২২০; তারীখে ইবনে খাল্লিকান, ৪ খ., পৃ. ৬৩]

২. দ্বিতীয় অভিমতটি হচ্ছে, আবূ যায়দ সারূজীর মূল নাম মুতাহ্হার ইবনে সাল্লার [মতান্তরে সাল্লাম] আবূ যায়দ সারূজী তাঁর উপনাম। তিনি হারীরীর ছাত্র ছিলেন। হারীরী তাঁর ছাত্রের নামটিকেই মাকামা গল্পের মূল নায়কের নাম হিসাবে ব্যবহার করেন। আবুল ফাত্হ মুহাম্মদ ইবনে আহমদ ইবনুল মানদায়ী আল-ওয়াসিতী বলেন, তিনি [মুতাহ্হার ইবনে সাল্লার] ৫৩৮ হিজরিতে যখন ওয়াসিত নগরীতে আমাদের নিকট আসেন তখন আমি তাঁর নিকট হারীরী-রচিত মুলহাতুল ই'রাব [পদ্যে রচিত ইলমে নাহ্ব-এর গ্রন্থ] পাঠ করি। এরপর তিনি বাগদাদে ফিরে যান এবং সেখানে তিনি কিছুকাল পর [৫৪০ হিজরির কাছাকাছি কোন সময়] ইনতিকাল করেন।

–[দ্র. আয-যিরিকলী, আল-আ'লাম, ৭ খ., পৃ. ২৫৩, শিরো আল-মুতাহহার ইবনে সাল্লার, আবূ যায়দ সারূজী।]

৩. তৃতীয় অভিমতটি হচ্ছে, আল্লামা হারীরী তাঁর মাকামা গল্পগুলোর নায়ক হিসাবে যে আবূ যায়দ সারূজীকে উপস্থাপিত করেছেন তার বাস্তবে কোনো অস্তিত্ব নেই। এটি তাঁর গল্পের কাল্পনিক চরিত্র মাত্র।

–[ইবনে কাসীর, আল-বিদায়া ওয়া'ন-নিহায়া, ১২ খ., পৃ. ২০৫]

Free @ www.e-ilm.weebly.com

উল্লেখ্য যে, মাকামাতে হারীরীর মূল কাহিনী-চরিত্র আবূ যায়দ সারূজী। তার ঘটনাবলির প্রত্যক্ষদর্শী ও বর্ণনাকারী হারিস ইবনে হাম্মাম। আল্লামা হারীরীর গল্পের বর্ণনা মতে, আবূ যায়দ সারূজীর সাথে হারিস ইবনে হাম্মামের প্রথম পরিচয় হয় ইয়ামানের রাজধানী সান'আয়। সেখানে হারিস ইবনে হাম্মাম আবূ যায়দকে একটি মজলিসে বক্তৃতা করতে দেখেন। এরপর একের পর এক বহু মজলিসে আবূ যায়দের সাথে হারিস ইবনে হাম্মামের সাক্ষাৎ ঘটে। সব জায়গায় আবূ যায়দের আচার-আচরণগুলো চাতুর্যমুলক। তিনি সাহিত্যের সকল প্রকার কলাকৌশল সম্পর্কে দক্ষ ও অভিজ্ঞ সাহিত্য-পণ্ডিত। প্রায় তাঁর কথা ও কাজের মধ্যে বৈপরীত্য লক্ষ্য করা যায়। অবশ্য শেষ মাকামায় এসে আবূ যায়েদ সারূজীর আচার-আচরণ পরিবর্তিত হয়ে যায়। তিনি নিজের চাতুর্যমুলক কার্যকলাপ থেকে তওবা করেন এবং অতীতের অসত্য কথাবার্তার জন্য লজ্জিত ও অশ্রুসিক্ত হন। আল্লাহ তা'আলার দরবারে কান্নাকাটি করে বলেন :

أَسْتَغْفِرُ اللّٰهَ مِنْ ذُنُوْبٍ أَفْرَطْتُ فِيْهِنَّ وَاعْتَدَيْتُ
كَمْ خُضْتُ بَحْرَ الضَّلَالِ جَهْلًا وَرُحْتُ فِي الْغَيِّ وَاغْتَدَيْتُ
وَكَمْ أَطَعْتُ الْهَوٰى اِغْتِرَارًا وَاخْتَلْتُ وَاغْتَلْتُ وَافْتَرَيْتُ
وَكَمْ خَلَعْتُ الْعِذَارَ رَكْضًا إِلَى الْمَعَاصِيْ وَمَا وَنَيْتُ
وَكَمْ تَنَاهَيْتُ فِي التَّخَطِّيْ إِلَى الْخَطَايَا وَمَا انْتَهَيْتُ
فَلَيْتَنِيْ كُنْتُ قَبْلَ هٰذَا نَسْيًا وَلَمْ أَجْنِ مَا جَنَيْتُ
فَالْمَوْتُ لِلْمُجْرِمِيْنَ خَيْرٌ مِنَ الْمَسَاعِي الَّتِيْ سَعَيْتُ
يَا رَبِّ عَفْوًا فَأَنْتَ أَهْلٌ لِلْعَفْوِ عَنِّيْ وَإِنْ عَصَيْتُ

অনুবাদ :

১. আমি আল্লাহ তা'আলার নিকট এমন সব গুনাহ থেকে ক্ষমা প্রার্থনা করি, যেগুলোর ব্যাপারে আমি বাড়াবাড়ি করেছি এবং সীমালঙ্ঘন করেছি।

২. বহুকাল যাবৎ মূর্খতাবশত ভ্রষ্টতার সমুদ্রে ডুব দিয়ে রয়েছি এবং এবং সকাল-সন্ধ্যা গোমরাহীর মধ্যে অতিবাহিত করেছি।

৩. বহুদিন ধোঁকায় পড়ে মনের খেয়াল-খুশির অনুসরণ করেছি, দম্ভ-অহঙ্কার করেছি, অন্যায়ভাবে অন্যের অধিকার খর্ব করেছি, অন্যের উপর অপবাদ দিয়েছি।

৪. বহুকাল যাবৎ মনের খেয়াল-খুশির অনুসরণে গুনাহ-খাতার প্রতি ধাবিত রয়েছি এবং এ থেকে পিছপা হইনি।

৫. বহুদিন অন্যায়-অপরাধের পথে পদচারণায় চূড়ান্ত মাত্রায় পৌঁছেছি, অথচ তা থেকে বিরত হইনি।

৬. আহা! আমি যদি এসব অপরাধকর্ম করার পূর্বে নিশ্চিহ্ন হয়ে যেতাম এবং আমি যে সব অপরাধ করেছি তা না করতাম।

৭. সুতরাং আমি যেসব কর্মকাণ্ডের প্রতি ধাবিত হয়েছি তার চেয়ে মৃত্যুই অপরাধীদের জন্য শ্রেয়।

৮. হে আমার প্রতিপালক! আমাকে অনুগ্রহপূর্বক ক্ষমা করুন। কেননা আপনি আমার অন্যায়-অপরাধ ক্ষমা করার অধিকারী, যদিও আমি পাপাচার করেছি।

এরপর হারিস ইবনে হাম্মাম যখন জানতে পারলেন যে, আবূ যায়দ সারূজী তাঁর পূর্বের অসমীচীন কর্মকাণ্ড থেকে তওবা করেছেন এবং বাস্তবিক পক্ষে তিনি দুনিয়া-বিমুখতা ও আল্লাহভীরুতার পন্থা অবলম্বন করেছেন, তখন তাকে দেখার জন্য হারিস ইবনে হাম্মাম সারূজ সফর করেন। সেখানে গিয়ে দেখেন, আবূ যায়দ প্রকৃত পক্ষেই সম্পূর্ণরূপে পরিবর্তিত হয়ে গেছেন। তাঁর কপালে সিজদার দাগ বিকশিত হয়ে আছে। তিনি সদাসর্বদা সম্পূর্ণরূপে ইবাদত-বন্দেগীতে লিপ্ত থাকেন। রাতে তাহাজ্জুদের নামাজ থেকে অবসর হওয়ার পর নিজের অতীত জীবন বিনষ্ট হওয়ার প্রতি আক্ষেপ করে এমন কিছু বয়াত গুণগুণ করে পড়তে থাকেন, যা শুনে হারিস ইবনে হাম্মামও অশ্রু ভারাক্রান্ত হন। সেই চেতনাসঞ্জীবনী বয়াতগুলোর কয়েকটি শ্লোক এখানে উল্লেখ করা হচ্ছে :

Free @ www.e-ilm.weebly.com

١. خَلِّ ادِّكَارَ الْأَرْبُعِ
وَالظَّاعِنِ الْمُوَدِّعِ
وَالْمَعْهَدِ الْمُرْتَبَعِ
وَعُدْ عَنْهُ وَدَعِ

٢. وَانْدُبْ زَمَانًا سَلَفَا
وَلَمْ تَزَلْ مُعْتَكِفًا
سَوَّدْتَ فِيْهِ الصُّحُفَا
عَلَى الْقَبِيْحِ الشَّنِعِ

٣. كَمْ لَيْلَةٍ أَوْدَعْتَهَا
لِشَهْوَةٍ أَطَعْتَهَا
مَآثِمًا أَبْدَعْتَهَا
فِيْ مَرْقَدٍ وَمَضْجَعِ

٤. وَكَمْ خُطًى حَثَثْتَهَا
وَتَوْبَةٍ نَكَثْتَهَا
فِيْ خِزْيَةٍ أَحْدَثْتَهَا
لِمَلْعَبٍ وَمَرْتَعِ

٥. وَكَمْ تَجَرَّأْتَ عَلٰى
وَلَمْ تُرَاقِبْهُ وَلَا
رَبِّ السَّمَاوَاتِ الْعُلٰى
صَدَقْتَ فِيْمَا تَدَّعِيْ

....

٦. فَالْبَسْ شِعَارَ النَّدَمِ
قَبْلَ زَوَالِ الْقَدَمِ
وَاسْكُبْ شَآبِيْبَ الدَّمِ
وَقَبْلَ سُوْءِ الْمَصْرَعِ

٧. وَاخْضَعْ خُضُوْعَ الْمُعْتَرِفْ
وَاعْصِ هَوَاكَ وَانْحَرِفْ
وَلُذْ مَلَاذَ الْمُقْتَرِفْ
عَنْهُ انْحِرَافَ الْمُقْلِعِ

٨. إِلَامَ تَسْهُوْ وَتَنِيْ
فِيْمَا يَضُرُّ الْمُقْتَنِيْ
وَمُعْظَمُ الْعُمْرِ فَنِيْ
وَلَسْتَ بِالْمُرْتَدِعِ

٩. أَمَا تَرَى الشَّيْبَ وَخَطْ
وَمَنْ يَلُحْ وَخْطُ الشَّمَطْ
وَخَطَّ فِي الرَّأْسِ خِطَطً
بِفَوْدِهٖ فَقَدْ نُعِيْ

١٠. وَيْحَكِ يَا نَفْسُ احْرِصِيْ
وَطَاوِعِيْ وَأَخْلِصِيْ
عَلَى ارْتِيَادِ الْمُخْلَصِ
وَاسْتَمِعِي النُّصْحَ وَعِيْ

١١. وَاعْتَبِرِيْ بِمَنْ مَضٰى
وَاخْشَيْ مُفَاجَاةَ الْقَضَا
مِنَ الْقُرُوْنِ وَانْقَضٰى
وَحَاذِرِيْ أَنْ تُخْدَعِيْ

....

١٢. يَا مَنْ عَلَيْهِ الْمُتَّكَلْ
لَمَّا اجْتَرَحْتُ مِنْ زَلَلْ
قَدْ زَادَ مَا بِيْ مِنْ وَجَلْ
فِيْ عُمْرِيَ الْمُضَيَّعِ

١٣. فَاغْفِرْ لِعَبْدٍ مُجْتَرِمْ
فَأَنْتَ أَوْلٰى مَنْ رَحِمْ
وَارْحَمْ بُكَاهُ الْمُنْسَجِمْ
وَخَيْرُ مَدْعُوٍّ دُعِيْ

অনুবাদ :

১. তুমি বাড়ি-ঘর ও বসন্তকালের আবাসস্থল এবং বিদায়ী সম্ভাষণ জ্ঞাপনকারী সফর উদ্যোগী বন্ধুর স্মৃতিচারণ পরিত্যাগ কর। আর তার আলোচনা থেকে দূরে থাক এবং তা ছেড়ে দাও।

২. অতীতে হারিয়ে যাওয়া সময়ের জন্য অশ্রু বিসর্জন দাও, যে সময়গুলোতে তুমি নিজের আমলনামাসমূহকে কালিমালিপ্ত করেছ। আর তুমি মন্দ ও নিন্দনীয় কাজে নিরবচ্ছিন্নভাবে ব্যাপৃত রয়েছ।

৩. বহু রাত এমন কেটেছে, যে রাতগুলোতে তুমি পাপকর্মের যোগান দিয়েছ, যে পাপকর্মগুলোকে তুমি নিজেই নতুন করে উদ্ভাবন করেছ। তুমি শয্যা ও বিশ্রামের জায়গায় মনের কামনার আনুগত্য করেছ।

৪. তুমি এমন লাঞ্ছনাকর ক্ষেত্রে বহু কদম ফেলেছ, যা তুমিই উদ্ভাবন করেছ। আর খেলাধুলা ও ভোগ-বিলাসের বশীভূত হয়ে তুমি বহুবার তওবা ভঙ্গ করেছ।

৫. তুমি বহুবার উর্ধ্ব আকাশের মালিক আল্লাহ তা'আলার বিরুদ্ধাচরণে দুঃসাহস দেখিয়েছ। আর তুমি তাকে ভয় করনি এবং তুমি যা দাবি কর তাতে তুমি সত্যবাদী হওনি।

৬. সুতরাং তুমি লজ্জার পোশাক পরিধান কর এবং তোমার পা বিচ্যুত হওয়ার পূর্বে এবং অশুভ পতন তথা মৃত্যুর পূর্বে তুমি রুধিরাশ্রু বিসর্জন দাও।

৭. আর তুমি অপরাধ স্বীকারকারীর মতো বিনত হও এবং পাপাচারীর আশ্রয় গ্রহণ করার মতো আশ্রয় গ্রহণ কর। তুমি তোমার রিপুর কামনার বিরুদ্ধাচরণ কর এবং নির্দোষ ব্যক্তির মতো তুমি এ থেকে ফিরে থাক।

৮. তুমি কতদিন যাবৎ ভুল করবে এবং আরাধ্য কর্মে দুর্বলতা ও অলসতার শিকার হবে। অথচ জীবনের অধিকাংশ সময় সাফল্যান্বেষী ব্যক্তির জন্য ক্ষতিকর কর্মকাণ্ডে বিনষ্ট হয়ে গেছে, অথচ তুমি বিরত হচ্ছ না।

৯. তুমি দেখছ না, চুলের শুভ্রতা ছড়িয়ে পড়েছে এবং মাথায় রেখাপথ অঙ্কিত হয়েছে। আর যার মাথার চূর্ণকুন্তলে সাদা-কালো চুলের সংমিশ্রণ ঘটেছে সে [যেন] মৃত্যুবরণ করেছে।

১০. আহা, হে মন, তুমি নিষ্কৃতির পন্থা খুঁজতে আগ্রহী হও। তুমি আনুগত্য কর এবং নিজেকে নিখাদ কর, তুমি উপদেশ শোন এবং তা আত্মস্থ কর।

১১. যারা অতীত যুগে অতিবাহিত হয়েছে এবং দুনিয়া থেকে চলে গেছে তাদের [জীবন] থেকে শিক্ষা গ্রহণ কর। আকস্মিক মৃত্যুকে ভয়কর এবং তুমি প্রতারিত হওয়ার প্রতি সতর্ক থাক।

১২. হে আশ্রয়স্থল সত্তা, আমার বিনষ্ট হয়ে যাওয়া অতীত জীবনে আমার যে সকল পদস্খলন প্রকাশ পেয়েছে তজ্জন্য আমার ভয় ও আশঙ্কা বেড়ে গেছে।

১৩. সুতরাং নগণ্য গুনাহগার বান্দাকে তুমি ক্ষমা করে দাও এবং তার বিগলিত অশ্রুপূর্ণ কান্নার প্রতি দয়া কর। কেননা তুমিই সবচেয়ে বড় দয়াশীল, আর সবচেয়ে উৎকৃষ্ট প্রার্থিত সত্তা, যাঁকে ডাকা হয়েছে।

আবূ যায়দ সারূজীর এ আবেগপূর্ণ শ্লোকগুলো শুনে হারিস ইবনে হাম্মামও অশ্রুসিক্ত হয়ে পড়েন। তারপর আবূ যায়দের পেছনে ইকতেদা করে ফজরের নামাজ আদায় করেন। তারপর বিদায় নেওয়ার উদ্দেশ্যে আবূ যায়দের দিকে অগ্রসর হন এবং তাকে উপদেশের জন্য অনুরোধ করেন। আবূ যায়দ তাঁর জবাবে বলেন, إِجْعَلِ الْمَوْتَ نَصْبَ عَيْنِكَ মৃত্যুর প্রতি সর্বদা দৃষ্টি নিবদ্ধ রাখুন।" তারপর বললেন, وَهٰذَا فِرَاقُ بَيْنِي وَبَيْنِكَ "আর এটা আমার ও আপনার মধ্যকার সম্পর্কের বিচ্ছেদ।"

হারিস ইবনে হাম্মাম বলেন–

فَوَدَّعْتُهُ وَعَبَرَاتِي يَتَحَدَّرْنَ مِنَ الْمَاقِي، وَزَفَرَاتِي يَتَصَعَّدْنَ مِنَ التَّرَاقِي، وَكَانَتْ هٰذِهٖ خَاتِمَةَ التَّلَاقِي.

"অতঃপর আমি যখন তাঁকে বিদায় জানালাম তখন আমার অশ্রু চোখ থেকে গড়িয়ে পড়ছে এবং বক্ষ থেকে উষ্ণ শ্বাস উঠছে। এ ছিল আমাদে শেষ সাক্ষাৎ।"

সাহিত্যিকদের দৃষ্টিতে মাকামাতে হারীরী : আল্লামা ইয়াকূত হামাবী বলেন, আরবি সাহিত্যের জগতে মাকামাতে হারীরী যে জনপ্রিয়তা লাভ করেছে তা অন্য কোনো সাহিত্য গ্রন্থ লাভ করতে পারে নি। কেননা এতে প্রকৃত উৎকৃষ্ট সাহিত্য ও অলঙ্কারের সমন্বয় ঘটেছে। এর শব্দ ভাণ্ডারের পরিব্যপ্তি বিশাল। সাহিত্যালঙ্কারের বেয়াড়া নীতিমালাগুলো ছিল তাঁর আওতাধীন। ...... যেন শব্দ, ভাষা ও অলঙ্কারের ভাণ্ডারের সম্পূর্ণ নিয়ন্ত্রণ তাঁর হাতে রয়েছে, তিনি যেভাবে ইচ্ছা শব্দ চয়ন করেন ও তার বিন্যাস করেন।" –[মু'জামুল উদাবা, ৪খ., পৃ. ৬০০]

প্রখ্যাত ইতিহাসবিদ নিকলসন বলেন, মাকামাতে হারীরী বসরাবাসীর প্রাচীন ঐতিহ্য ও সভ্যতা-সংস্কৃতির এক অনুপম নিদর্শন।

মাকামাতে হারীরীর ভাষ্যকার প্রখ্যাত নাহ্‌ববিদ আবুল ফাত্‌হ নাসির ইবনে আব্দুস-সায়্যিদ আল-মুতাররিযী [মৃত্যু : ৬১০ হি.] বলেন,

Free @ www.e-ilm.weebly.com

إِنِّيْ لَمْ أَرَنِي كُتُبِ الْعَرَبِيَّةِ وَالْأَدَبِ، وَلَا فِيْ تَصَانِيْفِ الْعَجَمِ وَالْعَرَبِ، كِتَابًا أَحْسَنَ تَالِيْفًا، وَأَعْجَبَ تَصْنِيْفًا، وَأَغْرَبَ تَرْصِيْفًا، وَأَشْمَلَ لِلْعَجَائِبِ الْعَرَبِيَّةِ، وَأَجْمَعَ لِلْغَرَائِبِ الْأَدَبِيَّةِ، مِنَ الْمَقَامَاتِ الَّتِيْ أَنْشَأَهَا الْحَرِيْرِيُّ إِنْشَاءً، فَاخِرٌ وَكِتَابٌ بَاهِرٌ ، وَتَصْنِيْفٌ عَجِيْبٌ مُعْجِزٌ، نِعْمَ كِتَابٌ بَدِيْعٌ، لَهُ قَدْرٌ رَفِيْعٌ، قَدْتَمَّتْ حَسَنَاتُهُ، وَدَلَّتْ عَلَى الْإِعْجَازِ آيَاتُهُ". (كَشْفُ الظُّنُوْنِ ، ج ٢ ، ص ١٧٨٩)

"আরবি ভাষা ও সাহিত্যের গ্রন্থরাজির মধ্যে এবং আরব ও অনারবদের রচনাবলির ভাণ্ডারে হারীরী রচিত মাকামাতের চেয়ে উৎকৃষ্ট, বিমুগ্ধকর ও অতিশয় সুবিন্যাস্ত গ্রন্থ এবং আরবি ভাষার বিস্ময়কর বিষয়াদি ও আরবি সাহিত্যের দুর্লভ রত্নমালায় সমৃদ্ধ কোনো রচনা আমি দেখিনি। মাকামা একটি গৌরবজনক সৃষ্টি, প্রসিদ্ধ গ্রন্থ ও এক অনুপম বিস্ময়কর রচনা। একটি এমন এক অভিনব গ্রন্থ যার মর্যাদা অনেক উর্ধ্বে, তার সমূহ সৌন্দর্য পূর্ণতা পেয়েছে এবং তার নিদর্শনসমূহ তার অনুপমত্বের স্বাক্ষর বহন করে।" -[কাশফুজ জুনূন, ২খ., পৃ. ১৭৮৯]

ড. যকী মুবারক [মৃত্যু : ১৩৭১ হি.] তাঁর اَلنَّثْرُ الْفَنِّيُّ فِى الْقَرْنِ الرَّابِعِ গ্রন্থে লেখেন, যারা মাকামা সাহিত্য দ্বারা প্রভাবান্বিত, তারা যখন মাকামা সাহিত্যের অনুসরণ করতে সচেষ্ট হন তখন তাদেরকে আমরা হারীরীর শিষ্য ও অনুসারী হিসেবে দেখতে পাই। অনেকেই হারীরীর ন্যায় শাব্দিক অলঙ্কারের প্রতি সযত্ন দৃষ্টি রেখে সাহিত্য রচনায় প্রয়াসী হয়েছেন, কিন্তু তাদের মধ্যে কম সংখ্যকই হারীরীর স্বভাবজাত সৃজনশীলতাকে রপ্ত করতে সমর্থ হয়েছেন।

আল্লামা যমখশরী [মৃত্যু : ৫৩৮ হি.] হারীরী ও তাঁর মাকামাত সম্পর্কে প্রশংসা করতে গিয়ে লিখেন :

أُقْسِمُ بِاللّٰهِ وَ أٰيَاتِهِ ۝ وَ مَشْعَرِ الْحَجِّ وَ مِيْقَاتِهِ
إِنَّ الْحَرِيْرِيَّ حَرِيٌّ بِأَنْ ۝ تَكْتُبَ بِالتِّبْرِ مَقَامَاتِهِ
مُعْجِزَةٌ تُعْجِزُ كُلَّ الْوَرٰى ۝ وَلَوْ سَرَوْا فِيْ ضَوْءِ مِشْكَاتِهِ

"আল্লাহ, তাঁর নিদর্শনাবলি, হজের স্থান ও তার মীকাতের কসম করে বলছি, নিশ্চয় হারীরী এ সম্মানের উপযুক্ত যে, তুমি তাঁর মাকামাত সোনার অক্ষরে লিখে রাখবে। মাকামা একটি অলৌকিক নিদর্শন, যা সমগ্র সৃষ্টিকুলকে [এ রূপ অবদান উপস্থাপনে] অক্ষম করে দেয়; যদিও তারা তাঁর প্রদীপদানের আলোতে চলে না কেন।"

মুহাম্মদ ইবনে আবুল কাসিম ইবনে আলী ওরফে ইবনে যাফার আল-মক্কী (মৃত্যু : ৫৯৮ হি.) বলেন :

كِتَابُ مَقَامَاتِ الْحَرِيْرِيِّ اٰيَةٌ ۝ وَصَاحِبُهُ أَبْدٰى بِهٖ كُلَّ مُعْجِزٍ
وَأَوْضَحَ بُرْهَانَ الْاَئِمَّةِ نَاضِرًا ۝ غَوَامِضُهُ أَعْجَبُ بِهٖ مِنْ مُبْرَزٍ
فَلَيْسَ عَلٰى مِنْوَالِهٖ نَسْجُ نَاسِجٍ ۝ وَنَاهِيْكَ مِنْ سِحْرٍ حَلَالٍ مُجَوَّزٍ
أَرَاهُ حَرِيْرًا وَالْحَرِيْرِيُّ حَاكَهُ ۝ وَطَرَّزَهُ الشَّيْخُ الْإِمَامُ الْمُطَرِّزِي

"হারীরী-রচিত মাকামাত গ্রন্থখানি একটি নিদর্শন। এ গ্রন্থটি দ্বারা লেখক তার পূর্ণ অলৌকিক শক্তি প্রদর্শন করেছেন। তিনি ভাষাবিদ ইমামগণের দলিল-প্রমাণ প্রোজ্জ্বল ও সুস্পষ্টরূপে উপস্থাপন করেছেন। মাকামাতের গূঢ় রহস্যগুলো তার প্রকাশ্য বিষয়ের চেয়ে বেশি বিমুগ্ধকর। কোনো বয়নকারী [সাহিত্য-রচয়িতা কোন সাহিত্য-রচনা] হুবহু এ আঙ্গিকে বয়ন করতে পারে নি। বৈধ ও অনুমোদিত যাদু স্বরূপ তোমার জন্য এটিই যথেষ্ট। আমি মনে করি, মাকামাত গ্রন্থখানি যেন রেশমের কাপড়। আর আল্লামা হারীরী, তা বয়ন করেছেন। আর তার উপরে শায়খ ইমাম মুতাররিযী অলঙ্কারের কারুকার্য খচিত করেছেন।"

মাকামাতে হারীরীর সাহিত্য সমালোচনা :

ইমাম আবূ মুহাম্মদ আব্দুল্লাহ ইবনে আহমদ ইবনে আহমদ আল-বাগদাদী আল-মুহাদ্দিস আল-লুগাবী ওরফে ইবনুল খাশশাব [মৃত্যু : ৫৬৭ হি.] মাকামাতে হারীরীতে কিছু কিছু শব্দের ব্যবহার ও বাগ্ধারা প্রয়োগের উপর আপত্তি উত্থাপন করে একখানি স্বতন্ত্র রিসালা প্রণয়ন করেন। তাঁর নাম : نَقْدُ الْمَقَامَاتِ الْحَرِيْرِيَّةِ

এর জবাবে ইমাম আবূ মুহাম্মদ আব্দুল্লাহ ইবনে আবুল ওয়াহশ বাররী ইবনে আব্দুল জাব্বার আল-মাকদিসী ছুম্মাল মিসরী আন-নাহ্‌বী [মৃত্যু : ৫৮২ হি.] হারীরীর পক্ষ সমর্থন করে আর একটি রিসালা প্রণয়ন করেন। রিসালাটির নাম : اَلرَّدُّ عَلَى ابْنِ الْخَشَّابِ

তারপর উভয়ের পক্ষ বিপক্ষ অবলম্বনের বিষয়ে ফয়সালামূলক একটি রিসালা প্রণয়ন করেন মাকামাতের অপর এক ভাষ্যকার মুওয়াফফাকুদ্দীন আব্দুল লতীফ ইবনে ইউসুফ আল-বাগদাদী [মৃত্যু : ৬২৯ হি.]। তাঁর রচিত এ রিসালাটির নাম : اِنْتِصَافٌ بَيْنَ ابْنِ بَرِّيْ وَابْنِ الْخَشَّابِ فِيْ كَلَامِهِمَا عَلَى الْمَقَامَاتِ لِلْحَرِيْرِيِّ

হারীরীর মাকামাতের মোকাবিলায় অপর একটি মাকামাত গ্রন্থ রচয়িতা আলী ইবনে বাস্‌সাম আশ-শানতারীনী আল-আন্দালুসী [মৃত্যু : ৫৪২ হি.] তাঁর মাকামায় বলেন,

إِنَّ الْحَرِيْرِيَّ أَوْرَدَ اللُّغَاتِ الْوَعْرَةَ وَأَظْهَرَ الْمَعَانِي الْعَسِرَةَ وَإِنَّهُ وَضَعَ كَرِيْمَ الطَّرِيْقَيْنِ لَا بِكَثِيْرٍ يُمِلُّ وَلَا بِوَجِيْزٍ يَقِلُّ ـ

"হারীরী তাঁর মাকামাতে দুর্বোধ্য শব্দাবলি ব্যবহার করেছেন এবং কঠিন বিষয়বস্তু উপস্থাপন করেছেন। পক্ষান্তরে তিনি উপরিউক্ত উভয় পন্থার মাঝামাঝি একটি পছন্দনীয় পন্থা উদ্ভাবন করেছেন। তিনি একে বিরক্তিকর দীর্ঘ করেন নি এবং অতি সংক্ষেপও করেন নি।" -[কাশফুজ জুনূন ২খ., পৃ. ১৭৮৪]

বলাবাহুল্য যে, ইবনে বাস্‌সামের এ মন্তব্য সমাদৃত হয়নি এবং তাঁর মাকামাত গ্রন্থটিও কোনোরূপ গ্রহণযোগ্যতা পায়নি। আর এটা স্বীকৃত কথা যে, যারা মাকামা সাহিত্য রচনা করেছেন তাদের কারও গ্রন্থই হারীরীর মাকামাতের শত ভাগের এক ভাগও আরবি সাহিত্যের আসরে মর্যাদা পায়নি।

আধুনিককালের পাশ্চাত্য লেখক-সাহিত্যিকগণ হারীরীর মাকামা সাহিত্যকে ভিন্ন দৃষ্টিকোণ থেকে সমালোচনা করেন। তারা মাকামাতের কাহিনী সংক্ষিপ্ততা ও কাহিনীগুলোর সারবস্তুর অভিন্নতা নিয়ে আপত্তি তোলেন। তারা আরও বলেন, লেখক মাকামাগুলোতে প্রাচীন পাশ্চাত্য ও গ্রীক লেখকদের অনুরূপ কাহিনীমালার রূপায়ন করতে চেষ্টা করেন নি। তিনি কেবল শব্দের সৌন্দর্য ও গাঁথুনির প্রতি মনোনিবেশ করেছেন। পক্ষান্তরে বর্তমানকালের আরব সাহিত্যিকগণ বলেন, তাঁর মাকামাগুলো প্রায় একই ভাবনাকে বিভিন্ন আঙ্গিকে উপস্থাপনের নির্দিষ্ট গণ্ডির মধ্যে ঘুরপাক খায়। এর বাইরে যায় না। তা ছাড়া এসব কাহিনীর রচনা ও বর্ণনায় যে অস্বাভাবিকতা রয়েছে তা সেই বেদুইনী স্বভাবের সাথে খাপ খায় না, যার গাল্পিক চরিত্রের মাধ্যমে এগুলো উপস্থাপিত হয়েছে। -[যায়্যাত, তারীখুল আদাবিল আরাবী, পৃ. ১৭৭]

শায়খ আবুল হাসান আলী নদবী [মৃত্যু : ৩১ ডিসেম্বর ১৯৯৯ খৃ.] বলেন, "তারপর আল্লামা হারীরী এলেন এবং এক নেশাকর ও অনুপ্রাসময় লেখ্য পদ্ধতিতে মাকামাত রচনা করলেন। লোকেরা তাঁর গ্রন্থখানি গ্রহণ করে নিল। এর পঠন-পাঠন, ব্যাখ্যা-বিশ্লেষণ, এর রচনাশৈলীর অনুকরণ-অনুসরণ ও একে আত্মস্থ করার কাজে মুসলিম বিশ্ব বুঁদ হয়ে পড়ল। সাহিত্য ও গবেষণার শিক্ষালয়গুলোতে এর চর্চা প্রসারিত হলো। এক দীর্ঘ সময় পর্যন্ত মানুষের মেধা ও লেখনীর উপর একটি সাহিত্যগ্রন্থ তার প্রভাব বিস্তার করে থাকল। তবে এটা গ্রন্থখানির সাহিত্যগুণে নয়; বরং এজন্য যে, গ্রন্থখানি তখনকার মানুষের কামনা মাফিক হয়েছিল এবং মুসলিম বিশ্বের সাহিত্যের বন্ধ্যাত্ব ও স্থবিরতার যুগে এর আত্মপ্রকাশ ঘটেছিল!

-[মুখতারাত মিন আদাবিল আরাব ১খ., পৃ. ১৩ ভূমিকা]

স্মর্তব্য যে, বর্তমানকালের স্বভাবগতিসম্পন্ন সাহিত্যের সরল দেহে যদিও স্বভাবগতিহীন দুর্বোধ্য ও বিরস শব্দমালার বিন্যস্ত কণ্ঠহার এবং কৌশলী হতে বোনা অনুপ্রাসময় গদ্যের বাহারী আলখেল্লা কিছুটা বেমানান বা সেকেলে ধাঁচের মনে হয়, তবুও এটা শব্দ ও অলঙ্কারের অবাধ্য অশ্বগুলোকে চাবুক ছাড়াই বসে আনার উৎকৃষ্ট উপায় বটে। তাই এটি যুগে যুগে সমাদৃত হয়েছে এবং এর আবেদন অক্ষুণ্ন রয়েছে।

মাকামাতে হারীরীর দরস : আল্লামা তাশকুবরা যাদাহ ও ইতিহাসবিদ ইবনে খাল্লিকান লেখেন যে, আল্লামা হারীরী নিজ হাতেই মাকামাতের সাত শ' কপি লিখেছিলেন। এ সব কপিই তাঁর সামনে পঠিত হয়েছিল। এতে অনুমিত হয় যে, কত সাহিত্যরসিক তাঁর কাছে এ মাকামাত পড়েছিলেন। তন্মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য লেখকের তিন পুত্র ১. নাজমুদ্দীন আব্দুল্লাহ, ২. যিয়াউল ইসলাম উবায়দুল্লাহ, ৩. আবুল আব্বাস মুহাম্মদ। এছাড়াও আরও যাঁরা রয়েছেন তাঁদের মধ্যে : ৪. শরফুদ্দীন আলী ইবনে তিরাদ আয-যায়নাবী, ৫. কিওয়ামুদ্দীন আলী ইবনে সাদাকা, ৬. জাবির ইবনে যুহায়র, ৭ শরীফ আবূ আলী আল-হাসান ইবনে জা'ফার ইবনে আব্দুস সামাদ ইবনুল মুতাওয়াক্কিল 'আলাল্লাহ ৮. আবুল ফযল ইবনে নাসির আল-হাফেজ, ৯. আবূ বক্‌র আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ ইবনে আহমদ ইবনুন-নুকূর, ১০. মুহাম্মদ ইবনে আলী ইবনে আব্দুল্লাহ ওরফে ইবনে হামদান আল-হিল্লী।

Free@www.e-ilmweebly.com

মাকামাতে হারীরী : যত্ন ও কর্ম : সাহিত্যগত মান ও বৈশিষ্ট্যের কারণে মাকামাতে হারীরী রচনার পর থেকে অদ্যাবধি জ্ঞানী-গুণী ও সাহিত্যিকদের দৃষ্টি-গবেষণার বিষয় হিসাবে বিবেচিত হয়ে আসছে। কোনো কালেই মাকামাতে হারীরী উপেক্ষার শিকার হয় নি। আরবি, ফারসি, তুর্কী, ইবরানী, ফরাসী, জার্মান, ইংরেজী, ল্যাটিন, উর্দূ, বাংলা ইত্যাদি ভাষায় মাকামাতের ব্যাখ্যা-বিশ্লেষণ, টীকা-টিপ্পনী ও অনুবাদের কাজ হয়েছে।

তা ছাড়া মাকামাতে হারীরী রচনার পর থেকে এ পর্যন্ত প্রায় নয়শ' বছরের অধিকাল যাবৎ আরবি সাহিত্যের এক অনবদ্য রচনা হিসাবে মদ্রাসার ক্লাসে পাঠ্যভুক্ত রয়েছে।

প্রখ্যাত ফরাসী প্রাচ্যবিদ এনটন আইজেক সিলভেষ্টার ডি সেসী [মৃত্যু : ১২৫৩ হি./ ১৮৩৮ খৃ.] মূল আরবি মাকামাত ১৮২২ খ্রিস্টাব্দে এবং অপর একজন ফরাসী লেখক ১৮৪৭ খ্রিস্টাব্দে ফরাসী ভাষায় রচিত ভাষ্য সহকারে দুই খণ্ডে প্যারিস থেকে প্রকাশ করেন। ষ্টনিজস ১৮৯৬ খ্রিস্টাব্দে মাকামাত গ্রন্থখানি ইংরেজি ভাষ্য সহকারে লন্ডন থেকে প্রকাশ করেন। ইউরোপের বিভিন্ন গ্রন্থাগারে মাকামাতে হারীরীর বহু হস্তলিখিত কপি পাওয়া যায়। বৃটেনের জাদুঘরে ৬৫৪ হিজরিতে লিখিত ও প্রায় একাশিটি রঙ্গীন ছবি সহকারে কারুকার্যকৃত একটি কপি বিদ্যমান রয়েছে। অপর এক ইংরেজ লেখক ইংরেজিতে মাকামাতে হারীরীর অনুবাদ করেছেন, যা ছয়শ'র অধিক পৃষ্ঠায় ১৮৫০ খ্রিস্টাব্দে লন্ডন থেকে প্রকাশিত হয়। এ ছাড়াও খ্যাতনামা ফরাসী প্রাচ্যবিদ চেজি [CHEZY = মৃত্যু : ১৮৩২ খৃ.] প্রমুখ মাকামাতে হারীরীর ইংরেজিতে অনুবাদ করে একটি ভূমিকা ও ভাষ্য সহকারে প্রায় এক হাজার পৃষ্ঠায় দুই খণ্ডে ১৮৯৮ খ্রিস্টাব্দে লন্ডন থেকে প্রকাশ করেন। ল্যাটিন ভাষায়ও এর অনুবাদ হয়েছে, যা ১৮৩২ খ্রিস্টাব্দের মধ্যে জার্মানীর বাণিজ্যিক রাজধানী হামবুর্গ থেকে ৩ খণ্ডে প্রকাশিত হয়েছে। মুহাম্মদ শামসুদ্দীন নামক এক ব্যক্তি ফারসি ভাষায় মাকামাতের অনুবাদ করেন, যা ১২২৩ হিজরিতে ভারতের লক্ষ্ণৌ থেকে প্রকাশিত হয়েছে। মুহাম্মদ তাহের সালাম রুমী নামক এক তুর্কী লেখক তুর্কী ভাষায় এর অনুবাদ ও ভাষ্য রচনা করেছেন এবং তা কনস্টান্টিনোপল থেকে প্রকাশিত হয়েছে। জনৈক ইবরানী ভাষার লেখক এর ইবরানী ভাষায়ও অনুবাদ করেছেন। বাংলা ভাষায়ও এর অনুবাদ ও ব্যাখ্যা-বিশ্লেষণ প্রকাশিত হয়েছে।

আরবি ও উর্দূ ভাষায় মাকামাতে হারীরীর সর্বাধিক ব্যাখ্যা-বিশ্লেষণ, টীকা-টিপ্পনী ও অনুবাদ প্রকাশিত হয়েছে। নিম্নে কতিপয় আরবি ভাষ্যগ্রন্থের নাম বিশেষভাবে উল্লেখ করা হচ্ছে।

উল্লেখ্য যে, এসব ভাষ্যগ্রন্থের নাম, লেখকের পরিচয় ও তাঁদের মৃত্যু-সনের উল্লেখের ক্ষেত্রে 'কাশফুজ জুনূন'-এর বর্ণনায় বেশ বিভ্রান্তি রয়েছে। এখানে যথেষ্ট অনুসন্ধানের পর সঠিক তথ্য পরিবেশনের চেষ্টা করা হয়েছে।

১. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : আবূ আব্দুল্লাহ/আবূ উবায়দুল্লাহ মুহাম্মদ ইবনে আলী ইবনে আহমদ ওরফে ইবনে হুমায়দা মতান্তরে হামীদা আল-হিল্লী [মৃত্যু : ৫৫০ হি.]।

২. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : আবূ সাঈদ মুহাম্মদ ইবনে আলী ইবনে আব্দুল্লাহ ইবনে আহমদ ওরফে ইবনে হামদান আল-হিল্লী [মৃত্যু : ৫৬১ হি.]। এ ভাষ্যকার স্বয়ং মাকামাত-প্রণেতা আল্লামা হারীরীর নিকট মাকামাত গ্রন্থখানি অধ্যয়ন করেন।

৩. اَلْمُطَوَّلُ – লেখক : আবূ আব্দুল্লাহ মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ ইবনে যাফার আল-মাক্কী আস-সিকিল্লী আল-মালিকী [মৃত্যু : ৫৬৫ হি.]। এ লেখক মাকামাতের ছোট ও বড় দু'টি শরাহ লিখেন।

৪. اَلتَّنْبِيْهُ عَلٰى مَا فِى الْمَقَامَاتِ مِنَ الْغَرِيْبِ – এটি পূর্ববর্তী লেখকের দ্বিতীয় এবং ছোট শরাহ।

৫. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : আবুল মুজাফফর মুহাম্মদ ইবনে আস'আদ ইবনে মুহাম্মদ ইবনে নাস্‌র ওরফে ইবনে হাকীম আল-হালীমী আল-হানাফী [মৃত্যু : ৫৬৭ হি.]।

৬. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : আবূ বকর মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ ইবনে মায়মূন আল-আবদারী আল-কুরতুবী [মৃত্যু : ৫৬৭ হি.]।

৭. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : ইমাম আবূ মুহাম্মদ আব্দুল্লাহ ইবনে আহমদ ইবনে আহমদ ইবনে আহমদ আল-বাগদাদী আল-মুহাদ্দিস আল-লুগাবী ওরফে ইবনুল খাশশাব [মৃত্যু : ৫৬৭ হি.]। তিনি মাকামাতের এ ভাষ্যগ্রন্থ রচনা ছাড়াও হারীরীর মাকামাত গ্রন্থে কিছু কিছু শব্দের ব্যবহার ও বাগধারা প্রয়োগের ব্যাপারে আপত্তি উত্থাপন করে একটি স্বতন্ত্র রিসালা প্রণয়ন করেন।

৮. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : আবূ মুহাম্মদ হারূন ইবনুল আব্বাস ইবনুল মামূন আল-আব্বাসী আল-মামূনী আল-বাগদাদী [মৃত্যু : ৫৭২ হি.]।

Free @ www.e-ilm.weebly.com

৯. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : ইমাম আবুল বারাকাত আব্দুর রহমান ইবনে আবুল ওয়াফা মুহাম্মদ আল-আনবারী আন-নাহবী [মৃত্যু : ৫৭৭ হি.]। তিনি মাকামাতের কঠিন শব্দাবলির বিশ্লেষণ করেন।

১০. مَغَانِي الْمَقَامَاتِ فِيْ مَعَانِي الْمَقَامَاتِ – লেখক : ইমাম আবূ সাঈদ মুহাম্মদ ইবনে আব্দুর রহমান ইবনে মুহাম্মদ ইবনে মাসউদ আল-মাসউদী আল-ফাঞ্জদীহী [মৃত্যু : ৫৮৪ হি.]। লেখক গ্রন্থখানির শুরুতে একটি অতি উঁচুমানের ভূমিকা রচনা করেন, যা সাহিত্যে তাঁর দক্ষতা ও পাণ্ডিত্যের স্বাক্ষর বহন করে।

১১. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : শায়খ আবুল খায়র সালামা ইবনে আব্দুল বাকী ইবনে সালামা আয-যারীর (اَلضَّرِيْرُ) আন-নাহবী [মৃত্যু : ৫৯০ হি.]। এটি একটি সংক্ষিপ্ত শরাহ। ইবারত ও শরাহ সংমিশ্রিত আকারে রচনা করা হয়েছে।

১২. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : আবূ জা'ফর আহমদ ইবনে দাউদ ইবনে ইউসুফ আল-জুযামী [মৃত্যু : ৫৯৭ মতান্তরে ৫৯৮ হি.]।

১৩. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : সাফীউদ্দীন (صَفِيُّ الدِّيْنِ) আব্দুল কারীম ইবনুল হুসাইন ইবনে জা'ফার আল-লুগাবী আল-বা'লাবাকী [মৃত্যু : ৬০০ হি.]।

১৪. اَلنُّكَتُ الْمُنْجِمَاتُ فِيْ شَرْحِ الْمَقَامَاتِ – লেখক : মুহাযযাবুদ্দীন আবুল হাসান আলী ইবনুল হাসান ইবনে আনতার ইবনে সাবেত ওরফে শুমায়ম আল-হিল্লী [মৃত্যু : ৬০১ হি.]। এটি এক খণ্ডে রচিত একটি সংক্ষিপ্ত শরাহ। এতে قَالَ বলে 'মতন' উল্লেখ করা হয়েছে এবং اَقُوْلُ বলে শরাহ করা হয়েছে। এতে মাকামাতের দুর্বোধ্য ও কঠিন শব্দাবলির বিশ্লেষণ করা হয়েছে।

১৫. اَلْإِيْضَاحُ – লেখক : ইমাম আবুল ফাত্হ নাসির ইবনে আব্দুস সায়্যিদ আল-মুতাররিযী আল-নাহবী [মৃত্যু : ৬১০ হি.]। তিনি তাঁর এ ভাষ্য গ্রন্থের শুরুতে ইলমুল মাআনী, ইলমুল বায়ান ও ইলমুল বাদী,-এর নিয়ম-কানুন উল্লেখ করেছেন।

১৬. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : আবুল বাকা'আব্দুল্লাহ ইবনুল হুসাইন আল 'উকবারী আন-নাহবী [মৃত্যু : ৬১৬ হি.]। তিনি ছোট কলেবরে একটি সংক্ষিপ্ত শরাহ রচনা করেন।

১৭. اَلتَّوْضِيْحُ – লেখক : কাসিম ইবনুল হুসাইন আল-খুওয়ারিযমী আন-নাহবী ওরফে সদরুল আযাফিল [শাহাদাত : ৬১৭ হি., তাতারীদের গণ-হত্যার সময়]।

১৮. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : আবূ আব্দুল্লাহ মুহাম্মদ ইবনে সুলায়মান ইবনে আহমদ ইবনে ইবরাহীম আয-যুহ্রী আল-ইশবীলী [শাহাদাত : ৬১৭ হি.]।

১৯. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : আবুল আব্বাস আহমদ ইবনে আব্দুল মু'মিন "আল-কায়সী আশ-শারীশী [মৃত্যু : ৬১৯]। বর্ণিত আছে যে, তিনি মাকামাতের ছোট বড় ও মাঝারি মোট তিনটি শরাহ রচনা করেন। লেখক তাঁর বড় শরাহটিতে মাকামাতের বিশ্লেষণ সম্পর্কিত কোনো প্রয়োজনীয় আলোচনা বাদ দেননি। ফলে তাঁর এ শরাহখানি ইতঃপূর্বে রচিত মাকামাতের অন্যান্য শরাহের প্রয়োজনীয়তা দূর করে দেয়। তিনি আল-ফাঞ্জদীহী রচিত শরাহ থেকে প্রচুর পরিমাণে সাহায্য গ্রহণ করেছেন। এটি কোথাও দুখণ্ডে, আবার কোথাও কোথাও পাঁচ খণ্ডে প্রকাশিত হয়েছে। মাঝারি শরাহটিতে তিনি দীর্ঘ কোনো আলোচনা ব্যতিরেকে কেবল কঠিন শব্দাবলির বিশ্লেষণ করেছেন। এরপর সিজিলমাসা'র অধিবাসীরা যখন তাঁকে একটি অতি সহজ শরাহ রচনা করার জন্য আবেদন করেন তখন তিনি সংক্ষিপ্তাকারে ছোট্ট শরাহটিতে প্রণয়ন করেন।

২০. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : কামালুদ্দীন আবূ মুহাম্মদ আল-কাসিম ইবনুল কাসিম আল-ওয়াসিতী আন-নাহ্বী [মৃত্যু : ৬২৬ হি.]। তিনি প্রথমে মাকামাতের শব্দাবলিকে বর্ণভিত্তিক বিন্যাস করে একটি শরাহ প্রণয়ন করেন। তারপর মাকামাতের তারতীবে আরও দু'টি শরাহ রচনা করেন।

২১. نِهَايَةُ الْمَقَامَاتِ فِيْ دِرَايَةِ الْمَقَامَاتِ – লেখক : আবুল হাজ্জাজ ইউসুফ ইবনে ইয়াহইয়া ইবনে ঈসা ইবনে আব্দুর রহমান ওরফে ইবনুয যায়্যাত আত-তাদালী আল-লুগাবী [মৃত্যু : ৬২৭ হি.]।

Free @ www.eilm.weebly.com

২২. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : মুওয়াফফাকুদ্দীন আব্দুল লতীফ ইবনে ইউসুফ আল-বাগদাদী [মৃত্যু : ৬২৯ হি.]। ইমাম সুয়ূতী (র.) বলেন, মাকামাত সম্পর্কে ইবনুল খাশশাব [মৃত্যু : ৫৬৭ হি.] ও ইবনে বাররী [মৃত্যু : ৫৮২ হি.]-এর পক্ষ-বিপক্ষ সমর্থনের ব্যাপারে এ লেখক ফয়সালামূলক একটি গ্রন্থ রচনা করেন। গ্রন্থটির নাম :

اَلْإِنْصَافُ بَيْنَ ابْنِ بَرِّيْ وَابْنِ الْخَشَّابِ فِيْ كَلَامِهِمَا عَلَى الْمَقَامَاتِ لِلْحَرِيْرِيِّ

২৩. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : কাযী আবুল আব্বাস আহমদ ইবনুল মুজাফফর আর-রাযী [মৃত্যু : ৬৪২ হি.]। লেখক এ গ্রন্থে পূর্ববর্তী শরাহ রচয়িতাদের ভুলত্রুটিও নির্দেশ করেছেন।

২৪. اَلْمُوْضِحُ – লেখক : তাজুদ্দীন নু'মান ইবনে ইবরাহীম ইবনুল খলীল আয-যারনূজী [মৃত্যু : ৬৪০ মতান্তরে ৬৪৫ হি.]।

২৫. كُنُوْزُ الْبَرَاعَةِ وَلَطَائِفُ رُمُوْزِ الْبَرَاعَةِ – লেখক : শামসুদ্দীন মুহাম্মদ ইবনে আবূ বকর ইবনে আব্দুল কাদির আর-রাযী [মৃত্যু : ৬৬০ হি.]।

২৬. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : শায়খ তাজুদ্দীন আবূ তালিব আলী ইবনে আনজাব ইবনে উসমান ইবনে আব্দুল্লাহ ওরফে ইবনুস সা'ঈ আল-বাগদাদী [মৃত্যু : ৬৭৪ হি.]। এ শরাহটি ২৫ খণ্ডে সমাপ্ত হয়েছে।

২৭. غُرَرُ الْمَعَانِيْ وَالنِّكَاتُ فِيْ شَرْحِ الْمَقَامَاتِ – লেখক : আবুল মা'আলী আল-মুজাফফর ইবনে সা'দুদ্দীন মুহাম্মদ ইবনুল ইমাম যায়নুদ্দীন মুজাফফর ইবনুল ইমাম রূযবাহান [মৃত্যু সন অজ্ঞাত]।

২৮. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : মুহাম্মদ ইবনে আবুল কাসিম ইবনে আব্দুল্লাহ আল-জুব্বায়ী আস-সাকসাকী ওরফে ইবনুল মু'আল্লিম [মৃত্যু : ৭১৬ হি.]। উক্ত গ্রন্থে লেখক উল্লেখ করেন যে, তিনি মুহাম্মদ ইবনে আবূ নূহ কর্তৃক অনুলিপিকৃত মাকামাতের একটি কপি পান। উক্ত কপিতে উল্লেখ রয়েছে যে, অনুলিপিকারক গ্রন্থখানি তাঁর শিক্ষকের নিকট থেকে শুনেছেন। তারপর ভাষ্যকার হারীরীর রিসালা সীনিয়্যা ও রিসালা শীনিয়্যাসহ ভাষ্যগ্রন্থ প্রণয়ন করেন। তিনি ৬৯১ হিজরিতে ভাষ্যগ্রন্থখানি সমাপ্ত করেন।

২৯. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : আবু'র-রাবী' নাজমুদ্দীন সুলায়মান ইবনে আব্দুল কাবী (عَبْدُ الْقَوِيْ) ইবনে আব্দুল কারীম আত-তূফী আস-সারসারী আল-হাম্বলী [মৃত্যু : ৭১৬ হি.]।

৩০. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : মাজহারুদ্দীন হুসাইন ইবনে মাহমূদ ইবনুল হাসান আয-যায়দানী আয-যারীর (اَلضَّرِيْرُ) আশ-শীরাযী [মৃত্যু : ৭২৭ হি.]। এটি একটি বৃহৎ খণ্ডে প্রণীত ভাষ্যগ্রন্থ।

৩১. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : মুহাম্মদ ইবনে মুহাম্মদ ইবনে আহমদ ইবনে মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ সাজমান আল-ওয়ায়িলী আল-বাকরী আশ-শাফেয়ী ওরফে ইবনুশ শারীশী [মৃত্যু : ৭৭০ হি.]।

৩২. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : ফখরুদ্দীন আহমদ ইবনে মুহাম্মদ ইবনে মুহাম্মদ আস-সাহিব আল-মিস্‌রী ওরফে ইবনুস সাহিব [মৃত্যু : ৭৮৮ হি.]। তিনি মাকামাতের একটি অংশের শরাহ প্রণয়ন করেন।

৩৩. اَلدُّرَرُ الْمَنْظُوْمَةُ مِنَ النُّكَتِ الْمَفْهُوْمَةِ – লেখক : শিহাবুদ্দীন আবুত-তায়্যিব আহমদ ইবনে মুহাম্মদ ইবনে আলী ইবনে হাসান ইবনে ইবরাহীম আল-আনসারী আল-খাযরাজী ওরফে আশ-শিহাবুল হিজাযী [মৃত্যু : ৮৭৫ হি.]। তিনি মাকামাতের সাহিত্য সংক্রান্ত তাত্ত্বিক বিষয়াদিকে পৃথক করে একস্থানে সন্নিবেশিত করে এ স্বতন্ত্র গ্রন্থটি রচনা করেছেন।

৩৪. مُخْتَصَرُ شَرْحِ الْمَقَامَاتِ لِلشَّرِيْشِيِّ – লেখক : পূর্বোক্ত শিহাবুদ্দীন আবুত-তায়্যিব আহমদ ইবনে মুহাম্মদ ইবনে আলী ইবনে হাসান ইবনে ইবরাহীম আল-আনসারী আল-খাযরাজী। এতে লেখক আল্লামা শারীশীর বৃহৎ শরাহটিকে সংক্ষেপ করে একটি পৃথক শরাহ প্রস্তুত করেছেন।

Free @ www.eilm.weebly.com

৩৫. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : ইমাম আবু'ন-নাজা নাজমুদ্দীন আব্দুল গাফফার ইবনে ইবরাহীম ইবনে ইসমাঈল ইবনে আব্দুল্লাহ আল-আলাবী আয-যাবীদী আশ-শাফিয়ী [মৃত্যু সন অজ্ঞাত। তবে তাঁর ভাই আব্দুর রহমান ইবনে ইবরাহীম-এর মৃত্যু ৯২০ হিজরিতে হয়েছে। এ থেকে তাঁর জীবনকাল উক্ত সময়ের কাছাকাছি হবে বলে অনুমান করা যায়।]

৩৬. شَرْحُ الْمَقَامَاتِ – লেখক : শায়খ শামসুদ্দীন মুহাম্মদ ইবনে মুহাম্মদ আল-মাগরিবী আত-তুবুল্‌বী (اَلطُّبُلْبِيُّ) আত-তূনিসী [মৃত্যু : ৯৬২ হি.]। লেখক মাকামাতের শরাহ রচনা শুরু করে চব্বিশ মাকামা পর্যন্ত পৌঁছেন। এতে তিনি পাণ্ডুলিপির ষাটটি পাঠ লেখার পর ইনতিকাল করেন।

৩৭. تَكْمِلَةُ شَرْحِ الْمَقَامَاتِ لِلطُّبُلْبِيِّ – লেখক : আবুস সাউদ ইবনে মুহাম্মদ ইবনে আলী আল-কানফানী [মৃত্যু : ৯৬৬ হি.-এর পরে]। তিনি এটি তাঁর শায়খ [পূর্বোক্ত লেখক] মুহাম্মদ ইবনে মুহাম্মদ আত-তুবুল্‌বী আল-মাগরিবী আত-তূনিসী [মৃত্যু : ৯৬২ হি.] প্রণীত মাকামাতের অসম্পূর্ণ শরাহের সম্পূরক ভাষ্য হিসেবে রচনা করেন। এতে তিনি পূর্ববর্তী লেখকের শরাহের পর থেকে শুরু করে ২৪তম মাকামার ভাষ্য পূর্ণ করেন। তিনি ২৪তম মাকামার ভাষ্য রচনা থেকে ৯৬৬ হিজরিতে অবসর হন এবং অবশিষ্ট মাকামাগুলোর শরাহ লেখার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। কিন্তু তিনি পরবর্তীতে অবশিষ্ট মাকামাগুলোর ভাষ্য লিখতে সমর্থ হয়েছিলেন কিনা তা জানা যায়নি। তিনি ভাষ্যগ্রন্থের পাণ্ডুলিপি তৈরির সময় সম্পূর্ণ মাকামাতের 'মতন' শরাহের মাঝে লালকালি দ্বারা লিপিবদ্ধ করেন।

৩৮. اَلْمَقَالَاتُ الْجَوْهَرِيَّةُ عَلَى الْمَقَامَاتِ الْحَرِيْرِيَّةِ – লেখক : খায়রুদ্দীন ইবনে তাজুদ্দীন ইলইয়াস আল-মাদানী [মৃত্যু : ১১৩০ হি.-এর কাছাকাছি সময়ে]। এ শরাহখানি দু'খণ্ডে সমাপ্ত।

